SRIRAMAKRISHNA BHAGWATAM

# श्रीश्रीरामकृष्णभागवतम्

( इङ्ग-वङ्ग भाषानुवादसमलङ्कृत मूल संस्कृतमयम् )

वङ्गद्वीप निवासि गीताचार्य्याध्यापकप्रवर
श्रीयुक्त रामेन्द्रसुन्दर भक्तितीर्थ भट्टाचार्य्येण विरचितम्

महामहोपाध्याय महाचार्य्य श्रीयुक्त कालीपद तर्काचार्य्येण
सर्व्वतः परिदृष्टम्

मानविक विद्यासु भारतराष्ट्र जातीयाचार्य्येण
डक्टर श्रीयुक्त सुनीतिकुमार चट्टोपाध्याय महोदयेनानुमोदितम्

गभर्णमेण्टरेजिष्ट्रीकृतहस्तुग्राम चतुष्पाठी वास्तव्य पण्डितप्रवर
श्रीयुक्त काशीनाथ शास्त्रि वेदान्ततीर्थ एम, ए
भट्टाचार्य्येण सम्पादितम्

भारत सर्व्वकार साहाय्येन कलिकाता राजधान्यां श्राइडियाल प्रेस
इत्याख्य मुद्रायन्त्रालये मुद्रितम्

शकाब्दाः १८८८ ।

मूल्य — মূল্য ১৫°০০ টাকা।

Published by—

Kashi Nath Bhattacherjee
56/4, Grey Street,
Calcutta-6.







Price—Rs. 25.00

Printed by B. N. Ghosh at Ideal Press,
12/1, Hemendra Sen Street,
Calcutta—6.

SABHAPATI
VIDHANA-PARISAD
PASCIMA VANGA
KALIKATA

CHAIRMAN
LEGISLATIVE COUNCIL
WEST BENGAL
CALCUTTA.

July 6, 1961.

Pandit Sri Ramendra Sundar Bhaktitirtha is an eminent Sanskrit scholar of West Bengal, who has spent a life time in cultivating and teaching Sanskrit language and literature and philosophy in its various branches. He has been running a Sanskrit school of his own with Government assistance for over 60 years. Now at the age of 84 he has completed, after infinite labour, a fairly big Sanskrit work consisting of over 5000 verses on the life and teachings of Ramkrishna Paramhansa, including also the achievements of his disciples, Swami Vivekananda and others. This work has been composed in very fine style and is to be regarded as an outstanding original work in Sanskrit at the present day. Being a scholar and a teacher, Pandit Sri Bhaktitirtha is not in a position to print and publish it. The Sahitya Academy, among other things, also helps the publication of original Sanskrit works. Experts in Sanskrit, eminent teachers and professors of the subject have all spoken very highly of this work, and as far as I can judge from certain portions which have been read to me, I am also of the same opinion.

I shall indeed be very happy if the Sahitya Academy or some other Institution Governmental or otherwise, can sponsor the printing and publication of this work; and since the Government of India has declared its policy to help the propagation of Sanskrit, it would be only proper to support a book of this character with adequate financial assistance.

I trust the application forwarded by Pandit Sri Bhaktitirtha will receive sympathetic consideration.

Sd/- Suniti Kumar Chatterji
Emeritus Professor of Comparative Philology, University of Calcutta, and Chairman, West Bengal Legislative Council.

Chairman
West Bengal Legislative Council.

**বঙ্গানুবাদঃ—**

সভাপতি,
বিধান পরিষদ্
পশ্চিমবঙ্গ
কলিকাতা

মানবিক বিদ্যায় ভারত রাষ্ট্র জাতীয়াচার্য্য
ডাঃ শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের
মন্তব্যের বঙ্গানুবাদ
জুলাই [illegible], ১৯৬১

পণ্ডিত শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ পশ্চিমবঙ্গের একজন প্রখ্যাত সংস্কৃত পণ্ডিত। ইনি সংস্কৃত ভাষা, সাহিত্য এবং দর্শনশাস্ত্র প্রভৃতি বিষয়ে পরিশীলন ও অধ্যাপনা কার্য্যে জীবন অতিবাহিত করিয়াছেন, এবং ষাট বৎসর ধরিয়া সরকারের সাহার্য্য প্রাপ্ত হইয়া একটী সংস্কৃত চতুষ্পাঠী চালাইতেছেন। বর্ত্তমানে

চুরাশি বৎসর বয়সে স্বামী বিবেকানন্দ প্রভৃতি শিষ্যবর্গের কীর্ত্তিকলাপ সম্বলিত রামকৃষ্ণ পরমহংস দেবের জীবনী ও উপদেশাবলী উপজীব্য করিয়া পাঁচ হাজারের ও অধিক শ্লোক রচনা করিয়া একটি বিরাট সংস্কৃত কাব্য সম্পন্ন করিয়াছেন। অতি সুন্দর ভঙ্গিতে এই কাব্যটি রচনা করা হইয়াছে এবং বর্ত্তমান যুগে সংস্কৃত সাহিত্যে ইহা একটি অসাধারণ মৌলিক গ্রন্থ হিসাবে গণ্য হইবে। ভক্তিতীর্থ মহাশয় একজন পণ্ডিত এবং শিক্ষক, এজন্য ইঁহার পক্ষে এই গ্রন্থটি মুদ্রিত এবং প্রকাশিত করিবার পক্ষে যথেষ্ট সামর্থ্য নাই। ভারত সরকারের "সাহিত্য একাডেমী" এবং অনুরূপ প্রতিষ্ঠান সমূহ মূল সংস্কৃত গ্রন্থ সকলের মুদ্রণ ও প্রকাশনের ব্যপারে সাহায্য করিয়া থাকেন। বহু সংস্কৃত বিশারদ, প্রখ্যাত শিক্ষক এবং অধ্যাপকগণ এই গ্রন্থটির ভুরি-ভুরি প্রশংসা করিয়াছেন। এবং এই গ্রন্থটির যে সকল অংশ আমার গোচরে আনা হইয়াছে তাহা বিচার করিয়া আমিও অন্যান্য পণ্ডিতেব সহিত একমত পোষণ করি।

আমি অত্যন্ত আনন্দিত হইব যদি "সাহিত্য একাডেমী" অথবা অন্য যে কোন সরকারী বা বে-সরকারী প্রতিষ্ঠান এই গ্রন্থটি মুদ্রিত ও প্রকাশিত করিতে উদ্‌যোগী হন। ভারত সরকার সংস্কৃত ভাষার অনুশীলনের সহায়তা করিবার নীতি ঘোষণা করিয়াছেন। অতএব ভারত সরকার যদি এই গ্রন্থটির প্রকাশের ব্যাপারে যথেষ্ট আর্থিক সাহায্য করেন, তাহা হইলে ভারত সরকারের নীতির যোগ্য ব্যবস্থাই হইবে।

আমার বিশ্বাস পণ্ডিত শ্রীভক্তিতীর্থ মহাশয়ের আবেদন সহানুভূতির সহিত বিবেচনা করা হইবে !

স্বাঃ—সুনীতিকুমার চট্টোপাধ্যায়

ॐ हरिरोम्

विद्वत् कविवर श्रीरामेन्द्रसुन्दर भक्तितीर्थ कृत श्रीश्रीरामकृष्णभागवतस्य

महामहोपाध्याय श्रीकालीपद तर्काचार्य प्रदत्त प्रशस्तिपत्रम्।

भाषासुदैवतगवी किल भारतस्य, सर्व्वार्थवोधनविधौ शरणं पुरासीत्।
वेदास्तथास्मृति समूह मुखानि शास्त्रानितां गिरं
समुपजीव्य चरन्ति लोके॥ १

अद्यापि भारतपदे विषये पवित्रे पूजादिके शरणतामियमेव याति।
स्तोत्राणि दैवकवचानि च मङ्गलानि नाद्यापि किं
सुरगिरैव पठन्ति सन्तः॥ २

राष्ट्रेऽपि सम्प्रति विशेषविधि प्रवृत्तौ
दैव्या गिरैव मनुजाः शुभमाचरन्ति।
भाषान्तरादिहगुणो यदि नास्ति कश्चिद्
विज्ञान निष्ठित युगेऽपि कथं तदेवम्॥ ३

अस्त्रैव शक्तिरसमा सुरवाचि सिद्धा
मन्त्रादयः क्लिलतयैव ततो निबद्धाः।
तत् प्रत्ययादमरवाङ्मय मेव काव्यं
रामेन्द्रसुन्दर कविः किमपि प्रचक्रे॥ ४

श्रीमद्भागवतं व्यधत्त भगवान् व्यासः पवित्रं यथा
श्रीकृष्णस्य चरित्रमुज्वलरसं संश्रित्य चित्रक्रमम्।
तद्वद्वृत्तमुपाश्रितः परतरं श्रीरामकृष्णाश्रयं
नव्यं भागवतं व्यधात् सुमधुरं रामेन्द्र विद्वत् कविः॥ ५

सम्पूर्णं तदिदं मया रसमयं संवीक्षितं सादरं
येनान्तःकरणेऽजनिष्ट परमानन्दः सतां वाञ्छितः।
सत्काव्यं नियतं मतं मतिमतां तच्चेन्महामानवं
किञ्चित्संश्रयते तदाहि परमं तत् कोविदैरुच्यते॥ ६

Felicitation on Sri Sri Ramakrishna Bhagabatam written by Sri Ramendra Sundar Bhaktitirtha, from Mahamahopadyaya Sri Kalipada Tarkacharya. In ancient times, of all the languages, Sanskrit was the shelter of all knowledge and learning. The Vedas, the Smriti and all others shastras are propagated through the medium of Sanskrit, Even to-day, all holy rites and worship of gods are performed by using Sanskrit. Do not the devotees chant and recite hymns to gods in Sanskrit, even to-day ? Even now, all inaugural ceremonies sponsored by Government are staried with recital of hymns in Sanskrit. Why should it be so in this age of science, if Sanskrit do not command superiority to all other languages ? It is, therefore a self-evident truth that Sanskrit has some inherent uncommon qualitjes. That is why all incantations have been formed and embodied in Sanskrit. With this confidance in the force of Sanskrit language, Sri Ramendra Sunder has composed a poetical work in Sanskrit. Just as His Holiness Vyasdev composed Srimadbhagabatam with the brilliant and wonderful episodes of life and character of Shri Krishna, so also poet Ramendra Sunder has composed a wonderful epic poem on the life of Sri Ramakrishna Paramahansa. I, Kalipada Tarkacharya, have gone through this book and thereby my heart has been filled with divine joy which is longed for by all pious men. Good poetical works are always welcomed

by all wise and learned men. And if these are based on the life and character of a great man, scholars find greatest satisfaction in them. 1 to 6

বঙ্গানুবাদ ঃ—

পণ্ডিত কবি চূড়ামণি রামেন্দ্র সুন্দর ভক্তিতীর্থ বিরচিত শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতের মহামহোপাধ্যায় শ্রীযুক্ত কালীপদ তর্কাচার্য্য প্রদত্ত প্রশংসাপত্রের বঙ্গানুবাদ। পূর্ব্বকালে সমগ্র ভাষার মধ্যে একমাত্র সংস্কৃত ভাষাই সমগ্রবিষয়ের জ্ঞানের পক্ষে আশ্রয়স্থানীয় ছিল! বেদ এবং স্মৃতি প্রভৃতি শাস্ত্র সমূহ এই ভাষাকেই আশ্রয় করিয়া প্রচারিত হয়।১

আজ ও ভরেতবর্ষে পবিত্র দেব পূজাদি কার্য্যে এই সংস্কৃত ভাষাই অবলম্বন! দেবতা প্রভৃতির মঙ্গলময় স্তোত্র কবচাদি আজ ও কি সাধুগণ সংস্কৃত ভাষায়ই পাঠ করেন না। ২

সম্প্রতি রাষ্ট্রে ও বিশেষ কোনও উৎসবাদিকার্য্যের প্রারম্ভে সংস্কৃত ভাষাতেই জনগণ মঙ্গলাচরণ করিয়া থাকেন। অপর ভাষা অপেক্ষা যদি এই সংস্কৃত ভাষায় কোনও বিশেষত্ব না থাকে তবে এই বিজ্ঞানের যুগে ও এরূপ হইবে কেন? ।৩

অতএব সংস্কৃত ভাষায় যে অতুলনীয় শক্তি আছে ইহা প্রসিদ্ধ। সেই কারণে মন্ত্রাদি সকল ঐ ভাষায়ই নিবদ্ধ হইয়াছে। সংস্কৃত ভাষার সেই শক্তিতে বিশ্বস্ত হইয়াই কবি শ্রীরামেন্দ্র সুন্দর সংস্কৃত ভাষায়ই একখানি কাব্য রচনা করিয়াছেন। ৪

ভগবান ব্যাসদেব যেমন শ্রীকৃষ্ণের উজ্জ্বল রসময় আশ্চর্য্যজনক ক্রমযুক্ত চরিত্র অবলম্বন করিয়া শ্রীমদ্ভাগবত গ্রন্থ নির্ম্মাণ করিয়াছেন। সেইরূপ শ্রীশ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের উৎকৃষ্ট চরিত্র অবলম্বন করিয়া কবিবর রামেন্দ্র সুন্দর সুমধুর অভিনব ভাগবতগ্রন্থ প্রণয়ন করিয়াছেন।৫

এই রসাল কাব্যগ্রন্থখানি আমি শ্রীকালীপদ তর্কাচার্য্য অতি আদরের সহিত সম্পূর্ণ পর্য্যালোচনা করিয়াছি। যাহাতে আমার অন্তঃকরণে সাধুজনকাম্য

অপূর্ব্ব আনন্দের সৃষ্টি হইয়াছে। সংকাব্য নিয়তই সুধীগণের আদরের বস্তু, তারপর যদি ঐ কাব্য কোনও মহাপুরুষকে অবলম্বন করিয়া প্রণীত হয়, তবে তাহা পরম উপাদেয় বলিয়া মনে করেন। ৬

के वा नैव विदन्ति चित्रचरितं श्रीरामकृष्णं गुरुं
संसिद्धिं किल दक्षिणेश्वरपदे श्रीभारतान्तर्गते।
आद्यासिद्धिमुपेयुषो भगवतस्तस्याति चित्रक्रमा
सर्व्वत्रैव वसुन्धरा परिसरे कीर्त्तिः प्रतिष्ठां गता॥ ७
सर्व्वं तच्चरितं महत्त्वकलितं सगृह्य यत्नै रसौ
रामेन्द्रः कविशेखरः स्थविरतां यातोऽप्यशीर्णोद्यमः।
कृत्वा संस्कृत भारतीमय मिदं काव्यं समां मेदिनीं
संनिन्ये कृत वेदितां सुरगवी सर्व्वत्र लब्धोदया॥ ८
काव्येऽस्मिन् कविना श्रितातिसुगमा भाषा सरस्य क्रमा
स्वल्पज्ञा अपि येन काव्य विषयान् वोद्धुं भवेयुः क्षमाः।
सर्व्वं वस्तु विवक्षितं स्फुटमभूद् वक्तुर्वचः कौशलात्
संस्कारो वचसां तथा न पचितश्छन्दः स्थितिः सुश्रवा॥ ९
श्रीमन्नरेन्द्र प्रमुखा महान्त. श्रीरामकृष्णस्य गुरोर्हि शिष्याः
सुविस्तृतं तच्चरितञ्च काव्ये निवद्धमस्मिन् कविनाति यत्नात्॥ १०

Is there anyone in India, who has not heard of Sri Ramakrishna's achievements at Dakshineswar, which have received wide appreciation all over the world. With undaunted energy, even though bent with age, the eminent poet, Ramendra Sunder, has obliged mankind by composing a great poem in Sanskrit by compiling with great care the facts of the holy life of Sri Ramakrishna, for the influence of Sanskrit prevails evenly everywhere. 7 to 8

The language of this poem is lucid and simple. It does not fail to appeal even to people having most ordinary knowladge of this language. By very skilful use of words the author has been successful in expressing fully and clearly what he has to say. Correctness of expression has not been impaired anywhere. Versification is also very nice. This book also depicts the life and character of Sri Narendra (Swami Vivekananda) and other renowned disciples of Sri Ramakrishna.

9 to 10


বঙ্গানুবাদ ঃ—

যে শ্রীরামকৃষ্ণ পরমহংস গুরুর চরিত্র অতি বিস্ময়কর, 'যনি ভারতবর্ষের ...র্গত দক্ষিণেশ্বর পুণ্যস্থানে সাধনায় সিদ্ধিলাভ করিয়াছিলেন। আত্মাশক্তির ...য় সিদ্ধিপ্রাপ্ত সেই ভগবান শ্রীরামকৃষ্ণদেবের বিস্ময়করী অপূর্ব্বকীর্ত্তি সমগ্র ...রায় প্রতিষ্ঠালাভ করিয়াছে। ৭

বৃদ্ধাবস্থায় ও অতি উদ্যমী উত্তম কবি শ্রীরামেন্দ্র সুন্দর যত্নসহকারে সেই ...ষ্ণ পরমহংসদেবের মহিমময় সমগ্র চরিত্র সংগ্রহ করিয়া এই সংস্কৃত ভাষা-...াপূর্ব্বক সমগ্র পৃথিবীকে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করিয়াছেন। ...ংস্কৃত ভাষার প্রভাব সর্ব্বত্র সমভাবে বর্ত্তমান। ৮

...ই কাব্যে কবি অতি সরল সুশৃঙ্খলভাষা অবলম্বন করিয়াছেন। যাহাতে ... ব্যক্তিগণ ও কাব্যের বিষয়বস্তু অনায়াসে বুঝিতে পারেন। কবির ...শলে তিনি যাহা বলিতে চাহিয়াছেন তাহা সম্পূর্ণ স্ফুট ভাবেই প্রকাশিত ...য়াছে। কোথাও বাক্যের বিশুদ্ধতা নষ্ট হয় নাই। ইহার ছন্দঃ সমূহও ...াব্য। ৯

শ্রীমান নরেন্দ্র (বিবেকানন্দ) প্রভৃতি যাঁহারা গুরু শ্রীরামকৃ... তাঁহাদেরও সুবিস্তৃত চরিত্র এই কাব্যে কবি ... ...য়া করিয়াছেন। ১০



CO...

...RISHNA PARAMAHANSA

be derived by following the foot-steps of that great man; when the very act of hearing his life and character makes us blessed, The author of this book, therefore, commands all praise, because of his youthful energy in his old age, his likeness to Jupitor in wisdom and efficient expositiong of the meanin of the Sashtras. The rendering of English version for them who does not know Sanskrit but understand English is also very commendable. 11 to 15

বঙ্গানুবাদ :—

নিপুণ বুদ্ধি নরেন্দ্র ( বিবেকানন্দ ) বিদেশে যাইয়া শ্রীরামকৃষ্ণের মহা বিভূতিবলে সভায় বেদান্ত ধর্ম্ম প্রচার পূর্ব্বক যেভাবে ভারতবর্ষের কীর্ত্তিকে উজ্জ্বল করিয়াছিলেন। সেই সমস্ত বৃত্তান্তও ইহাতে সংস্কৃত ভাষায় অতি সরল ও সুন্দরভাবে প্রকাশ করিয়া যাঁহারা ভাষান্তরের সাহায্যে উহা বুঝিতে অক্ষম সেই সকল ব্যক্তিকে সংস্কৃত ভাষায় ঐ সকল বস্তু জানাইয়া এই কবি তাঁহাদের অত্যন্ত কল্যাণ সাধন করিয়াছেন। ১১।১২

এই পবিত্র বৃত্তান্তময় কাব্যের শান্তিপ্রদ আলোচনা জনগণেরচিত্তে সংসার তাপনাশিনী অনাবিলা ভক্তিদান করে। এই দুরন্ত কলিকালে ঐরূপ মহাজনের চরিত্র অতি দুর্লভ। যে চরিত্রের শ্রবণমাত্রেই কল্যাণ দান করে, ঐ চরিত্র আশ্রয় করার আর কথা কি? ।১৩

অতএব এই কাব্যের কবি অতি প্রশংসনীয়। যে কবির বৃদ্ধাবস্থায়ও যুবকের ন্যায় প্রভূত উদ্যম, তিনি বুদ্ধিতে বৃহস্পতিতুল্য, শাস্ত্রব্যাখ্যানাদি কার্য্যে তিনি অতি বিচক্ষণ। ১৪

যে সকল ব্যক্তি সংস্কৃত বুঝিতে অক্ষম, কিন্তু ইংরাজী ভাষায় অভিজ্ঞ, তাঁহাদের বোধনার্থে এতৎকৃত পাশ্চাত্ত্য ভাষায় অনুবাদও অত্যন্ত প্রশংসনীয়। ১৫

तदस्य काव्यस्य पवित्र वस्तुनः क्वापि प्रचारे नहि विघ्न सम्भवः।
सर्व्वे ततो विश्वजना निवेदितं वृत्तं विदित्वास्य भजन्तु सम्पदम्॥ १६

नैवं पुरा संस्कृत भाषायान्यः श्रीराम कृष्णस्य पवित्र वृत्तम्।
काव्ये समारोप्यदिदेश कश्चित् कविस्ततोऽसौ नव मार्गदेष्टा॥ १७

तेन प्रणीतस्य गुणैर्वरस्य काव्यस्य भूयाद् बहुलः प्रचारः।
कवेःश्रमो येन फलं प्रयायाद् दिव्यञ्च भव्यं वृणुयाद् धरित्री॥ १८

अस्य प्रकाशाय कृतोपकारं प्रशस्तिभाग् भारतवर्ष राष्ट्रम्।
राष्ट्रस्य याते गणतन्त्रभावे तस्यैव तादृग् विषयेऽधिकारः॥ १९

देहं निरामयमयं कविरत्न विन्दन्
दीर्घायुषा परिगतः स्वजनैः समेतः।
नित्यं परेश कृपया सुखितां दधानः
कृत्यं तथैव रचयन्नुपयातु वृद्धिं॥ २०

इति महामहोपाध्याय श्रीकालीपद तर्काचार्यस्य।

Hence, any impediment in the wide publicity of this holy book is not possible anywhere. Men all over the world therefore, may get the invaluable treasure by virtue of their knowledge of holy matters laid down in this book. The author of this epic poem is a pioneer in a sense that he is the first to venture to write a book in Sanskrit verses on the holy life of Sri Ramakrishna. May this holy book receive wide publication so that the perseverence of the poet may be fruitful and the world benefitted with heavenly bliss. The Government of India who have helped publication of this book are worth all praise. When a country becomes Republic, it acquires such rights. May the

poet flourish in composing such poems by the grace of of God with his body free from all ailments and a long prosperous life enjoying all comforts with all his friends and relatives. 16 to 20

বঙ্গানুবাদ ঃ —

অতএব এই পবিত্র বস্তুময় কাব্যের প্রচারে কোথাও বিঘ্নিত হইবার সম্ভাবনা নাই। সেই কারণে সমগ্র জনসমাজ এই কাব্যের বর্ণিত বৃত্তান্ত অবগত হইয়া কল্যাণময় সম্পদের অধিকারী হউন। ১৬

ইতিপূর্ব্বে কেহ এইরূপ সংস্কৃত ভাষায় শ্রীরামকৃষ্ণের চরিত্রের কাব্যারূঢ় করিয়া প্রচার করেন নাই। অতএব এই কবি উক্ত বিষয়ে নূতন পথিকৃৎ। ১৭

উক্ত কবির রচিত গুণ গরিষ্ঠ এই কাব্যের বহুল প্রচার হউক। যাহাতে কবির শ্রম সফল হইবে এবং পৃথিবী দিব্য কল্যাণের অধিকারী হইবে। ১৮

এই কাব্যের প্রকাশার্থ যে ভারত রাষ্ট্র উপকার করিয়াছেন সেই ভারত রাষ্ট্র প্রশংসার্হ।

রাষ্ট্রগণতন্ত্র হইলে তাহারই ঐ জাতীয় বিষয়ে অধিকার।১৯

এই কবি স্বজনগণের সহিত সুখভোগকরতঃ নিরাময় দেহ ও সুদীর্ঘ আয়ু লাভ করিয়া প্রতিদিন পরমেশ্বরানুগ্রহে ঐরূপ কাব্যের রচনাদিকার্য্যসাধন পূর্ব্বক অভ্যুদয় লাভ করিতে থাকুন। ২০

এইটি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত কালীপদ তর্কাচার্য্যের প্রদত্ত প্রশংসাপত্র ।।

---

परम माननीय महामहोपाध्याय श्रीयुक्त कालीपद तर्काचार्य्य
महोदयस्य सविधे ग्रन्थकारस्य कृतज्ञता प्रकाश: ।

तर्काचार्य्य महामहोपाध्याय: पण्डितोमहान् ।
श्रीकालीपद नामासौ महाचार्य्य शिरोमणि: ॥ १
वहव: पण्डितास्तेन स्वपाण्डित्येन निर्मिता: ।
पण्डितेषु च वात्सल्ये साक्षादेष गुरो: सम: ॥ २

मम्रास्य काव्यस्य विलोकने मुदा
सुदीर्घकालः चपितो महात्मना।
विशुद्धये चास्य महान् परिश्रमः
कृतोऽनुकम्पासचिवेन मां प्रति। २

इत्थं न कष्टं महदभ्युपेत्य काव्यं मयैतत् कृतमादरेण।
परं तदीयैव कृपावलं मे पुरः प्रचारे सुधियाममुष्य॥ ४
काव्यं तदेतत् कृतमात्रमेव कृपां तदीयां यदि नागमिष्यत्।
तदा समीपे विदुषां कदापि प्रचारयोग्यं न किला भविष्यत्॥ ५

Author's gratefulness to the most respected Mahamahopadhyaya Kalipada Tarkacharya, who is the greatest of Sanskrit scholars of modern times. His own sholarship has helped many to become great scholars. His affection towards scholars are like that of Brihaspati, the preceptor of the gods. He has gladly spent much of his valuable time in going through my book and laboured hard to weed out all errors. I have taken great pains to compose this poem at this good old age, But it is solely due to his untiring benevolent assistance that my book has got appreciation from scholars. 1 to 6.

বঙ্গানুবাদ :—

পরম মাননীয় বিশ্ববিখ্যাত ধর্ম্মশাস্ত্রাচার্য্য মহামহোপাধ্যায় পণ্ডিত কালীপদ তর্কাচার্য্য মহাশয়ের নিকটে শ্রীশ্রীরামকৃষ্ণভাগবত গ্রন্থ লেখক রামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থের কৃতজ্ঞতা পরিচয়। মহাচার্য্যশিরোমণি মহামহোপাধ্যায় তর্কাচার্য্য কালীপদ নামধারী ইনি অদ্বিতীয় পণ্ডিত। ১

ইনি পাণ্ডিত্য বলে বহুতর পণ্ডিতের সৃষ্টি করিয়াছেন। ইহাঁর পণ্ডিত বাৎসল্য সাক্ষাৎ দেবগুরু বৃহস্পতির সদৃশ।

এই মহাত্মা আমার গ্রন্থটির পরিদর্শন জন্য তাঁহার অমূল্য সুদীর্ঘ সময়

আনন্দের সহিত নষ্ট করিয়াছেন। এবং কৃপাবিস্তার পূর্ব্বক গ্রন্থটির বিশুদ্ধি বিষয়ে বিশেষ পরিশ্রম করিয়াছেন। ৩

আমি (৮৮) অতি বৃদ্ধ বয়সে বহুতর কষ্টে এই গ্রন্থটি ঠাকুরের আদেশ বা কৃপায় আনন্দের সহিত রচনা করিয়াছি। কিন্তু পণ্ডিত বর্গের সমীপে প্রচারের জন্য এই তর্কাচার্য্যই আমার একমাত্র সম্বল হইয়াছেন। ৪

কাব্যটি আমি লিখিয়াছি মাত্র কিন্তু তর্কাচার্য্যের কৃপা যদি না হইত তবে পণ্ডিতবর্গের সমীপে প্রচারের যোগ্য কখনই হইতে পারিত না ইহা ধ্রুব নিশ্চিত। ৫

सम्पूर्णं मुक्तोऽस्मि भयादिदानीमाचार्य्य बन्धोरनुकम्पयाहम् ।
कृतज्ञतां तेन निवेदयामि मन्नोपकारेण विनम्रचेताः ॥ ৬
जानन्ति ये पण्डितवर्य्यमेनं त एव तस्याति गुणैर्विमुग्धाः ।
ज्ञानेन शीलेन च तं वरेण्यं वृद्धोऽभिनन्दामि शुभाशिषातः ॥ ৭
नैतादृशं भारतवर्षं भूमावाचार्य्य मन्यं परिलोकयामि ।
यो देव वाण्यां निपुणः प्रवक्ता तर्कादिशास्त्रेष्वपि लब्धकीर्त्तिः ॥ ৮
अतोऽहमासे वयसा प्रवीनस्तेनाधिकारेण मुदा वदामि ।
चिरं स जीव्यात् स्वजनैः समेतः सुखी च भूयाद् यशसा समृद्धः ॥ ৯
निरामयं तस्य शरीरमास्तां विद्या तदीयास्तु परोपकृत्यै ।
तत् कीर्त्तिमालाधवलाचिराय गोष्ठीविदामस्तुन्नत प्रतिष्ठा ॥ ১০

Now, by the unbounded kindness of Tarkacharya, I venture to give wide publicity to my book. I, therefore, give expression to my thankful gratitude with all the sincerity of my heart to him. Those who know him are charmed with his goodly and godly qualities. But I who am a good old man, adore him with all my blessings. In the whole of India I have not come across

any scholar who could be equal to him in profound erudition and efficiency in speaking Sanskrit. Older as I am in age, I wish him a long happy and prosperous life, Be his body free from all ailments and let his kowledge and learning flourish for the welfare of mankind, And let his achievements remain ever unimpaired in the assembly of scholars. 6 to 10.

বঙ্গানুবাদ ঃ—

সম্প্রতি আমি তর্কাচার্য্য বন্ধুর কৃপায় নির্ভীক চিত্তে প্রচার কার্য্যে ব্রতী হইয়াছি। অতএব এই মহান উপকারের জন্য আমি তর্কাচার্য্যের নিকটে নতচিত্তে কৃতজ্ঞতা জানাইতেছি। ৬

অন্যান্য পণ্ডিতসকল ইহাঁর এইরূপ সদগুণে মুগ্ধ হইয়া তর্কাচার্য্য মহাশয়কে পণ্ডিত বলিয়াই জানিতেছেন। কিন্তু এই অতি বৃদ্ধ আমি আমার জ্ঞানতঃ ও স্বভাবতঃ এই জগদ্বরেণ্য মহাপুরুষকে আন্তরিক আশীর্ব্বাদের সহিত অভিনন্দিত করিতেছি। ৭

আমি ভারতবর্ষের সমগ্র প্রদেশের ধর্ম্মশাস্ত্রবিশারদ পণ্ডিতবর্গের পাণ্ডিত্য পরিদর্শন করিয়াছি কিন্তু তর্কাদিশাস্ত্রের প্রযোজক সদৃশ পণ্ডিত তর্কাচার্য্যের মত কোথাও দেখি নাই। ৮

আমি বয়সে বড় তজ্জন্যই এইরূপ আকাঙ্ক্ষা করিয়া বলিতেছি যে দৈব শক্তি বিশিষ্ট অলৌকিক পণ্ডিত তর্কাচার্য্য মহাশয় আত্মীয় স্বজনগণের সহিত সুস্থ শরীরে বহুকাল পর্য্যন্ত জীবিত থাকুন। ৯

এবং ভগবন্নির্ভরতা সহকারে সনাতন ধর্ম্মের রক্ষক ও অত্যুচ্চ যশস্বী হইয়া সুখী হউন। দেহ নিরাময় হউক বিদ্যা পরোপকারের জন্যই হউক। এবং ইহাঁর বিশুদ্ধ কীর্ত্তিমালা যাবচ্চন্দ্রদিবাকর তাবৎ পণ্ডিতমণ্ডলীর সভায় প্রতিষ্ঠিত হউক। ১০

**Pandit Ramchhabila Shastri**
Sankhya-Vyakaran Tirth,
Lecturer, Calcutta University.

6, Mandir Street,
Calcutta-7
Date 10-7-61

पण्डित श्रीरामेन्द्र सुन्दर भक्तितीर्थ (हातीबागान निवासी) को मैं वहुतदिनों से जानता हुँ। इनका पाण्डित्य सराँहनीय है। इन्होंने श्रीश्रीरामकृष्णभागत नाम का ग्रन्थ रचना किया हैं। इस ग्रन्थकी पेज संख्या (५००) पासी है। ग्रन्थ अत्यन्त सुमनोहर है। मेरा अनुरोध है कि अधिकारीवर्ग इस ग्रन्थ को प्रकाशि कर राष्ट्र को एक अमूल्य रत्न भेंट करेंगे। भक्तितीर्थ गरीव है। अतः इस आपने में समर्थ नहीं है। यह संस्कृत ग्रन्थ प्रकाशित कर मेरी आशा पर्ण करेंगे।

आपका—
श्रीरामछविला शास्त्री

MINISTER OF STATE
In Charge
Department of Health
Government of West Bengal
The 7th July, 1961

Pandit Ramendra Sundar Bhaktitirtha of 56/4. Grey Street, Calcutta has been running Hatibagan Chatuspathi with Government aid for a very long time,

His reputation as a Sanskrit Scholar has reached far and wide in this country.

I have known him intimately for the last four years and very much impressed with his erudition and sholarship.

He has composed 5000 (Five thousand) slokas in Sanskrit on Shri Shri Rama Krishna Bhagbat. This composition is really a master piece of its kind,

Scholars like Pandit Ramendra Sundar preeminently deserves recognition and if his work on Rama Krishna Bhagbat can see the light of the day through Private or public charities. I am sure, it will be a great boon to the literary world.

(A, B. Ray)

June, 5, 1957.

Sri Ramakrishna Bhagavatam, a poetical composition on the life of the saint of Dakshineswar, from the pen of the octogenerian Sanskrit scholar Pandit Ramendra Sundar Bhaktitirtha justifies in an abundant measure the appreciation and admiration of tha academic world. The writer has not spared himself in unfolding the spiritual career of Paramahamsa in a style which is lucid and intelligible. The various aspects of the divine life has been delineated with much ease. The cultural upliftment of Bengal during the last half of the nineteenth century and the first quarter of the twentieth cannot be properly understood without a consummate study of the career of this illustrious personality, and as such Sanskrit scholars all over India and outside will ever remain grateful to Pandit Bhaktitirtha for affording them an opportunity for studying a most outstanding event of modern times.

Sd/- G. Sastri,
Principal,
Sanskrit College, Calcutta.

सत्यमेव जयते

কলিকাতা সংস্কৃত কলেজের প্রিন্সিপাল ও কাশী বিশ্ব-
বিদ্যালয়ের ভাইস্‌চ্যান্‌সালার পণ্ডিত চূড়ামণি
ডাঃ গৌরীনাথ শাস্ত্রী মহাশয়ের মন্তব্য।

অশীতিবর্ষের অধিক বৃদ্ধ সংস্কৃতে মহাপণ্ডিত পণ্ডিত রামেন্দ্র সুন্দর ভক্তি-তীর্থের লেখনী নিঃসৃত সংস্কৃত কাব্যে রচিত শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবত নামক গ্রন্থ দক্ষিণেশ্বরের ঠাকুরের জীবনী শিক্ষাজগতে যথার্থই অনুভূতির ও প্রশংসার প্রকৃত পরিচয় দিয়াছেন। পরমহংসদেবের আধ্যাত্মিক জীবনের সম্পূর্ণরূপে

প্রকাশ করিতে লেখক তাঁহার বুদ্ধিমত্তা ও জ্ঞানের পরিচয় দিতে নিজেকে কার্পণ্য করেন নাই। এই দেব চরিত্র নানা দিক দিয়া অতি প্রাঞ্জলভাবে বর্ণনা করা হইয়াছে। উনবিংশ শতাব্দির শেষার্দ্ধে ও বিংশ শতাব্দির প্রথমে বঙ্গদেশের কৃষ্টির উন্নতি কিরূপ ছিল তাহা সম্যকরূপে উপলব্ধি করিতে হইলে এই উজ্জ্বল ব্যক্তিত্বের চরিত্র যথার্থরূপে অনুশীলন ব্যতীত হয় না। সুতরাং সমগ্র ভরেত ও বহির্ভারতের সকল সংস্কৃতজ্ঞ পণ্ডিত আধুনিক জগতের এই অত্যন্ত উদ্দীপনাপূর্ণ ঘটনাবলির পাঠের সুযোগ করিয়া দিবার জন্য পণ্ডিত ভক্তিতীর্থের নিকট চির কাল কৃতজ্ঞ থাকিবেন। ইতি—

ডাঃ গৌরীনাথ শাস্ত্রী, প্রিন্সিপাল
সংস্কৃত কলেজ, কলিকাতা।

RAMAKRISHNA MATH
P.O. Belur Math, Dt. Howrah
8-6-1967.

सत्यमेव जयते

Sri Ramendra Sundar Bhaktitirtha has written a life of Sri Ramakrishna in Sanskrit verses which is very melodious and can be easily understood by all who have a little knowledge of this language. His attempt is a success both as a biography of a great spiritual personality and also as a means for the spread of Sanskrit language and culture. I pray that the book, Vol. I of which is ready for circulation, in its entirety sees the light of day before long.

Sd/- Swami Vireswarananda
President,

## গ্রন্থটির পৃষ্ঠপোষক পণ্ডিতবর্গ ঃ—

জগদ্বিখ্যাত মহামহোপাধ্যায় কালীপদ তর্কাচার্য্য, ডাঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ডাঃ গৌরীনাথ শাস্ত্রী, মহামহোপাধ্যায় যোগেন্দ্র নাথ তর্ক-বেদান্ততীর্থ, বেলুড় রামকৃষ্ণ মঠের প্রধান অধ্যক্ষ স্বামী বীরেশ্বরানন্দ মহারাজ, মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায়, স্বাস্থ্যমন্ত্রী ডাঃ অনাথবন্ধু রায়, এডভোকেট সুশীল চন্দ্র দত্ত, ভুপেন্দ্রনাথ রায়, কাউন্সিলার স্নেহেশ সুর, প্রফেসার রমা সুর, ডাঃ যতীন্দ্রবিমল চৌধুরী, ডাঃ রমা চৌধুরী, প্রিন্সিপাল কালীচরণ শাস্ত্রী, কলিকাতা গভর্ণমেণ্ট সংস্কৃত শিক্ষা পরিষদের সম্পাদক ননীলাল সেনগুপ্ত, পণ্ডিত শিবনন্দন পাণ্ডে রুদ্রদত্ত পাঠক, রামেশ সপ্ততীর্থ, শ্রীজীব ন্যায়তীর্থ, এম এ, মহাচার্য্য নৃত্যগোপাল পঞ্চতীর্থ, মহাচার্য্য চারুচন্দ্র দর্শনাচার্য্য, ৺কৈলাস চন্দ্র কাটজুর কন্যা, সুভদ্রা দেবী, ডাঃ ভবানীচরণ ভট্টাচার্য্য, শ্রীগোবিন্‌ চাঁদ মল্লিক, পণ্ডিত অবোধ বিহারী ত্রিপাঠি, শ্রীনরেশ চন্দ্র বণিক, রাইটাস বিল্‌ডিং পশ্চিমবঙ্গ সরকার, গভর্ণমেণ্ট আঞ্চলিক প্রধান শ্রীশ্রী৺কৃষ্ণরায় জীউর পরিচারক বগড়ী কৃষ্ণনগর নিবাসী শ্রীযুক্ত পরেশনাথ রায়, মেদিনীপুর অলিগঞ্জ চতুষ্পাঠীর অধ্যাপক পণ্ডিতপ্রবর শ্রীঅমূল্যচরণ তর্কতীর্থ, নবদ্বীপ গভর্ণমেণ্ট সংস্কৃত কলেজের অধ্যাপক পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত রাজেন্দ্র চন্দ্র তর্কতীর্থ, শ্রীঅচিন্ত্যপদ শাস্ত্রী, পণ্ডিতপ্রবর শ্রীসীতারাম কাব্যতীর্থ, গড়বেতা ফতেসিংপুর নিবাসী পণ্ডিতপ্রবর শ্রীঅনাথনাথ স্মৃতিতীর্থ, তদীয় ভ্রাতা পণ্ডিত গোপীনাথ কাব্যতীর্থ, বাঁকুড়া বিষ্ণুপুর সুদর্শন চতুষ্পাঠীর অধ্যাপক বাণীকণ্ঠ কাব্যতীর্থ,

শ্রীশিবকৃষ্ণ কাব্যতীর্থ, শ্রীযুক্ত অমিয় কুমার শাস্ত্রী, বগড়ী কৃষ্ণনগরের অধ্যাপক শ্রীযুক্ত জানকীনাথ স্মৃতিরত্ন, গভর্ণমেণ্ট টোল পরিদর্শক পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত নলিনীকান্ত তর্কতীর্থ, পণ্ডিত শ্রীযুক্ত লক্ষ্মীকান্ত তর্কবেদতীর্থ, সংস্কৃতে ভারতবর্ষের ইতিহাস লেখক পণ্ডিত রুদ্রদত্ত পাঠক, শ্রীঅজিতকুমার বিশ্বাস, শ্রীযুক্ত গঙ্গাধর মুখার্জ্জী, এস, পি, পণ্ডিত ত্র্যম্বক কুমার মিশ্র পঞ্চতীর্থ, রাণীসাহী প্রসন্নচতুষ্পাঠী, শ্রীভবেন্দ্র নাথ ভট্টাচার্য্য, উকিল জিতেন্দ্র নাথ চাটার্জি ঠাকুরের পরম ভক্ত শ্রীনরেন্দ্র নাথ পাল, গভর্ণমেণ্ট রেজিষ্ট্রীকৃত হাতীবাগান চতুষ্পাঠীর অধ্যাপক শ্রীযুক্ত কাশীনাথ শাস্ত্রী, বেদান্ততীর্থ এম, এ।

I owe my gratitude to the following personalities for their kind and valuable assistance :—

World renowned Mahamahopadhyaya Kalipada Tarkacharya, Dr. Suniti Kumar Chattopadhyaya, Dr. Gourinath Shastri, Mahamahopadhyaya, Jogendranath Tarka-Vedantatirtha, Swami Bireswarananda Maharaj, Principal, Belur Ramakrishna Math, Chief Minister Dr. Bidhan Chandra Roy, Dr. Anathbandhu Roy, Minister for Health, Sri Susil Ch. Datta, Advocate. Sri Bhupendranath Roy, Sri Snehesh Sur, Councillor, Professor Rama Sur, Dr. Jatindra Bimal Choudhuri, Dr. Rama Choudhuri, Principal Kalicharan Shastri, Sri Nani Gopal Sen Gupta, Secretary

Calcutta Govt. Sanskrit Shiksha Parisad, Pandit Siva Nandan Panday, Pt. Rudra Dutta Pathak, Pt. Ramesh Saptatirtha. Pt. Srijiv Nyayatirtha, M.A. Mahacharya Nrityagopal Panchatirtha, Mahacharya Charukrishna Darsanacharya, Sm. Suvadra Devi, daughter of late Kailashnath Katju. Dr. Bhavanicharan Bhattacharya, Sri Govin Chanda Mullick, Pt. Abodh Behari Tripathi, Sri Naresh Chandra Banik, Head Assistant Admin-stration Branch, Directorate of Health Services, Writers Buildings, Sri Paresh Nath Roy, Anchal Pradhan Govt. of West Bengal, and Pradhan Sevait, Sri Sri Krishnaroy Jiu Estate, Bagri Krishnanagar, Garbeta, Pt. Amulyacharan Tarkatirtha, Adhyapak Aligunj Chatuspathi, Medinipur, Pt. Rajendranath Tarkatirtha, Adhyapak, Govt. Sanskrit College, Navadwip, Pt. Achintapada Shastri, Pt. Sitaram Kavyatirtha, Pt. Anathbandhu Smrititirtha, Pt. Banikantha Kavyatirtha, Adhyapak Sudarsan chatuspathi, Bishnupur, Bankura, Pt. Siva Krishna Kavyatirtha, Pt. Amiya Kumar Shastri, Pt. Janakinath Smritiratna, Ahyapak, Bagri Krishnanagar, Pt. Nalinikanta Tarkatirtha, Inspector of Tols, Govt. of West Bengal, Pt.

उत्सर्ग लिपिरियं

All glory to Swami Vivekananda who was a great eye-opener to the Indians, who embraced asceticism by renouncing all earthly comforts and pleasures, who won world-wide fame for his uncommon merits, and who glorified his preceptor, Sri Ramakrishna, by preaching his message all over the world. 1.

All glory to Swami Vivekananda, who travelled far to the country of Western Hemisphere to establish the unique greatness of the Vedic religion of India among the religions of the world, in the great congress of Religions, by lucid exposition of its transcending sublimity which was hitherto not known to the people of the Western countries. 2.

All glory to Swami Vivekananda, formerly Narendranath, who was greatly honoured by his own countrymen on his return from foreign land, and who founded many charitable religious institutions, called Maths, with the help of his disciple, Nivedita, to preach the motto promulgated by Sri Ramakrishna, "Service is worship." 3

With all my humility and devotion, I, Ramendra Sunder Bhaktitirtha, who have become a poet

by the grace of Sri Ramakrishna, dedicate my poetical work on the life and teachings of Sri Ramakrishna to Swami Vivekananda who was honoured and adored by the world for his uncommon spiritual and intellectual power bestowed upon him by his great preceptor, Sri Ramakrishna. 4,

বঙ্গানুবাদ ঃ—

যে মহামানব এই ভারতবর্ষে এবং ইয়োরোপে বা পাশ্চাত্য প্রদেশে দেবতাদিগের মত অসাধারণ গুণে সুপূজিত হইয়া সমগ্র পৃথিবীতে গুরু শ্রীরামকৃষ্ণদেবকে গৌরবান্বিত করিয়াছেন। এবং যে বীর যুবাবস্থায় সর্ব্বস্ব পরিত্যাগ করিয়া সন্ন্যাসাশ্রমে দীক্ষিত হইয়াছেন। সেই সর্ব্ব জগতে প্রসিদ্ধ ভারতের চক্ষুদানকারী সূর্য্য-সদৃশ স্বামী বিবেকানন্দ জয়যুক্ত হউন। ১

যে মহামানব পাশ্চাত্য দেশে পদার্পণ করিয়া ধর্ম্মসভায় প্রবেশ পূর্ব্বক দর্শন শাস্ত্রের অসমোর্দ্ধ সিদ্ধান্ত প্রদর্শনে অতুলনীয় সনাতন বৈদিক ধর্ম্ম প্রচার করিয়াছেন। যেসকল শাস্ত্র ব্যাখ্যায় আকৃষ্ট হইয়া সেই পাশ্চাত্যসভায় অধিষ্ঠিত পৃথিবীর ধর্মযাজকগণ ভারতীয় আর্য্য ধর্ম যে সর্ব্বশ্রেষ্ঠ তাহা যাঁহার কৃপায় অবগত হইয়াছেন সেই ভারতসূর্য্য স্বামী বিবেকানন্দের জয়। ২

এবং যে কৃতীপুরুষ পাশ্চাত্য দেশ হইতে পুনরায় নিজদেশ ভারতবর্ষে ফিরিয়া আসিয়া ভারতীয় মহাজনগণের দ্বারা পূজিত হইয়া ভগবান শ্রীরাকৃষ্ণদেবের অনুষ্ঠিত দরিদ্রনারায়ণ সেবাধর্ম প্রচারার্থে বহু

মঠাদি স্থাপন করিয়াছেন। এবং মঠাদি স্থাপনে যে মহাপুরুষের জগদ্বিখ্যাতা শিষ্যা নিবেদিতা বহু প্রকার সাহায্য করিয়াছেন সেই পৃথিবী বিজেতা ভারতসূর্য্য নরাবতার নরেন্দ্র জয়যুক্ত হউন। ৩

যিনি ভগমান শ্রীরামকৃষ্ণদেবের কৃপায় অলৌকিক শক্তিমান বলিয়া সমগ্র পৃথিবীতে সমাদৃত সেই স্বামিজী বিবেকানন্দের উদ্দেশ্যে এই রামকৃষ্ণ চরিত্র সম্বলিত শ্রীশ্রীরামকৃষ্ণভাগবত নামক মহাকাব্য তদীয় প্রিয় কবি শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ ভক্তিপূর্ব্বক উৎসর্গ করিলেন। ৪

# PREFACE

The Absolute Being manifested Himself in human form as Sri Ramakrishna, to solve the problem of reconciliation of divergent religions of the world, to reform the prevailing mode of Vedic religion, and to save the non-believers and so-called religious leaders who were self-centred and addicted to luxury and lust. He blessed the Goddess Earth, the consort of Lord Vishnu, in remodelling the structure of the Vedic religion to achieve the end of realising God through the stages of penance traditionally followed by his predecessors by showing His Divine self to others. It is at the behest of Sri Ramakrishna Hismelf that this holy book, Sri Sri Ramakrishna Bhagabatam, has been written. 1,

This book not only depicts the life and character of Sri Ramakrishna, Sarada Devi, Narendranath (Swami Vivekananda) and Rani Rasmani, but also is conducive to divine joy as it has been enriched with the divine grace of Thakur which leads to intuitive devotion and relief from all worldly sufferings. It is why this book has become worth reading for people all over the world and specially for the educated men and women. 2.

Ascetics known as Giri, Puri, Bharati, Swami, Acharya and others attained salvation through penance performed in their own respective ways. But the ways of Thakur in regard to his study, training, penance, trance and achievement were quite different from others. He never thought of any benefit for himself. He liked that everybody should be prosperous, free from all ailments, fortunate and happy. He liked nothing for himself. He not only did forego the divine merits, acqufred by him through his life-long penance, for the well-fare of the suffering humanity, but also dedicated his corporal body as well for completion of the mission of his life. 3.

The worldly-minded people, with the development of their sense of earthly pleasure and comfort, become victims of Mammon and Cupid and madly strive for sexual pleasure and riches, till death. Sri Ramakrishna discarded them as abominable and untouchable things. He has opened up a new avenue for realisation of Divinity by lucid exposition of axiomatic truth and inferences of the Vedas and Purans in easy and simple mother tongue. 4.

Thakur advised an intellectual turn of our mind. He meant that in all our services and dealings with our friends and relatives we should always bear in mind that our relationship with them is most transient even when we behave as their nearest and dearest.

This is also enjoined in the .Vedas, the Purans, and is the essence of all religions. Mind is the root cause of bondage and salvation. So long mind is bent on earthly enjoyment, we feel ourselves tied. When earthly things cease to prevail on our mind, we become free from all bondages and realise Divinity. So a wise man should restrain his mind, 5.

The instructions of Thakur were the same as were imparted by Lord Krishna to Uddhav. .'Those who avoid company with women and even men attached to women and renounce the world with a view to attain salvation, are regarded as the best of men and worshipped as a god." 6.

In the Brihadaranyak Upanishad, the great saint Yagnabalka said to Gargi that a holy man should avoid riches which were the root cause of all evils, and that the grace of God could not be purchased by money. It is why Thakur restrained his mind and discarded women and money. 7

The immortal sayings of Thakur will be the source of divine joy for all times. The significance of his utterings cannot be fully understood in spite of efforts for hundreds of years. It is understood only by him who dedicates himself to Thakur. 8

I cannot express in words the immense benefit done to me by seeing Thakur only once in my life by virtue of merits acquired by me in my previous

births. Yet, I think, it is due to my father having been very close friend of Thakur in his boyhood that Thakur became so kind to give his blessings and also his behest to write this book. At the age of eight years I had been to the temples of Rani Rasmoni at Dakshineswar with my father, who bowed down to Thakur with great devotion and also placed my head at his feet. Thakur touched my head with his hand and said, "May you live long and be a good scholar." On hearing this I remained senseless for some time, but ths words of Thakur rang in my ears many times thereafter. 9.

It was four years after I had seen Thakur that he passed away from this mortal world. Thereafter at intervals of one or two years he used to pay visit to me at night .in my sleep and say, "My boy, I hope all is well with you. I now retire." Such vists in my dream would cause a very awful sensation in me and make me groan in fear. Thus, when I became fifty years old, I established myself as one of the rnowned scholars and speakers of the times. Some ten to fifteen students having free food and lodging in my Chatuspathi were being taught various subjects by me. After examinations the sfudents had gone home, I was the only one left to guard my library at night. Once just after mid-nihgt when I was fast asleep. Thakur appeared before me in my sleep and said, "My

boy, it is all well with you, I think. Listen to what I say. You write a book about myself in Sanskrit. I shall guide you. Don't lose your nerve. You are a good scholar," He repeated this thrice so that I could remember it ever after. Then he disappeared. 10.

On waking from my sleep I lost no time to light a lantern and note down what I was told. After thinking over the matter for some time I realised that it was the command of Thakur to write in Sanskrit a book on his life and teachings. Could it be possible for me who had seen him once only. and had no occasion to know anything about him all these years during which I was busy in study, teaching and maintaining my family ? The answer was that it quite possible as I was a scholar. Poets like Kalidas could depict the character of hills, mountains,the sky, the wind and birds and beasts. Thakur was, after all, a human being. So, to write a book on his life and character could not be a very difficult task, for a good scholar. Yet, in case of any doubt or difficulty, Thakur himself would guide me with his advice. I realised ths unbounded kindness of Thakur towards my humble self who was so poor, unholy and addicted to earthly pleasure and comforts. I shed tears of joy and dedicated myself to him. I went to Kamarpukur, the birth place of Thakur, the temple of Dakshineswar and other places to collect the requisite materials. I then sought the wise counse

of the chiefs of Ramakrishna Institution, and completed my book which was highly appreciated by great scholars and educationists of our times. The book has been printed and published mainly with the financial assistance of the Govt. of India. 11.

Some of the topics which I have collected and written, such as famous tours of Swami Vivekananda in western countries, his speeches at Chicago, the life of Balaram Basu, Kalpataru, the considered views of Girish Candra Ghosh, etc. have not been incorporated in this book, It is due to my extreme old age, about 93 years at present, that I have not ventuerd to complete the book in all respects and went ahead to finish the book hurriedly for its printing and publication during my life time. 12.

I leave it to my only son, Sri Kashi Nath Shastri Vedantatirtha. M.A., who is entitled to perform my last rites after my death. to complete the book by an appendix containing the omitted subjects. On the other hand, if I live for some more years, I can do what has not been possible so far, 13.

## The author an his ancestors.

We are Western Vedic Bramhins, descedants of Goutam, who hailed from Kanya-Kubja. I have little house in the village of Khunbera in the neighbourhood ofBagri Krishnanagar at Garbeta in the district of

Medinipur. There is the famous temple of Sri Sri Krishna Roy Jiu, at Bagri Krishnanagar. A chronological account of our family is recordedin the Royal Asiatic Society at Calcutta because my learned ancestors had written many religious books. Among them, Mahamahopadhyaya Govindananda, the son of world-renowned Ganapati Bhatta, had written twenty-eight books on Smriti, explanatory notes on Astrological works and Vedanta philosophy and thereby established his reputation as one of the great scholars of the world. 14.

My great grand father, Ramchandra Siromoni, was one of the outstanding Logicians of the times. My grand father Nilmoni Vidyaratna was well-versed in all branches of shastras.My father Jadunath Sarbabhauma was a great scholar in Smriti. Some other members of our family viz. Haradhan Tarkabagish, Ramamrita Smrititirtha, Jogendranath Smrititirtha, Achintapada Shastri, etc. were the court pandits of thekings of Ramagarh, Simlapal and Manglapata etc. 15.

I, Ramendra Sunder Bhaktitirtha, son of Sri Jadunath Sarbabhauma, stood first in the degree Examinations of Vaishanab Philosophy and was awarded the title of Bhaktitirtha with Gold medal. I have been running the Govt. aided Hatibagan Chatuspathi and teaching various subjects for about seventy years, as Pradhan Adhyapak of ihe Chatuspathi. 16.

It is a great satisfaction to me that I have been able to write this book, Sri Sri Ramakrishna Bhagabatam, in Sanskrit with translation in Bengali and English to improve the study and culture of Sanskrit language and literature, ahd to add to the glorious tradition of Bengal in this regard. I cannot express the unbounded joy that I shall have if this book brings joy and satisfaction to a reader. 17.

বঙ্গানুবাদ :—

## পাঠকবর্গের প্রতি গ্রন্থকারের নিবেদন

পৃথিবীর ধর্ম্মবিরোধ সমস্যা সমাধানার্থে শ্রুত্যুক্ত সনাতন ধর্ম্মের সংস্কারার্থে ভগবদ্বিমুখ কামকিঙ্কর ধর্ম্মধ্বজী ভোগবিলাসী যথেচ্ছাচারী নাস্তিক জনগণের উদ্ধারার্থে নরাকৃতি পরব্রহ্মরূপে যে ঠাকুরের পূর্ণতম আবির্ভাব। যিনি স্বকীয় পূর্ব্বজগণের সনাতন পন্থায় অনুষ্ঠিত তপস্যার ক্রমবর্দ্ধমান ধর্ম্মভাবের পরাকাষ্ঠা বা শেষপর্য্যাপ্তি ভগবৎ প্রত্যক্ষ করিয়া অন্যকেও ভগবদ্দর্শন করাইয়া বেদোক্ত ধর্মের নব কলেবর নির্মাণে বিষ্ণু পত্নী ধরিত্রী দেবীকে অর্থাৎ পৃথিবীকে ধন্য করিয়াছেন। এতাদৃশ ভগবান্ শ্রীরামকৃষ্ণদেবের সাক্ষাৎ আদেশে এই রামকৃষ্ণ ভাগবত নামক গ্রন্থটি রচিত হইয়াছে। ১

এই গ্রন্থটিতে ঠাকুরের জগন্মাতা সারদা দেবীর নরাবতার নরেন্দ্র নাথের অর্থাৎ স্বামিজী বিবেকানন্দের রাণী রাসমণি প্রভৃতির শিক্ষনীয় মহনীয় আদর্শচরিত্র এবং ঠাকুরের অহৈতুকী অনাবিলা সংসার তাপনাশিনী ভক্তিপ্রদায়িনী অজ্ঞানান্ধকারমোচনী অলৌকিকী কৃপা-সম্বলিত বশতঃ পৃথিবীর জনসাধারণের বিশেষতঃ শিক্ষিত নরনারী

সমূহের পঠনীয় সমাদরনীয় উপাদেয়াদি বৈশিষ্টে ব্রহ্মানন্দপ্রসূ হইতেছে। ২

গিরী পুরী ভারতী আচার্য্য প্রভৃতি সন্ন্যাসী সাধকসকল নিজ নিজ সাধনে সিদ্ধ হইয়া সংসার মুক্ত হইয়াছেন ইহা ধ্রুব সত্য, কিন্তু আমাদের যুগাবতার ঠাকুরের শিক্ষা দীক্ষা সাধন সমাধি অন্যরূপ অর্থাৎ স্বার্থানুসন্ধান শূন্য বা এইরূপ—সর্ব্বেষাং মঙ্গলং ভূয়াৎ সর্ব্বেসন্তু নিরাময়াঃ। সর্ব্বে ভদ্রানি পশ্যন্তু মা কশ্চিদ্দুঃখভাগ্ ভবেৎ॥

পৃথিবীস্থ সমস্ত জীবের অর্থাৎ স্থাবর জঙ্গম যত কিছু জীব আছে তাহাদের সকলের মঙ্গল বা শুভ হোক্। সকলে রোগশূন্য হোক। সকলে শুভ দর্শন করুক। কেহ যেন দুঃখ ভোগ না করে। আমার নিজের জন্য কিছুই আবশ্যক নাই। কেবমাত্র যে তপস্যার ফলই জীব জগৎকে অর্পণ করিয়াই সন্তুষ্ট হইয়াছেন তাহা নয়। নিজের দেহটি পর্য্যন্ত সমর্পণ করিয়া প্রকট লীলার পরিসমাপ্তি করিয়াছেন। ৩

জাগতিক জনগণ জ্ঞানোদয়ের সঙ্গে সঙ্গে আমরণান্ত যে দুইটি বস্তু পাইবার জন্য আপ্রাণ চেষ্টা করেন। ঠাকুর সেই দুইটি বস্তু কামিনী আর কাঞ্চনকে অভোগ্যা ও অস্পৃশ্যরূপে বর্জন করিয়া বেদ পুরাণাদি সম্মত বাক্যসকল অতি সরল ভাবে মাতৃভাষায় সমলঙ্কৃত করিয়া সাধারণ কথায় অনায়াসে ভগবৎ সাক্ষাৎকারের নূতন পথ প্রদর্শন করাইয়াছেন। ৪

ঠাকুরের যেসকল বাণীর অনুশীলন মাত্রে সাধকগণের অতি কঠোরতর আচরণের কিছুমাত্র আবশ্যক হয় না। অর্থাৎ ছাই ভস্ম মাখা বৃক্ষতলে বাস, জটাজুট ধারণ ত্রিদণ্ড গ্রহণ, যম, নিয়ম, আসন, প্রাণায়াম প্রত্যাহার, শ্রবণ, মনন, নিদিধ্যাসন বা সর্বত্যাগ কিছুই আবশ্যক হয় না।

ঠাকুরের আদেশ বা উপদেশ মোড় ফিরাণ অর্থাৎ ঠাকুর বলিয়াছেন স্ত্রী, পুত্র, বাপ, মা, সকলকে নিয়ে থাকবে ও সেবা করবে। যেন কত আপনার লোক কিন্তু মনে জানবে যে এরা তোমার কেও নয়। এই কথাটি বেদ পুরাণ সম্মত কথা বা যত রকম ধর্মের মত আছে সকলেরই সার কথা। যদি শাস্ত্র দেখা যায় তাহাতেও এই সিদ্ধান্তই পাওয়া যায়। মন এব মনুষ্যাণাং কারণং বন্ধ মোক্ষয়োঃ। বন্ধায় বিষয়া সক্তং মুক্তৈ্য নির্ব্বিষয়ং মনঃ॥ নায়ং জনো মে সুখ দুখঃ হেতুঃ। মনঃ পরং কারণ মা মনন্তি। তস্মাৎ সর্ব্বাত্মনা তাত নিগৃহান মনো ধিয়া। ভাগবতে ১১ স্কঃ ২৩ অঃ। অর্থাৎ মনই বন্ধন বা মুক্তির কারণ বিষয়ে মন দিলে বন্ধন হয় মনকে বিষয় শূন্য করাতে পারিলেই মুক্তির বা ভগবৎ প্রাপ্তির কারণ হয়। অতএব মনকে সংযত করাই বুদ্ধিমান ব্যক্তির কর্ত্তব্য। ৫

ভগবান কৃষ্ণচন্দ্র উদ্ধবকে যাহা বলিয়াছেন ঠাকুরেরও মত তাহাই। স্ত্রীনাং স্ত্রী স'ঙ্গনাং সঙ্গং ত্যক্ত্বা দূরত আত্মবান্। হৃদি কৃত্বা হরিং গেহাৎ প্রব্রজেৎ স নরোত্তমঃ॥ অর্থাৎ সাধকগণ বা মোক্ষকামী সন্ন্যাসীসকল স্ত্রীলোকের সঙ্গ এবং স্ত্রীলোকের সঙ্গকারী ব্যক্তির সঙ্গ দূর হতে পরিত্যাগপূর্ব্বক ভগবানকে বা ব্রহ্মবস্তুকে হৃদয়ে ধারণ পূর্ব্বক গৃহ হইতে বহির্গত হইয়া যদি সন্ন্যাসাশ্রম অবলম্বন করেন তবে তিনি নরোত্তম বা দেবতার মত সকলের পূজ্য হন। ৬

এবং বৃহদারণ্যক উপনিষদে যোগীশ্বর যাজ্ঞ্যবল্ক সংবাদে গার্গীকে বলিয়াছেন—অমৃতত্বস্য নাশাস্তি বিত্তেন॥ অর্থাৎ অর্থের দ্বারা ভগবানকে পাইবার আশা পর্য্যন্ত নাই। তস্মাদনর্থমর্থাখ্যং শ্রেয়োহর্থী দূরত স্ত্যজেৎ॥ ভাঃ ১১। অর্থাৎ অর্থরূপ যে অনর্থ তাহাকে মুক্তিকামী ব্যক্তি দূর হতে ত্যাগ করিবে। তাই আমাদের বেদ পুরাণের প্রতীক ঠাকুর মনকে সংযত ও কামিনীকাঞ্চন ত্যাগ করিয়াছেন। ৭

ঠাকুরের অমৃতময় বাণী যথার্থই অমৃত দান করেন। এক একটি কথার ভাবার্থ যে কি তাহা বহু জন্ম চেষ্টা করিলেও বুঝিতে পারা যায় না। কিন্তু যমেবৈষ বৃণুতে তেন লভ্যঃ। যশ্চ তৎ শরণং গতঃ। অর্থাৎ যে ব্যক্তি ঠাকুরের কৃপাপ্রার্থী হইয়া একান্ত মনে শরণাপন্ন হন্ তিনিই তাঁহার ভাষা বুঝিতে পারেন। ৮

যদিও আমি বহুতর জন্ম জন্মান্তরের বহুতর পুণ্য কর্ম্মের ফলে একদিন একবার মাত্র ঠাকুরকে প্রত্যক্ষরূপে দর্শন করিয়াছি তাহাতেই আমি যে কি হইয়াছি তাহা অবক্তব্য বা মুখে বলা যায় না। তথাপি আমার মনে হয় আমার জন্মদাতা পিত্য ঠাকুরের বাল্যলীলার সহচর বা বন্ধু ছিলেন তজ্জন্যই আমার প্রতি এত দয়া এত অনুগ্রহ এত আগ্রহ এবং গ্রন্থরচনার আদেশ। আমি অষ্টম বর্ষ বয়সে পিতার সহিত যেদিন রাণী রাসমণির দক্ষিণেশ্বরের মন্দিরের সান্নিধ্যে পঞ্চবটীর তলায় যাইয়াছিলাম তখন আমার পিতা সসম্ভ্রমে কাতরভাবে সাক্ষাৎ ভগবৎ বুদ্ধিতে ঠাকুরের পদপ্রান্তে সাষ্টাঙ্গে প্রণামপূর্ব্বক পুনঃ পুনর্ব্বার পদধূলি মস্তকে ধারণ করিয়া আমার মস্তকেও পদধূলি দিয়া আমাকে টানিয়া আনিয়া ঠাকুরের পদযুগলের মধ্যে মস্তকটি নত করাইয়া ছাড়িয়া দিলেন। আমিও একপ্রকার সাষ্টাঙ্গভাবে ঠাকুরের পদতলে পড়িয়া থাকিলে ঠাকুরও আমার মস্তকে করপদ্ম অর্পণ করিয়া বলিলেন "তুই দীর্ঘ জীবী ও পণ্ডিত হবি।" এই কথা শুনিয়া আমি কিছুক্ষণ অজ্ঞান অবস্থায় ছিলাম। তথাপি ঐ আশীর্ব্বাদ বাক্যটি যেন আমার কর্ণে বহুবার প্রতিধ্বনি হইতেছিল। ৯

ঠাকুর দর্শনের প্রায় ৪বৎসর পরে ঠাকুর লীলা অপ্রকট করিলেও প্রায় ২।১ বৎসর পরে পরে রাত্রিকালে নিদ্রিতাবস্থায় পূর্ব্বোক্ত মূর্ত্তিতে দর্শন দিয়া বলিতেন "ওহে ছেলে ভাল আছিস্ ত আমি চললাম"। সেই রূপ স্বপ্নে দর্শন করিয়া শিহরিয়া উঠিতাম এবং অাঁ অাঁ শব্দ

করিতাম এইরূপ ভাবে যখন আমার ৫০ পঞ্চাশ বৎসর বয়স তখন আমি একজন ধুরন্ধর পণ্ডিত ও বক্তা হইয়াছি। আমার চতুষ্পাঠীতে ১০।১৫টী ছাত্র আবাসিক ভাবে থাকিয়া নানাবিষয়ে অধ্যয়ন করিতেছে। পরীক্ষার পর ছাত্রসকল নিজ নিজ গৃহে গমন করিলে আমি একা গ্রন্থাদি রক্ষার্থ চতুষ্পাঠীতে রাত্রে গাঢ় নিদ্রায় নিদ্রিত। প্রায় রাত্রি ২ টার সময় ঠাকুর পূর্ব্বের মত আসিয়া বলিলেন ভাল আছিস ত আজ ভাল করে শোন এই বলিয়া একটি সংস্কৃত শ্লোক বলিলেন শ্লোকটি এইরূপ—"মল্লীলাং বিলিখ ত্বং ভো দেব ভাষা যুতাং সুধীঃ। ত্বামহং সংবদিষ্যামি মাভৈষীঃ পণ্ডিতো ভবান্। এই শ্লোকটি আমাকে আস্তে আস্তে তিনবার বলিয়া মুখস্থ করাইয়া অন্তর্হিত হইলেন। ১০

তৎপরে সসব্যস্তে জাগ্রত হইয়া হ্যারিক্যান জ্বালিয়া শ্লোকটি লিখিয়া কিছুক্ষণ চিন্তার পর বুঝিলাম ঠাকুর বলিলেন ওহে পণ্ডিত তুমি আমার লীলা সংস্কৃত ভাষায় লিখ। যদি বল বাল্যাবস্থায় একবার মাত্র আপনাকে সাক্ষাৎ দর্শন করিয়াছি তৎপরে পাঠ্যাবস্থা, অধ্যাপনা, সংসার, আপনার লীলার কণামাত্রও অনুশীলন করিনাই, জানি নাই, যাই নাই, দেখি নাই, শুনি নাই, বুঝি নাই, অতএব কিভাবে কি লিখিব? তদুত্তরে বলিলেন তুমি পণ্ডিত অর্থাৎ কালিদাস প্রভৃতি পণ্ডিতগণ পাহাড় পর্ব্বত আকাশ বাতাস এমনকি পশু পক্ষী প্রভৃতির চরিত্র বর্ণনা করিয়াছেন আর আমি মানুষ আমার বর্ণনা তুমি নিশ্চয় করিতে পারিবে। ভয়ের কারণ কিছুমাত্র নাই। তথাপি সন্দেহ হইলে আমি আমার লীলা তোমাকে বলিয়া দিব। এইরূপ ঠাকুরের উক্তিসকল চিন্তা করিয়া চোখের জলে বক্ষ ভাসাইয়া বলিলাম। "অপার করুণা তব" আমার প্রতি আপনার দয়ার শেষ নাই। আমার মত দীন দরিদ্র সংসারী দোষদুষ্ট প্রতিষ্ঠাকামী নরাধম পণ্ডিতাধমের প্রতি অসংখ্য কৃপা। অগত্যা ভীতমনে কাতর প্রাণে

দীনবন্ধু কৃপাসিন্ধু ঠাকুরের পাদপদ্মে কিঞ্চিৎ ভক্তিবিন্দু দিয়া শরণাপন্ন হইয়া ঠাকুরের জন্মভূমি কামারপুকুরে ও দক্ষিণেশ্বর প্রভৃতি স্থানে যাইয়া তথ্য সংগ্রহ পূর্ব্বক মহারাজগণের উপদেশে গ্রন্থটি লিখিয়া পণ্ডিত সভায় পণ্ডিতবর্গকে পরিদর্শন করাইলে তাঁহাদের ভূরি ভূরি প্রশংসাপত্রে বেলুড়মঠ উদ্বোধন অদ্বৈত আশ্রমের মহারাজগণের উৎসাহ-দানে চরিতার্থ হইয়া সেণ্ট্রাল গভর্ণমেণ্টের সাহায্যে বহু কষ্টে গ্রন্থখানি মুদ্রিত হইয়াছে। ১১

আমার সংগৃহীত লিখিত ঠাকুরের বহুবিষয়, স্বামিজী বিবেকানন্দের পাশ্চাত্য বিজয় চিকাগো বক্তৃতা, বলরাম বসুর জীবনী, কল্পতরু কথা, গিরীশ ঘোষের সিদ্ধান্ত বাক্য প্রভৃতি এই গ্রন্থে নিবেশিত না হইবার কারণ আমি একপ্রকার মুমূর্ষুঃ অর্থাৎ আমি বয়ঃক্রমে প্রায় ৯৩ বৎসরে পদার্পণ করিয়াছি অতএব মৃত্যু সন্নিকট বশতঃই আমার জীবনে সর্ব্বাঙ্গ সুন্দরভাবে গ্রন্থটির সংকলন অসম্ভব মনে করিয়াই কোন প্রকারে অর্থাভাবে বহু কষ্টে উক্ত বিষয় সকল বাদ দিয়া তাড়াতাড়ি শেষ করিলাম। ১২

যদি ২য় সংস্করণ সম্ভব হয় তবে আমার শেষকৃত্যের অধিকারী একমাত্র পুত্র অধ্যাপক পণ্ডিত প্রবর কাশীনাথ শাস্ত্রি বেদান্ততীর্থ এম, এ, ইনিই পরিশিষ্টাংশ নিবেশিত করিয়া গ্রন্থটি শেষ করিবেন। অথবা ঠাকুরের কৃপায় যদি আরও কিছুদিন জীবিত থাকি তবে অসম্ভবও সম্ভব হইতে পারে। ১৩

## গ্রন্থকর্ত্তার পরিচয়

আমরা কান্যকুব্জ দেশীয় গৌতম গোত্র পাশ্চাত্য বৈদিক ব্রাহ্মণ আমাদের বাসভূমি মেদিনীপুর প্রদেশের গড়বেতার অন্তর্গত শ্রীশ্রী৺কৃষ্ণরায় জীউর পাদমূলে বগড়ী কৃষ্ণনগর সংলগ্ন খুনীবেড়া গ্রামে আমার একটি ক্ষুদ্র কুটীর আছে। কলিকাতা গভর্ণমেণ্ট


এসিয়াটিক সোসাইটি গ্রন্থাগারে আমাদের বংশপরিচয় স্বর্ণাক্ষরে লিখিত আছে। তাহার একমাত্র কারণ এই যে আমাদের পূর্ব্বজ পণ্ডিতবর্গ বহুতর ধর্মগ্রন্থ লিখিয়াছেন। তন্মধ্যে পৃথিবী বিখ্যাত গণপতি ভট্টের জ্যেষ্ঠ পুত্র মহামহোপাধ্যায় গোবিন্দানন্দ ২৮ খানি তিথি কৌমুদী প্রভৃতি স্মৃতি গ্রন্থরচনা করেন ভাস্বতী প্রভৃতি জ্যোতিষ গ্রন্থের টীকা ব্রহ্মসূত্র বা বেদান্ত দর্শনের ব্যাখ্যা করিয়া জগৎ বিখ্যাত পণ্ডিত হইয়াছিলেন। ১৪

আমার প্রপিতামহ রামচন্দ্র শিরোমণি তৎকালে বঙ্গদেশে এমত নৈয়ায়িক পণ্ডিত অতি বিরল ছিলেন। পিতামহ নীলমণি বিদ্যারত্ন ইনি সর্ব্ব শাস্ত্রবিৎ পণ্ডিত ছিলেন। আমার জন্মদাতা পিতা যদুনাথ সার্ব্বভৌম। ইনি কৃত্যতত্ত্ববিশারদ ছিলেন। এবং আমাদের বংশের হারাধন তর্কবাগীশ রামামৃত স্মৃতিতীর্থ যোগেন্দ্র নাথ স্মৃতি-রত্ন অচিন্ত্য পদ শাস্ত্রী প্রভৃতি প্রভৃতি পণ্ডিতবর্গ রামগড় লালগড় সিমলাপাল ও মংলাপাতা প্রভৃতি রাজবাড়ীর সভাপণ্ডিত ছিলেন। ১৫

যদুনাথ সার্ব্বভৌমের পুত্র আমি শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ গভর্ণমেণ্ট বৈষ্ণব দর্শনের উপাধি পরীক্ষায় প্রথম স্থান অধিকার করিয়া সুবর্ণ পদক সহ ভক্তিতীর্থ উপাধি প্রাপ্ত হইয়া গভঃ রেজিষ্ট্রীকৃত এডিয়েড হাতিবাগান চতুষ্পাঠীর প্রধান অধ্যাপক পদে নিযুক্ত হইয়া ৭০ বৎসর দর্শনাদি শাস্ত্রের অধ্যাপনা করিতেছি। ১৬

ভগবান রামকৃষ্ণদেবের আশীর্ব্বাদে আদেশে অনুগ্রহে বাৎসল্যে ও উপদেশে রামকৃষ্ণভাগবত নামক তদীয় চরিত্র সম্বলিত গ্রন্থটি সংস্কৃত ভাষায় রচনা করিয়া পূর্ব্বজগণের দেশের দশের সংস্কৃত শাস্ত্রের এবং বঙ্গদেশের গৌরব রক্ষার্থে বাংলা ভাষায় অনুবাদ ইরাজী শিক্ষিত মহোদয়গণের সুবিধার জন্য ইংরাজী ভাষায় অনুবাদসহ রচনা করিয়া ধন্য হইবাছি। যদি কেহ গ্রন্থটি পাঠ করিয়া সন্তুস্ট বা আনন্দিত হন তবে যে কত সৌভাগ্য তাহা অনুমানেরও অগোচর। ১৭

# সূচীপত্রম্



*Author*—PANDIT RAMENDRA SUNDAR BHAKTITIRTHA

লেখক—বগড়ী কৃষ্ণনগর নিবাসী
পণ্ডিত শ্রীরামেন্দ্র সুন্দর ভক্তিতীর্থ

## श्रीश्रीरामकृष्णभागवतस्य

## मुखवन्धः

श्रीरामकृष्णदेवाय सच्चिदानन्द मूर्त्तये ।
ब्रह्मवंशावताराय जगद्धिताय ते नमः ॥ १
निखिल गुणगभीरो रामकृष्णो दयालुः
स्वकुल कुमुदचन्द्रो दीनवन्धुः शरण्यः ।
कलिहत जनमुक्त्यै कर्म्मकाराख्य सिन्धोः
समुदयदतिशुद्धो ब्रह्मचन्द्रः सुपूर्णः ॥ २
सप्तदश गते शाके सप्तपञ्चाशदुत्तरे ।
सौम्यवारे शुक्लपक्षे द्वितीयायां तपस्यके ॥ ३
आवीरासीत् पूर्णब्रह्म श्रीरामकृष्णविग्रहः ।
कलेर्जीवान् समुद्धर्त्तुं कामारपुकुरीदधौ ॥ ४

For the good of humanity God himself appeared as Sri Ramakrishna in a bramhin family. All obeisance to him. To bring redemption to humanity afflicted with the evils of Kali Yuga, Lord Sri Ramakrishna appeared in the sea, called Karmakar. In the second phase of the waxing moon, Wednesday, Falgun 6, in the saka year 1757, Sri Ramakrishna was born in the village of Kamarpukur. 1 to 4.

বঙ্গানুবাদ—

জগতের মঙ্গলার্থে ব্রাহ্মণ বংশে অবতীর্ণ সচ্চিদানন্দবিগ্রহ ভগবান শ্রীরামকৃষ্ণ-দেবকে নম- করি। ১

## প্রথমোঽঙ্কঃ

এবং শ্রীরামকৃষ্ণদেবের কনিষ্ঠা ভগিনী সর্বমঙ্গলা দেবীই সর্ব্বমঙ্গলদায়িনী লক্ষ্মীস্বরূপা। রামলালা বিগ্রহ সেবী জটাধারী সাধুই অগস্ত্য মুনি। যিনি ঠাকুরকে রামমন্ত্রে দীক্ষিত করিয়া সিদ্ধিদান করান। ১৩

তোতাপুরী সন্ন্যাসীই সাক্ষাৎ ব্রহ্মর্ষি বশিষ্ঠ। যিনি ভগবান শ্রীরামকৃষ্ণদেবর অদ্বৈত ব্রহ্ম সাধনার গুরু। ১৪

হৃদয় এবং হলধারী ঠাকুরের বিলাস মূর্ত্তি বিশেষ অর্থাৎ শ্রীদাম ও রামানুজ লক্ষ্মণ ছিলেন। ইঁহারাই প্রধান লীলা সহচর। ১৫

যেরূপ রামলীলায় শ্রীরামচন্দ্রের অপেক্ষাও শক্তিশালী কপিকুলচূড়ামণি মহাবীর রামদাস হনুমান শতযোজন বিস্তৃত সমুদ্র লঙ্ঘন পূর্বক রামকার্য্য সুসম্পন্ন করিয়াছিলেন। সেইরূপ ভগবান শ্রীরামকৃষ্ণদেবের সর্বপ্রধান সহচর শ্রীশ্রীরামকৃষ্ণদেবেরই অন্যতম মূর্ত্তি বিশেষ দয়ানিধি শ্রীনরেন্দ্রনাথ সমুদ্রের পর পারে গমন পূর্বক জড়বাদী শ্বেতাঙ্গদিগকে ঠাকুরের কথামৃতে আকর্ষণ করিয়া তাহাদিগকে মনুষ্যত্ব দান করিয়াছিলেন বা শ্বেতাঙ্গসকল যথার্থ মনুষ্যত্ব লাভে কৃতার্থ হইয়াছিল। ১৬।১৭।১৮।১৯

लङ्घयित्वा राम कार्य्यमकरोत् स महाकपिः ।
महावीरो रामदासः श्रीरामादपि शक्तिधृक् ॥ १७
तथात्र श्रीनरेन्द्रस्तु श्रीरामकृष्णसेवकः ।
श्रीरामकृष्णदेवस्य कृपया करुणा निधिः ॥ १८
गत्वा सिन्धोः पारमपि रामकृष्णकथामृतं ।
ददौ तज्जड़वादिभ्यो येन ते नरतां गताः ॥ १९
स्वयंरूपेनावतीर्णः श्रीरामकृष्ण नामधृक् ।
अभवद्धर्म्मरक्षार्थं जीवानां भुक्ति हेतवे ॥ २०
कलौ पीतावतारोऽयं ऋषिवाक्यानुसारतः ।
यन्नामतो ध्रुवामुक्तिर्भविष्यति न संशयः ॥ २१

इति श्रीभगवतः श्रीरामकृष्णदेवस्य स्वगण निर्द्देशरूपा पञ्चमा-वल्ली ॥ ५

Just as the mighty Hanuman served the will of Ramchandra by crossing over the sea, so also Sri Narendra crossed the seas to preach the message of Sri Ramkrishna among people who were spiritually blind. God Himself appeared as Sri Ramkrishna to the suffering humanity. According to the predication of the ancient sages, He is the Pita Avatara of Kali Yuga, by enchanting whose name man can undoubtedly attain salvation. 17 to 21

Here ends the Fifth Chapter enumerating the followers and associates of Sri Ramakrishna.

৪র্থঃ অ:

বঙ্গানুবাদ ঃ—

ভগবান শ্রীরামকৃষ্ণদেবই স্বয়ংরূপে আবির্ভূত হইয়া কলিহত জীবসকলের সনাতন ধর্ম্মের রক্ষা ও মুক্তিদানের উপায় নির্দ্ধারিত করিয়াছেন। ৩০

যাঁহার নাম লইবামাত্র মুক্তি হয় ইহা বেদ পুরাণাদি সর্ব্ব শাস্ত্রের সিদ্ধান্ত মত বা সর্বোত্তম সাধন বলিয়া মহাপুরুষগণ বলিয়াছেন। ২১

ইহাই শ্রীভগবান শ্রীরামকৃষ্ণদেবের স্বগণ নির্দ্দেশরূপ পঞ্চমবল্লী সমাপ্ত হইল।৫॥

ग्रन्थारम्भे श्रीरामकृष्ण देवस्य प्रणामादिना मङ्गलाचरणरूपा
षष्ठ वल्ली। ६

प्रणम्य श्रीरामकृष्णदेवं वाचामगोचरं।
बुद्धेर्मान्द्यान्मया भक्त्या स च वाग्‌विषयी कृतः ॥ १

विगत बहुसमाग्रे वीरसिंहो यशस्वान्
अजनपुर निवासी वेणीराजसिंहः।
अकृत परम भक्त्या यस्य मूर्त्तेः प्रतिष्ठां
निखिल जनशरण्यो रामकृष्णः स जीयात्। २

श्रीरामकृष्णदेवस्य माहात्म्यमधुनापि च।
दृश्यते महदाश्चर्य्यं तत्रस्थैर्बहुभिर्जनैः॥ ३
आकाशचार वेलायां श्रीमन्दिर विलङ्घने।
प्राणात्ययः पतङ्गानां भवेदेव न संशयः॥ ४

I bow down to Sri Ramakrishna. It is due to my folly that I try to catch Him in the net of letters even though no words can reach Him Some.

eight hundred years ago. Birsinha, King of Bishnupur, founded the stony image of Sri Sri Ramakrishna. Occasionally the glory of His divine presence is felt even now by the people of the locality. Any bird that attempts to fly over the the temple falls down and dies. 1 to 4

বঙ্গানুবাদ ঃ—

অনন্তর গ্রন্থারম্ভের প্রারম্ভে ষষ্ঠবল্লীতে গ্রন্থের প্রতিপাদ্য দেবতা ভগবান শ্রীরামকৃষ্ণদেবের প্রণাম ও কিঞ্চিৎ মাহাত্ম্য বর্ণিত হইতেছে। বাক্যাতীত ভগবান শ্রীরামকৃষ্ণদেবকে প্রণাম পূর্বক আমার অল্পবুদ্ধিতাবশতঃ আমি তাঁহাকে বাক্যের বিষয়ীভূত করিতেছি। ১

প্রায় আট শত বৎসর পূর্বে বাঁকুড়া প্রদেশের অন্তর্গত প্রসিদ্ধ বিষ্ণুপুর নামক রাজধানী নিবাসী যশোবন্ত পরম বৈষ্ণবরাজকুলচূড়ামণি বীরসিংহ নামক বিশুদ্ধ ভক্তিপূর্বক শ্রীশ্রী৺রামকৃষ্ণদেবের একটি শিলাময়ী জীবন্ত মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়াছিলেন। সেই সমগ্র জনগণের মঙ্গলদাতা শ্রীশ্রী৺রামকৃষ্ণদেব জয়যুক্ত হউন। ৩

এই রামকৃষ্ণ বিগ্রহের মহিমা অতীব আশ্চর্য্য। অদ্য পর্য্যন্ত সেই স্থানের বহুব্যক্তি প্রায় দর্শন করেন। পক্ষিগণের আকাশ পথে গমন সময়ে মন্দিরের চূড়া বা চক্র লঙ্ঘিত হইলে তৎক্ষাৎ মন্দিরের সম্মুখে পতিত হইয়া মৃত্যু হয় যদি সেই সময় পূজারী ব্রাহ্মণ দেখিয়া পক্ষীর মুখে চরণামৃত দেন তবে তৎক্ষণাৎ সেই পক্ষী জীবিত হইয়া উড়িয়া যায়। ২।৪

চরণামৃত সংস্পর্শাজ্জীবনং প্রাপ্নুবন্তি তে।
করাঙ্গুলিস্পর্শচিহ্নং ভোগান্নে দৃশ্যতে স্ফুটং॥ ৫

६ष्ठः अ:

अतस्त्रिकालसत्यत्वात्त्रिसत्यमभिधीयते ।
रमन्ते योगिनोयत्र निर्व्विकल्प समाधिना ॥ ६
सोऽयं श्रीरामकृष्णस्तु विग्रहान्तर धारकः ।
नराकृति परब्रह्मस्वरूपो नात्र संशयः ॥ ७
या लीलाश्चरितास्तेनाप्यचिन्त्यानन्तशक्तिकाः ।
अतः श्रीरामकृष्णोऽयं पूर्ण श्रीभगवान् स्वयं ॥ ८

But if the holy water of Sri Ramakrishna is sprinkled on its body, it comes back to life. Again on the rice offered to the God, marks of fingers are distinctly seen. God Ramakrishna manifested Himself in human form at Kamarpukur. So our Sri Rama krishna is undoubtedly God's own Self. 5 to 8

বঙ্গানুবাদঃ—

এবং বিগ্রহের অন্নভোগদান সময়ে অন্নের উপরিভাগে পাঁচটি অঙ্গুলির চিহ্ন দেখা যায়। ৫

অতএব শ্রীরামকৃষ্ণ বিগ্রহের ত্রৈকালিক সত্তা বশতঃ ইঁহার নাম ত্রিসত্য বলিয়া বেদে অভিহিত হইয়াছে। যে রামকৃষ্ণে যোগিগণ নির্বিকল্প সমাধি দ্বারা ব্রহ্মানন্দ প্রাপ্ত হন। ৬

এবং ঠাকুর যে সকল লীলা করিয়াছেন সেই সকল অচিন্ত্য ও অনন্তশক্তির প্রকাশক বশতঃ এইঠাকুর রামকৃষ্ণদেবই পূর্ণ স্বরূপ স্বয়ং ভগবান॥ ৮

शिवब्रह्मादयो ये च तन्त्र वेद प्रवर्त्तकाः ।
श्रीरामकृष्ण माहात्म्य वर्णने तेऽपि न क्षमाः ॥ ९

६ष्ठः अः

तत् कृपालेश प्रासर्थं तदादेशाद्विलिख्यते ।
तद्भक्तैः श्रीमहाभागैः चन्तव्य स्खलन मम ॥ १०

नाहं कवियशः प्रार्थी न मे चार्थागमे स्पृहा ।
आत्म संशोधनार्थाय ममायं परमोद्यमः ॥ ११

घुणाक्षरमिवै तेन यदि कस्यापि वा भवेत् ।
स्वल्पानन्दो ममैवासौ सौभाग्योदय उत्तमः ॥ १२

Lord Shiva and Bramha who are the makers of Tantra and Vedas are not capable of describing the glory of Sri Ramakrishna, I endeavour to scribble a sketch of his life at his behest that I may be favoured with a bit of his grace. Hence I hope thai his kind-hearted devotees will graciously forgive me for my faults. I have no ambitIon for fame ora fortune, It is all for self-purification that I have laboured on this book. I shall deem it a great fortune of mine if any words of this book are found to be worth appreciation by anybody, just as one gets delighted to see the shape of a letter among the innumberable dots on a piece of wood caused by wood worm.

9 to 12

বঙ্গানুবাদ ঃ—

তন্ত্র এবং বেদশাস্ত্রের প্রকাশক যেসকল শিব ব্রহ্মাদি দেবতা আছেন তাঁহারাও শ্রীরামকৃষ্ণ মহিমা বর্ণনে সমর্থ হন না। ৯

षष्ठः अः

ঠাকুরের কৃপাকণা পাইবার জন্য তাঁহারই আদেশে এই রামকৃষ্ণ ভাগবত সংস্কৃত ভাষায় লিখিতেছি। মহাভাগ্যবান ঠাকুরের ভক্তবৃন্দ মহারাজগণ আমার ভ্রমপ্রমাদে ক্ষমা করিবেন। ১০

আমি লেখকগণের মত সুখ্যাতি প্রার্থনা করি নাই। এবং এজন্য আমার অর্থাগমেও স্পৃহা নাই। আমি আমার অন্তঃকরণের বিশুদ্ধি কামনায় এই গ্রন্থ লিখিতেছি। ঘুণ নামক কীটের কাষ্ঠ দংশন বিন্দুর মধ্যে ২।১টি বর্ণবিন্যাসের মত আমারও নানাপ্রকার অসঙ্গত কথার মধ্যে যদি একটিও ভাল কথা দেখিয়া ভগবদ্ভক্ত আনন্দ লাভ করেন ইহাই আমার উত্তম সৌভাগ্য মনে করিব। ১১।১২

वाक्येषु यदि मालिन्यं वाक्यज्ञै र्दृश्यते यदि।
तन्मार्ज्जनेन मन्दोऽहमनुग्राह्योमहात्मभिः ॥ १३
जाह्नव्या विमलेतीरे ध्यानयोगाश्रिताय वै।
विश्वपावनकर्त्रे श्रीरामकृष्णाय ते नमः ॥ १४
अचलां सचलां कर्त्तुं यस्य शक्तः सुसाधनैः।
क्रीडापुत्तलिकां कालीं रामकृष्णं नमामि तं। १५
दक्षिणां कालिकां देवीं दक्षिणेश्वर पत्तने।
चकार जाग्रतीं यो हि रामकृष्णं नमामि तं ॥ १६

I bow down to Sri Ramakrishna who seated himself on the bank of the holy Ganga with his spiritual self poised on profound meditation and thought. I prostrate myself with great reverence to Sri Ramakrishna who made the stony image move with life and

played with the Goddess Kali like boy with a doll. I bend my head down to the feet of Sri Ramakrishna who could make the stony image of Dakshina Kali throb with life and consciousness. 13 to 16.

বঙ্গানুবাদ ঃ—

বাক্যজ্ঞানী পণ্ডিতবর্গ আমার বাক্যের মধ্যে দোষদর্শন করিলে অনুগ্রহ পূর্ব্বক ক্ষমা করিবেন ইহাই আমার একান্ত প্রার্থনা। ১৩

ভাগীরথীর বিশুদ্ধ তীরে ধ্যানযোগাবলম্বী জগৎপবিত্রকারী ভগবান শ্রীরামকৃষ্ণদেবকে নমস্কার করি,। যিনি অত্যুত্তম সাধনবলে প্রস্তরময়ী অচলা কালিকাদেবীকে সচলা ও ক্রীড়াপুত্তলিকার মত করিয়াছিলেন আমি সেই রামকৃষ্ণদেবকে নমস্কার করি। এবং দক্ষিণেশ্বরের দক্ষিণাকালিকাকে জাগ্রতা অর্থাৎ সাধারণ নারীমূর্ত্তির মত ভোজনাদি করাইয়াছিলেন আমি সেই রামকৃষ্ণ দেবকে নমস্কার করি। ১৪।১৫।১৬

स्वभक्तगण प्रत्यत्तामपिचक्रे सल्लीलया।
चिन्मयीं मातृरूपेण यो देव स्तमहं भजे॥ १७
श्रीरामकृष्णरूपी यो सच्चिदानन्द विग्रही।
तयोरैक्यमभूद्‌यत्र रामकृष्णं नमामि तं। १८
श्रीरामेण कृतः सेतुर्दुस्तरे लवनार्णवे।
रावणस्य वधार्थाय शतयोजन विस्तृते॥ १९
भवार्णवोत्तारणाययत्कथामृत सेतुना।
भवान्धकूप मग्नानां भवपारं प्रदर्शिनं॥ २०

ষষ্ঠ. অ:

I worship Sri Ramakrishna who could bring down the Divine Mother to this world of physical reality and show Her to his devotees. I pay my homage to Shri Ramakrishna who is the unified self of Sri Ramachandra and Sri Krishna. Shri Ramachandra made a bridge to cross the sea to kill Ravana, Sri Ramakrishna showed us by his divine knowledge the way to bridge over the sea of suffering and to reach the land of eternal bliss.

17 to 20

**বঙ্গানুবাদঃ—**

যে রামকৃষ্ণ নিজ ভক্তবৃন্দকে ও স্বকীয়া গর্ভধারিণীর ন্যায় চিন্ময়ী জগদম্বাকে প্রত্যক্ষ করাইয়াছেন আমি সেই রামকৃষ্ণকে ভজনা করি। ১৭

জ্ঞানানন্দস্বরূপ রাম এবং কৃষ্ণ এই দুইটি বিগ্রহ যে গদাধরে একতাপ্রাপ্ত হইয়া ভগবান শ্রীরামকৃষ্ণদেব রূপে সাধারণের প্রত্যক্ষ হইয়াছেন আমি সেই রামকৃষ্ণকে নমস্কার করি। ১৮

শ্রীরামচন্দ্র রাবণ বধের জন্য শত যোজন বিস্তৃত দুরতিক্রমনীয় লবন সমুদ্রে সেতুবন্ধন করিয়াছেন। ১৯

ভগবান শ্রীরামকৃষ্ণদেব সংসাররূপ অন্ধকূপে নিমজ্জিত জনগণের ভবসমুদ্র উত্তীর্ণ হইবার জন্য যাঁহার কথারূপ অমৃতের সেতুদ্বারা আনন্দময় ভগবৎ ধাম প্রদর্শিত হইয়াছে। ২০

भूभारहरणार्थाय वृन्दावनविहारिणा।
स्तव'ग्रस्यापिविध्वंसः कृतो भगवता स्वयं ॥ २१

६ष्ठः अः

जीवबन्ध विनाशाय श्रीरामकृष्ण देहिना।
संसारमार्गः सन्त्यक्तो जगतः शान्तिहेतवे ॥ २२

वेदे पुराणे तन्त्रे च मन्त्रे च भारते तथा।
श्रीरामकृष्ण नामैव गीतं सर्व्वत्र सर्व्वदा ॥ २३

वेदवदुत्तमा शिक्षा भवेदेव सुनिश्चिता।
यत् कथामृत शिक्षातो रामकृष्णं नतोऽस्मि तं ॥ २४

इति श्रीरामकृष्णभागवते प्रणत्यादिरूपा षष्ठवल्ली । ६

Sri Krishna annihilated his own race to relieve the earth of her miseries. Shri Ramakrishna avoided the way to family life for the peace of the world and to relieve humanity of bondage to this mortal world. The name of Sri Ramakrisha has been extolled in the Vedas, Tantra, Mantra, the Mahabharata and everywhere else. The utterings of Sri Ramakrishna are as good as the Vedas. I bow down to him. 21 to 24.

Here ends the Sixth Chapter of Sri Ramakrishna Bhagabatam expressing salutations to Him.

বঙ্গানুবাদ ঃ—

বৃন্দাবনবিহারী স্বয়ং ভগবান কৃষ্ণচন্দ্র পৃথিবীর দুঃখভার মুক্তির জন্য নিজ বংশ অর্থাৎ যদুবংশ ধ্বংশ করিয়াছেন তদ্রূপ শ্রীভগবান রামকৃষ্ণদেবও জগৎকে শান্তি দিবার জন্য সর্ব্বতোভাবে সংসার পথ পরিত্যাগ করিয়াছেন।

২১।২২

৬ষ্ঠঃ অঃ

বেদ পুরাণ তন্ত্র মন্ত্র ও মহাভারত প্রভৃতি যাবতীয় ধর্ম্মগ্রন্থে রামকৃষ্ণ নামই গীত হইয়াছে। ২৩

যে রামকৃষ্ণের কথামৃত হইতে বেদতুল্য শিক্ষা হয় ইহা ধ্রুব নিশ্চিত। আমি সেই ভগবান শ্রীরামকৃষ্ণকে কোটি কোটি নমস্কার করি। ২৪

এইটি শ্রীরামকৃষ্ণদেবের বন্দনাদি ষষ্ঠবল্লী।

# श्रीश्रीरामकृष्णभागवतम् ।

# শ্রীশ্রীরামকৃষ্ণভাগবতম্ ।

## আদিলীলা

### প্রথমোঽধ্যায়

सत्यनिष्ठः सदाचारः सत्यवादी सदाशुचिः ।
जितक्रोध स्तपस्वी च धार्म्मिकः प्रियदर्शनः ॥ १
भक्तो साक्षाद्रामदासः श्रीरामचन्द्रसेवकः ।
हरिश्चन्द्रसमस्त्यागी दाने दैत्यपतिर्यथा ॥ २
बुद्ध्या बृहस्पतेस्तुल्य आकाश ईव निर्म्मलः ।
स्वयम्भुसदृशः सृष्टौ ज्ञाने देवो महेश्वरः ॥ ३
श्रीक्षुदिरामनामैको ब्रह्मज्ञो ब्राह्मणोत्तमः ।
स्वभावकुलीनश्चासौ चट्टोपाध्यायवंशजः ॥ ४

## PART—1

### Chapter—I

There was a bramhin, named Khudiram, who came of chattopadhyaya family. He ranked high among the bramhins. He possessed divine wisdom. He was as great as Lord Shiva in knowledge, and the Eternal Being in his creative ability. He was as pure as the sky, and as learned as Vrihaspati, the Instructor of the gods. He equalled the Lord of Demons in charitableness, Harishchandra in renunciation, and Hanuman,

devotee of Shri Ramchandra in his devotion. He was good-looking, pious, given to penance, self-controlled, purged of all impurity, truthful and adhering to truth and goodness. ॥ 1 to 4 ॥

বঙ্গানুবাদ। সত্যনিষ্ঠ সদাচারী সত্যবাদী সর্ব্বদা পবিত্র মধুর দৃশ্য ত্যাগশীল ধাম্মিক সর্ব্বদা পবিত্র মহাবীর রামদাসসদৃশ ভক্ত শ্রীরামচন্দ্রের সেবক ত্যাগে রাজা হরিশ্চন্দ্র দানে দৈত্যপতি বলিরাজ বুদ্ধিতে বৃহস্পতি সৃষ্টিবিষয়ে ব্রহ্মা জ্ঞানে সাক্ষাৎ শঙ্করের সদৃশ বর্ণোত্তম ব্রহ্মজ্ঞ ব্রাহ্মণ চট্টোপাধ্যায় বংশসম্ভূতস্বভাবকুলীন ক্ষুদিরাম নামে জগৎ পবিত্রকারী একটি ব্রাহ্মণ ছিলেন। ॥ ১।২।৩।৪ ॥

প্রথমোঽধ্যায়ঃ

चन्द्रादेवी तस्य पत्नी सारल्यप्रतिमूर्तिका ।
सहास्यवदना देवी पत्युरेकान्तवल्लभा ॥ ५
गङ्गायाः पश्चिमे भागे हुगलीप्रदेशसंज्ञके ।
तस्य प्रान्ते देरेग्रामे पितृपैतामहो महान् ॥६
वसतिःक्षुदिरामस्य सम्पत्तिश्चापि विस्तरा ।
आसीद्विद्यालयस्तत्र तथा देवालयो महान् ॥७
तत्रत्यभूपतिर्योऽसौ पापिष्ठो दस्युवृत्तिकः ।
राजद्वाराभियुक्तः स क्षुदिरामं ससम्भ्रमम् ॥ ८
मिथ्यासाक्ष्यप्रदानार्थं प्रार्थयामास तं स्वयम् ।
प्रत्याख्यातस्तु विप्रेण सत्यनिष्ठाच्युतेर्भयात् ॥ ९

Chandra Devi was his wife. She was the very embodiment of simplicity with her face always smiling. Her unflincting devotion to her husband

was remarkable. In the district of Hooghly which is situated on the western side of the Ganga, there is a village named Derreh where lived the ancestors of Khudiram. They had there considerable property including a schcol and a temple. The Land-holder of the Place was notorious for his crimes and deeds of robbery. On being charged of misdeeds in the court of the king, he tried to persuade Khudiram to bear false witness in his favour. Khudiram, however, refused to do so lest he would lose his truthfulness.

॥ 5 to 9 ॥

বঙ্গানুবাদ। ক্ষুদিরামের সরলতার প্রতিমূর্ত্তি হাস্যমুখী দেবপত্নীতুল্যা চন্দ্রাদেবী নামে একটি অতিপ্রিয়া পত্নী ছিলেন। ॥ ৫ ॥

গঙ্গার পশ্চিম দিকে হুগলী জেলার শেষভাগে দেরে গ্রামে পুরুষানুক্রমে বৃহৎ বসতবাটী সুবৃহৎ শিবালয় অত্যুচ্চ বিদ্যালয় ও বিস্তর ভূসম্পত্তি ছিল। ৬।৭ সেই দেরে গ্রামের মহাপাপী দস্যুবৃত্তি জমিদার ক্ষুদিরামকে বিচারালয়ে মিথ্যা সাক্ষ্য দিবার জন্য স্বয়ং অনুরোধ করিলে ক্ষুদিরাম সত্যভ্রষ্টভয়ে জমিদারকে প্রত্যাখ্যান করিয়াছিলেন। অর্থাৎ আমি মিথ্যা সাক্ষ্য দিব না এই কথা বলিয়াছিলেন। ॥ ৬।৭ ॥

সর্ব্বস্বান্তঃ কৃতস্তেন ক্রোধাগ্নিদীপিতেন সঃ।
পত্নীপুত্রযুতস্তস্মাদ্ গৃহাদপি বহিষ্কৃতঃ॥ ১০
কেবলং সম্বলং তেষাং বস্ত্রং পরিহিতঞ্চ যত্।
দিগ্‌ভ্রান্তোভগ্নহৃদয়ঃ সর্ব্বস্বান্তো দ্বিজোত্তমঃ॥ ১১

किञ्चिद्दूरं गतस्यासौ मेने शून्यमिदं जगत् !
दुःखाश्रुधारयाप्यार्द्रीकृतहृद्वसनो द्विजः ॥ १२
हा राम कुत्र यास्यामि स्थास्यामि कुत्र वा वद ।
कुत्र चान्नं गृहं कुत्र प्राप्स्यामि तद् वद प्रभो ॥ १३
एवं संक्रन्दतस्तस्य दिव्यज्ञानमभूत्तदा ।
उन्नाम्नात्र हि कस्यापि दोषो नास्ति कथञ्चन ॥ १४

At this, the land-lord flew into a rage and drove Khudiram with his son and wife out of their hearth and home after robbing them of their all. Deprived of all but the cloth in which they were clad, Khudiram went away from the village with a very sorrowful heart. The world appeared to him to be like an empty dream. His trears wetted the cloth which covered his breast. He cried, "Ha Rama ! where am I going ? Where shall I stay ? Oh tell me where I shall find a home and food." As he was crying so, divine wisdom dawned upon him ; and he said that none was to blame for this mishap. ॥ 10 to 14 ॥

**বঙ্গানুবাদ।** এজন্য জমিদার অত্যন্ত ক্রোধ করিয়া পত্নী-পুত্রের সহিত ক্ষুদিরামকে সর্ব্বস্বান্ত করতঃ গৃহ হইতে বহিষ্কৃত করাইয়াছিল। ॥ ১০ ॥

পরিধানে বস্ত্র মাত্র সম্বল ভগ্নহৃদয় দিগ্‌ভ্রান্ত সর্ব্বস্বান্ত ব্রহ্মজ্ঞ ব্রাহ্মণ কিছু দূরে যাইয়া পৃথিবীশূন্য মনে করিয়াছিলেন। এবং চক্ষের জলে বক্ষঃ ও বস্ত্র প্লাবিত হইয়াছিল। ॥ ১১।১২ ॥

এবং বলিয়াছিলেন, "হে রাম, আমি এখন কোথায় যাইব কোথায় থাকিব, কোন স্থানে অন্ন পাইব গৃহই বা কোথায় মিলিবে। হে প্রভু, আপনি আমাকে তাহা বলিয়া দিন। ॥ ১৩ ॥

এইরূপ ভাবে ক্রন্দন করিয়া যাইতে যাইতে সেই সময় ক্ষুদিরামের দিব্যজ্ঞান হইলে বলিয়াছিলেন এবিষয়ে কাহারও কিছু-মাত্র দোষ নাই। ॥ ১৪ ॥

न कस्य दुःखदः कोऽपि सुखदो वा न कश्चन ?
न तत्र दोषलेशोऽस्ति स्व-कर्म्मफलभुक् पुमान् ॥ १५
अहो ब्रह्मण्यदेवस्य रामस्यानुग्रहो महान् ।
सर्व्वतो मां परीक्ष्यैव पादपद्मं स दास्यति ॥ १६

विषयाविष्टचित्तानां रामचिन्ता सुदुर्लभा ।
तस्मान्मां हृतसर्व्वस्वं कृतवान् भगवान् स्वयम् ॥ १७
एवं चिन्तयतस्तस्य भगवान् भक्तभक्तिमान् ।
क्षुदिरामस्य रक्षार्थं वैकुण्ठादपि प्रस्थितः ॥ १८
आविर्भूयान्तःकरणे संशुद्धमनसस्तदा ।
दूर्व्वादलश्यामरामो मा भैरिति तमुक्तवान् ॥ १९

"None can be the cause of joy or sorrow of another. None is to praise or blame for that. Man reaps according as he sows. Oh, how blessed am I by the unbounding grace of Lord Ramchandra that I am destined to be led to His feet after I have passed through these ordeals. Lord Himself has relieved me from all earthly

holdings, because one who has to think of wealth and earthly pleasure can hardly concentrate one's mind on God." When Khudiram was absorbed in such thoughts, Lord came down from His abode to save Khudiram, and appeared in his heart with the lustre of green grass. and said, "Don't be afraid." ॥ 15 to 19 ॥

**বঙ্গানুবাদ।** কেহ কাহাকেও দুঃখ বা সুখ দিতে পারে না। কারণ প্রতি জীবই নিজ নিজ কর্ম্মফল ভোগ করেন। ॥১৫॥

বিষয়ী ব্যক্তির ভগবানের চিন্তা দুর্লভ। এজন্যই ভগবান আমাকে কৃপা করিয়া কপর্দ্দকশূন্য করিয়াছেন। ॥১৬॥

ব্রহ্মণ্যদেব ভগবান্ শ্রীরামচন্দ্রের আমার প্রতি অপার করুণা যেহেতু তিনি আমাকে সর্ব্বতোভাবে পরীক্ষা করিয়া পাদপদ্ম দিলেন। ॥১৭॥

এইরূপ চিন্তাযুক্ত ক্ষুদিরামের রক্ষার্থে ভগবান বৈকুণ্ঠ হইতে আসিয়াছিলেন। ॥১৮॥

সেই সময়ে নবদূর্ব্বাদলশ্যাম শ্রীরামচন্দ্র বিশুদ্ধমন ক্ষুদিরামের হৃৎপদ্ম মধ্যে আবির্ভূত হইয়া ক্ষুদিরামকে ভয় নাই এই কথা বলিয়াছিলেন। ॥১৯॥

परन्तु मत्स्वरूपं ते सत्वरं दर्शयाम्यहम्।
एवं भगवतीवाक्यं श्रुत्वानन्दाश्रुसंप्लुतः॥ २०
गच्छन् पथि तदापश्यत् पूर्व्वबन्धुं दयापरम्।
कामारपुकुरावास श्रीसुखलालसंज्ञकम्॥ २१

गोस्वामिप्रवरं वर्द्धमानराजगुरुं द्विजे।
किमिदमित्युक्तवति गोस्वामी विस्मितोऽभवत्॥ २२
परस्परं समालिङ्ग्य कुशलं परिपृच्छ्य च।
गतसर्व्वस्वबन्धञ्च ज्ञात्वा गोस्वामी दुःखितः॥ २३
बन्धुकृत्यावकाशोऽयमिति सञ्चिन्त्य धार्म्मिकः।
स्त्रीकन्यापुत्रसंयुक्तं च्छुदिरामं ससम्भ्रमम्॥ २४

ससम्मानं गृहं नीत्वा गुरुवत्तमपूजयत्।
वासगेहादियुक्तञ्च धान्यच्चेत्रं ददौ मुदा॥ २५
कामारपुकुरे ग्रामे तञ्च वासमकारयत्।
तत्र च्चेत्रजशस्येन श्रीरामानुग्रहेण च॥ २६

सुसम्पन्ना जीविका च चिन्ताशून्योऽभवत्तथा।
ततःकर्म्मानुरोधेन ग्रामान्तरगतो द्विजः॥ २७

"Very soon I shall also show you my real self." On hearing this divine message, he was all drenched with tears of joy. On his way he came across his old kind-hearted friend, named

১মঃ অঃ।

Sri Sukhalal Goswami, who was an inhabitant of the village of Kamarpukur, and the religious preceptor of the King of Burdwan. When Goswami was addressed by Khudiram with the words "How is it", he became much surprised. They exchanged their greetings and embraced each other. When Goswami came to know of the most distressing condition of his friend, he became very sorry and made up his mind to take this opportunity for discharging his duties to a friend in distress. At once he took Khudiram with his wife and children to his home and treated him with great honour as his own respectable superior. ॥ 20 to 24 ॥

বঙ্গানুবাদ। পরন্তু আমি তোমাকে শীঘ্র আমার স্বরূপ দেখাইব এইরূপ ভগবানের আদেশ শুনিয়া ক্ষুদিরাম আনন্দাশ্রু পরিপ্লুত হইয়াছিলেন। ॥২০॥

এইভাবে পথিমধ্যে যাইতে যাইতে কামারপুকুরনিবাসী গোস্বামী শ্রেষ্ঠ বর্দ্ধমানের রাজার গুরু দয়াশীল পূর্ব্ববন্ধু সুখলাল গোস্বামীকে দেখিয়াছিলেন। ২১ উভয়ে পরস্পর আলিঙ্গন করিয়া কুশল জিজ্ঞাসা করিয়া গোস্বামী বন্ধুকে নিঃস্ব জানিয়া দুঃখিত হইলেন। ॥২২।২৩॥

পরম ধার্ম্মিক সুখলাল গোস্বামী বন্ধুর উপকারের এইটিই উত্তম সময় মনে করিয়া সসম্মানে সম্ভ্রমের সহিত। ॥২৪॥

আদি কাণ্ডং ১মঃ অঃ।

प्रत्यागमनवेलायां वृक्षमूलमुपाश्रितः ।
विश्रामसमये वृक्षच्छायाया: शैत्ययोगतः ॥ २৮
मलयानिलसम्पर्कादिन्द्रियोपरमात्तथा ।
ततृक्षणान्निद्रितो भूत्वा ददर्श स्वप्नमुत्तमम् ॥ २৯

Goswami gave him very gladly a dwelling house and also some cultivated land, and thus established his friend in Kamarpukur. Khudiram maintained himself and his family quite well with the corn of the field and by the grace of Lord Ramchandra. Once on his way back from a distant village where he had been on business, he took rest in the shade of a tree and felt greatly relieved and refreshed by the touch of cool breeze. Gradually he fell asleep and had a very good dream. ॥ 25 to 29 ॥

**বঙ্গানুবাদ।** ক্ষুদিরামকে নিজগৃহে আনিয়া তাঁহার স্ত্রী-পুত্র-কন্যার সহিত সকলকে গুরুর মত পূজা করিয়াছিলেন এবং একটি বাসগৃহ ও কিছু ধান্যক্ষেত্র দিয়া কামারপুকুরে বসবাস করাইয়াছিলেন। ॥২৫॥

শ্রীভগবান্ রামচন্দ্রের কৃপায় ক্ষেত্রজ ধান্যাদির দ্বারা জীবিকা নির্ব্বাহ হইত। অতএব ক্ষুদিরাম একপ্রকার নিশ্চিন্ত হইয়াছিলেন। ॥২৬॥

পরে ক্ষুদিরাম কোন একটি ধর্ম্মকর্ম্মে যোগদানের জন্য ভিন্ন গ্রামে যাইয়াছিলেন। ॥২৭॥

আদিকাণ্ডং ১মঃ অঃ।

সেই স্থান হইতে পুনরায় স্বগৃহে আগমনের সময় একটি বৃক্ষের মূলদেশে কিছুক্ষণ বিশ্রাম করিয়াছিলেন। বিশ্রাম সময়ে বৃক্ষচ্ছায়ার শীতলতায় এবং মলয়মারুত সম্পর্কে ইন্দ্রিয় সকলের বাহ্যক্রিয়া উপশমিত হইবামাত্র ক্ষুদিরাম নিদ্রিতাবস্থায় একটি উত্তম স্বপ্ন দর্শন করিয়াছিলেন। ॥২৮।২৯॥

नवदूर्व्वादलश्यामः श्रीरामो भगवान् स्वयम्।
धृत्वा बालकवेशन्तु सम्मुखे समुपस्थितः॥ ३०
उवाचाहं बहोः कालादनाहारप्रपीड़ितः।
स्थानादस्माद् गृहीत्वा मां स्वगृहं नय भक्तितः॥ ३१

त्वत्सेवाग्रहणार्थं मे व्यग्राशा वर्द्धते सदा।
अद्भुतस्वप्न संदृष्टेः परं निद्रा गता च सा॥ ३२
जागरेऽपि तदादेशः कर्णयोः प्रतिनादितः।
चक्षुषोर्मार्जनं कृत्वा धान्यक्षेत्रं ददर्श सः॥

He dreamt that God Himself appeared before him in the guise of a boy and said, "I am conttnuing to be hungry for a very long time. Take me to your house with great care. My longtng for your services is increasing more and more." After having dreamt this wonderful dream he woke up. Even though he was awake the divine words sounded in his ears. He rubbed his eyes and saw the paddy fields stretching before him. 30 to 33

বঙ্গানুবাদ—

যেন নবদূর্ব্বাদলবশ্যাম স্বয়ং ভগবান্ শ্রীরামচন্দ্র একটি বালকের

মূর্ত্তি ধারণ পূর্ব্বক ক্ষুদিরামের সম্মুখে উপস্থিত হইয়া অতিকষ্টে বলিয়াছিলেন, আমি বহুকাল হইতে এইস্থানে অনাহারে আছি। তুমি আমাকে এইস্থান হইতে ভক্তিপূর্ব্বক গ্রহণ করিয়া নিজগৃহে লইয়া চল। তোমার পূজা পাইবার জন্য আমার বড়ই ইচ্ছা। ৩০।৩১

এইরূপ আশ্চর্য্য স্বপ্ন দেখিবার পরই ক্ষুদিরামের নিদ্রাভঙ্গ হইলে জাগ্রত অবস্থায় ও ভগবানের আদেশ ক্ষুদিরামের কর্ণমধ্যে প্রতিধ্বনিত হইতেছিল। তৎপরে চক্ষুদ্বয় পরিষ্কার পূর্ব্বক সম্মুখে একটি ধান্য ক্ষেত্র দেখিয়াছিলেন। ৩২।৩৩

স্বপ্নে ধান্যক্ষেত্রমধ্যে বালকং দৃষ্টবান্ দ্বিজঃ।
স্বেষ্টদেবানুসন্ধিৎসুঃ ক্ষেত্রমধ্যং গতস্তদা ॥ ৩৪
দদর্শ ভীষণং সর্পং শালগ্রামশিলোপরি।
স্বফনং বিস্তৃতং কৃত্বা তাপহানিং করোতি হি ॥ ৩৫

শিলাদর্শনতঃ সাধুর্ভুজঙ্গদংশভীতিহৃত্।
রামনাম সমুচ্চার্য্য দ্রুতং তত্র জগাম সঃ ॥ ৩৬
শ্রুত্বা সর্পো রামনাম বিবেশ গর্ত্তমধ্যতঃ।
বিবরপ্রান্তদেশস্থাং শালগ্রামশিলাং ততঃ ॥ ৩৭

He went into the paddy-field in search of the boy whom he had seen in his dream. He found there a deadly snake standing with its hood spread out to protect "Salagram Shila" a divine stone from the scorching rays of the sun. On seeing the stone he lost all fear of snak-bite and hurried forward to it uttering the names of Rama·

The snake entered into a hole' From the side of the hole he picked up the stone. ॥ 34-37 ॥

বঙ্গানুবাদ—

স্বপ্ন সময়ে ক্ষুদিরাম ধান্য ক্ষেত্র মধ্যেই বালক বেশধারী ভগবানকে দেখিয়াছিলেন তদ্রূপ নিজ ইষ্ট দেবতা জ্ঞানে তাঁহার অনুসন্ধানার্থে ধান্য ক্ষেত্রে যাইয়া দেখিলেন সেইস্থানে একটি ভয়ঙ্কর সর্প ফণা বিস্তার করিয়া বৃহদাকার শালগ্রাম শিলার রৌদ্রতাপ দূরীভূত করিতেছে। ৩৪।৩৫

ক্ষুদিরাম শিলা দেখিয়া সর্প দংশন ভয় নাশক রামনাম উচ্চারণ করতঃ দ্রুত পদে সেইস্থানে যাইয়াছিলেন। ৩৬

সর্পরাজ রামনাম শুনিয়া গর্ত্ত মধ্যে প্রবিষ্ট হইলে ক্ষুদিরাম গর্ত্তের উপরিভাগে অবস্থিত শালগ্রাম শিলাটিকে লইলেন। ৩৭

आनीय लक्षणे ज्ञात्वा रघुवीर-शिलेति ताम्।
रघुवीर जयेत्युक्त्वा ब्रह्मानन्दप्रविप्लुतः ॥ ३८
शिलां स्वगेहे संस्थाप्या-भिषेकं यत्नतोऽभ्यधात्।
तदारभ्य ब्राह्मणस्यालयः सर्व्वसमृद्धिमान् ॥ ३९
रघुवीरस्य सान्निध्याद्रमाक्रीड़ो ह्यभूत्तदा।
दरिद्राणामतिथीनामाश्रयः सुमहानभूत् ॥ ४०
भोज्यभोज्यप्रदानाच्च रघुवीर-प्रसादतः।
गोधूमचूर्णपिष्टादि सूपान्नं पायसान्तिकम् ॥ ४१

He noticed the signs of the stone carefully and recognised it to be a "Raghubir" stone. He was beside himself with joy as he uttered, "Glory to

Raghubir." He placed the stone in his house after performing necessary rites. From that day onwards he began to prosper in every way and because of the presence of Ragubir, the Goddes of wealth aed fortune also made his house her own abode. His house also became a great shelter for the paor and the weak, as they were well fed with the offering of Raghubir. ॥ 38 41 ।

বঙ্গানুবাদ—

এবং ঐ শালগ্রাম শিলার চক্রাদি চিহ্ন দ্বারা রঘুবীর শিলা স্থির নিশ্চয় করিয়া নিজগৃহে সেই রঘুবীর শিলাটিকে স্থাপন পূর্ব্বক যথাশাস্ত্র অভিষে কাদিকার্য্য সুসম্পন্ন করাইয়াছিলেন, সেইদিন হইতেই ক্ষুদিরামের গৃহ সর্ব্বদা নানা দ্রব্য দ্বারা পরিপূর্ণ হইয়াছিল। ৩৮।৩৯

রঘুবীরের সান্নিধ্য বশতঃ স্বয়ং কমলার বাসভূমি তুল্য হইয়াছিল রঘুবীরের কৃপায় এবং ভক্ষ্য ভোজ্য প্রদান বশতঃ ক্ষুদিরামের গৃহ দরিদ্র এবং অতিথি গণের বিশেষ ভাবে একটি আশ্রয় স্থল হইয়াছিল। ৪০।৪১

गन्धपुष्पादि द्रव्यञ्च भोज्यद्रव्य' विशेषत:।
रघुवीरस्य सेवायाँ चन्द्रादेवी सुसंयुता॥ ४२

कृत्वा सर्व्वं सुसम्पन्न' रघुवीरस्य सम्मुखे।
प्रददौ तत्प्रसादार्थमेकान्तमनसा सदा॥ ४३

कर्म्मान्तरं परित्यज्य सेवायां केवला रतिः।
कामारपुकुरे विप्र: सर्व्वेषां भक्तिभाजनम्॥ ४४

तपोवलसमायुक्तो महर्षिरिव पूजित:।
बभूव तद्गेहकृत्यसाधिका सहधर्म्मिणी॥ ४५

Chandra Devi presented with great care and devotion sandal paste, flowers, and varieties of delicious dishes before Raghubir by way of services to him. With undiverted mind she entirely dedicated herself to the service of Raghubir. Khudiram was adored like a saint by the people of Kamarpukur for his piety and spiritual power. His wife managed his household affairs. ॥ 42-45 ॥

বঙ্গানুবাদ—

ক্ষুদিরামের পত্নী চন্দ্রা দেবী বিশেষ ভাবে সংযতা হইয়া রঘুবীরের সেবার উপযোগী গন্ধ পুষ্প ধূপ দীপ গোধূম চূর্ণ পিষ্টক সূপান্ন পায়সাদি ভোগদ্রব্য সকল প্রস্তুত করিয়া নির্ম্মলান্তঃকরণে রঘুবীরের কৃপালাভার্থে সর্ব্ব কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক যথা সময়ে রঘুবীরের সমীপে প্রদান করিতেন ॥ ৪২।৪৩

এবং ক্ষুদিরাম কামারপুকুর নিবাসী সকলেরই অতিশয় শ্রদ্ধার পাত্র ও তপোবল সম্পন্ন মহর্ষি তুল্য পূজিত হইতেন। এবং ক্ষুদিরামের ধর্ম্মপত্নী চন্দ্রমুখী চন্দ্রা দেবী-ও সকলের গর্ভ-ধারিণী মাতার মত হইয়াছিলেন। ৪৪।৪৫

देवी चन्द्रमुखी चन्द्रा सर्व्वेषां मातृरूपिणी।
प्रसादीयं स्वकीयान्नं दत्वा चातिथये मुदा॥ ४२
उपवासं स्वयं कृत्वा परमानन्दमाप सा।
अत्रागमनवेलायां ज्येष्ठो रामकुमारकः॥ ४७
दशवर्षवयाः पुत्रः कन्या कात्यायनी तथा।
द्विवर्षसम्मिता सा तु कात्यायनीव सुन्दरी॥ ४८

एवं पुत्रपत्नीकन्यायुतस्तत्रावसद्द्विजः ।
दिग्वर्षे तु गते तत्र पुनः पुत्रो व्यजायत ॥ ४८

Chandra Devi, whose face was like the full moon and was honoured by all as their mother, would have unbounded joy in distributing all the offered rice among the guests withcut leaving anything to eat for herself. When Khudiram came to Kamarpukur he had a ten-year old son named Ramkumar and a two-year old daughter, named Katyayani. After ten years another son was bcrm to him. 46-49.

বঙ্গানুবাদ—

চন্দ্রাদেবীর নিজের ভোজনার্থে ভগবৎ প্রসাদীয় যৎকিঞ্চিৎ প্রসাদ থাকিত সেই প্রসাদীয় অন্নের ভোজনের অব্যবহিত পূর্ব্বে যদি অতিথি বা অভ্যাগত ব্যক্তি উপস্থিত হইত তবে সেই অন্ন তাহাকে দিয়া আনন্দ মনে স্বয়ং উপবাস দিয়া থাকিতেন। ৪৬

কামার পুকুরে যখন ক্ষুদিরাম প্রথম আসেন তখন তাঁহার দশম বর্ষ বয়স জ্যেষ্ঠ পুত্র রামকুমার এবং দুই বৎসর বয়স্কা মা দুর্গার মত কাত্যায়নী নামে একটি পরমাসুন্দরী কন্যা ছিল। ৪৭।৪৮

এইরূপে কামার পুকুরে স্ত্রী পুত্র ও কন্যার সহিত দশ বৎসর পর্য্যন্ত পরমানন্দে অতিবাহিত হইলে ক্ষুদিরামের রামেশ্বর তীর্থ হইতে আসিবার পর পুনর্ব্বার আর একটি পুত্র হইয়াছিল। ৪৯

श्रीरामेश्वर इत्येव' तन्नाम व्यदधात्सौ ।
प्रामद्वादशवर्षीयाः कन्याया व्याधिकारणात् ॥ ५०

भावान्तरप्रकाशाच्च क्षुदिरामो व्यचिन्तयत् ।
रोगलक्षणविज्ञैस्तु नान्यरोगो विलक्षितः ॥ ५१
कन्याया हृत्पद्ममध्ये प्रेतावासः सुनिश्चितः ।
वैद्यासाध्यं सुविज्ञाय रघुवीरं समाश्रितः ॥ ५२
रघुवीरस्य पादाब्जं ध्यात्वैकमनसा द्विजः ।
उवाच प्रेतमुद्दिश्य याहि त्वमविलम्बतः ॥ ५३

This newborn son was named Shri Rameswar At the age of twelve years his daughter fell ill. The physicians, however, could not diagonise the the disease. When it was confirmed that she was passessed by a ghost, he prayed for the grace ot Raghubir and with an undiverted mind meditating on the glory af Ragnubir he said to the ghost "Go away from here." 50-53.

বঙ্গানুবাদ—

এজন্যই ছেলেটির নাম রামেশ্বর রাখিয়াছিলেন। ক্ষুদিরামের কত্যায়নী কন্যা দ্বাদশ বর্ষ বয়সে রোগাক্রান্তা হইয়া অন্য ভাবে আবিষ্টা হইলে ক্ষুদিরাম উদ্বিগ্ন হইয়াছিলেন। রোগ লক্ষণ পরীক্ষক বৈদ্যবর্গ দ্বারা অন্য রোগ লক্ষিত হয় নাই।৫০।৫১

বৈদ্যসকল কন্যার অন্তরে প্রেতভাব হইয়াছে এইরূপ স্থির করিয়াছিলেন। তখন ক্ষুদিরাম কন্যার রোগমুক্তি বৈদ্যবর্গের অসাধ্য মনে করিয়া ইষ্টদেবতা রঘুবীরের শরণাপন্ন হইয়া রঘুবীরের পাদপদ্ম একাগ্রমনে ধ্যান করতঃ প্রেতোদ্দেশ্যে বলিয়াছিলেন, "ওহে প্রেত ? তুমি আমার কন্যার দেহ পরিত্যাগ পূর্ব্বক শীঘ্র অন্যত্র পলায়ন কর ॥"৫২।৫৩

कन्यादेहं परित्यज्य रघुवीरस्य शासनात् ।
कन्यामुखेन प्रेतात्मा बाष्प गद्गदया गिरा ॥ ५४
उवाच क्षुदिरामन्तु यास्याम्येव न संशयः ।
किन्तु मत्प्रार्थनामेकां पूरय त्वं द्विजोत्तम ॥ ५५
नारकीं मां नरश्रेष्ठ नरकादुद्धर प्रभो ।
गयापिण्डप्रदानेन प्रेतत्वं मम मोचय ॥ ५६
भवतः पादमूले मे भिक्षेयं ब्राह्मणोत्तम ।
प्रेतस्य प्रार्थनां श्रुत्वा क्षुदिरामस्तु सम्मतः ॥ ५७

"It is the command of Raghubir that you should discard thts body of the girl" The ghost spoke through the mouth of the girl with choked voice, "I will surely go away from here. But I have one prayer for you to accede to. Be kind enough to redeem me from this life of ghost by offering "Pindas" in the holy Gaya. This is what I must humbly beg of you" Khudiaam acceded to the reguest of the ghost 54-57

বঙ্গানুবাদ—

এইরূপই ভগবান্ রঘুবীরের আদেশ। এই কথা শুনিয়া প্রেতাত্মা বাষ্প গদ্‌গদ্ স্বরে কন্যার মুখে ক্ষুদিরামকে বলিয়াছিল আমি নিশ্চয় যাইব এ বিষয়ে কিছু মাত্র সন্দেহ নাই। কিন্তু হে ব্রহ্মজ্ঞ ব্রাহ্মণ, আমার একটি মাত্র প্রার্থনা পূরণ করুন। ৫৪।৫৫

হে মহামানব, নরকগ্রস্ত আমাকে নরক যাতনা হইতে নিষ্কৃতি করুন। গয়াধামে গদাধরের পাদপদ্মে পিণ্ডদান করিয়া আমাকে

প্রেতযোনি হইতে মুক্ত করুণ। আপনার পাদপদ্মে আমার এই ভিক্ষা।৫৬।৫৭

प्रेतमाह सत्वरं ते गयापिण्डं ददाम्यहम्।
क्षुदिरामस्य तद्वाक्यं श्रुत्वा प्रेतोऽतिहर्षितः॥ ५८
कन्यास्त्र संपरित्यज्य स्वस्थानमगमत्तदा
तदा तीर्थगतिः क्लेशसाध्यत्वेऽपि हि स द्विजः॥ ५৯
प्रेतप्रतिश्रुतिं स्मृत्वा गयायात्रां, चकार ह।
यथाकालं गयाधाम्नि प्रेतमुद्दिश्य यत्नतः॥ ६०
पिण्डदानं कृतं तेन गदाधर-पदाब्जयोः।
ततः स्वपितृकृत्यन्तु कृतवान् सुमहामतिः॥ ६१

He also said, "I shall do so very soon." At this the ghost became very glad and left the body of the girl. To keep his promise to the ghost, Khudiram set out on the long and tiresome journey to Gaya. In due course he reached Gaya, offerd Pindas to the ghost and also performed rites to appease the spirits of his forefathers. 58-61

বঙ্গানুবাদ—

প্রেতের প্রার্থনা শুনিয়া ক্ষুদিরাম সম্মতি প্রদর্শনপূর্ব্বক বলিয়াছিলেন আমি শীঘ্রই তোমার উদ্দেশে গয়াক্ষেত্রে গদাধরের পাদপদ্মে পিণ্ড দিব। ক্ষুদিরামের এইরূপ বাক্য শুনিয়া প্রেতাত্মা অত্যন্ত আনন্দিত হইয়া কন্যার দেহ পরিত্যাগপূর্ব্বক স্বস্থানে প্রস্থান করিয়াছিলেন। ৫৮

তদানীন্তন তীর্থ গমনের পথ অত্যন্ত কষ্টসাধ্য হইলেও প্রেতের

নিকট প্রতিশ্রুতি স্মরণ করিয়া ক্ষুদিরাম গয়া ধামে যাত্রা করিয়াছিলেন।৬০

তৎপরে যথা সময়ে প্রেতোদ্দেশে গদাধরের পাদপদ্মে পিণ্ডদান করিবার পর ক্ষুদিরাম নিজের পিতৃকৃত্য ও আত্মীয় স্বজনের উদ্দেশে যথাবিধি পিণ্ড দান করিয়াছিলেন।৬১

पिण्डान् पितृमातृबन्धु-स्वजनेभ्योऽपिदत्त वान् ।
यस्मिन्नहनि चैतस्य कृत्यं सम्पूर्णताङ्गतम् ॥ ६२
तन्निशायां गयाधाम्नि दृष्टवान् स्वप्नमुत्तमं ।
दिव्यमूर्त्तिधराः सर्व्वे स्वपूर्व्वपुरुषाश्च ये ॥ ६३
दिव्यज्योतिः समाच्छन्नाः श्रीगदाधरमन्दिरे ।
तज्ज्योतिःमध्य आसीनो नवदूर्व्वादल-द्युतिः ॥ ६४
सिंहासने समारूढ़ः सुप्रसन्नोऽवदच्च सः ।
प्रियभक्तगृहं गत्वा तत्र मां संविभावय ॥ ६५

He also offered "Pindas" in the names of his parents, and his dead friends and relatives. On the very day he finished his rituals in the holy place of Gaya, he had a very auspicious dream He dreamt that shri Gadadhar with the lustre of new green grass was seated on the throne surrounded by divinely brilliant presences including his forefathers. Lord Gadadhar was greatly pleased with him and said, "Dear devotee, go home and think of me." 62-55

বঙ্গানুবাদ—

এবং যেদিন ক্ষুদিরামের গয়ার কার্য্যশেষ হইয়াছিল সেই রাত্রে গয়া ধামে একটি অপূর্ব্ব স্বপ্ন দেখিয়াছিলেন।৬২

যেন গদাধরের মন্দির প্রাঙ্গনে ক্ষুদিরামের পূর্ব্ব পুরুষ সকল দিব্য জ্যোতি পরিব্যাপ্ত দেবতার মত মূর্তি ধারণ করিয়া অবস্থিত সেই সকল পূর্ব্ব পুরুষ গণের মধ্যে সিংহাসনে সমারূঢ় নব দূর্ব্বাদল শ্যাম-বর্ণ ভগবান শ্রীরামচন্দ্র ক্ষুদিরামের প্রতি দৃষ্টি পূর্ব্বক সুপ্রসন্ন হইয়া বলিতেছেন। আপনি নিজ গৃহে গমন পূর্ব্বক আমার এই মূর্ত্তিটির হৃদয়ে চিন্তা করুণ ॥৬৩।৬৪।৬৫

तवैवपुत्ररूपेणावतरिष्यामि सत्वरम्।
गतनिद्रोऽपि सः स्वप्नो नेत्रयोरग्रतः स्थितः॥ ६६

तदावहुक्षणं यावन्नेत्रयोरश्रु-विन्दवः।
पतितास्तस्य रोमाञ्च स्वेदाद्यैः स परिप्लुतः॥ ६७

आनन्दसंप्लवे लीनो गयातो गृहमागतः।
सुस्वप्नस्तत्र यो दृष्टो न कस्यापि प्रकाशितः॥ ६८

चन्द्रादेव्यपि तत्काले दिव्यदर्शन-विस्मिता।
पञ्चचत्वारिंशद्वर्षे पत्नया गर्भोऽभवत् पुनः॥ ६৯

"I shall soon manifest myself as your son." He woke up and yet he could clearly visualise the dream before his eyes. Tears of joy came out of his eyes and he became quite wet with sweat. He returned home with great joy but never disclosed his dream to any body. At that

time Chandra Devi also had a wonderful divine vision. In the forty-fifth year she become pregnant again.

বঙ্গানুবাদ ঃ—

আমি আপনার পুত্র রূপে শীঘ্রই আবির্ভূত হইব। তৎক্ষণাৎ ক্ষুদিরামের নিদ্রাভঙ্গ হইলেও স্বপ্নটি যেন চক্ষুর সম্মুখে প্রতিভাত হইতেছিল।৬৬

সেই সময় বহুক্ষণ যাবৎ নেত্র হইতে অশ্রুধারা পতিত হইতে ছিল। এবং স্বেদ রোমাঞ্চ ও পুলকাদি দ্বারা আনন্দ-স্রোতে নিমগ্ন হইয়া গয়াক্ষেত্র হইতে কামার পুকুরে পুনর্ব্বার আসিয়াছিলেন ক্ষুদিরাম গয়া ধামে যে স্বপ্নটি দেখিয়াছিলেন তাহা কাহারও নিকটে প্রকাশ করেন নাই।৬৮

চন্দ্রাদেবীও সেই সময় বহু প্রকার দিব্য দর্শন করিয়াছিলেন।৬৯

ज्ञानवान् क्षुदिरामस्तु वाह्यलक्षणतस्तथा।
स्मृत्वा स्मृत्वा पुनः स्मृत्वा पुराण पुरुषस्य च ॥ ७०
आविर्भावं सुनिश्चित्य परमानन्द संप्लुतः।
क्वाहं मन्दमतिः क्षुद्रः क्व तवेयं दया प्रभो ॥ ७१
मामुद्दिश्यावतारोऽयं सशैलवनपादपां।
पवित्रयति भगवान् ससागरवसुन्धराम् ॥ ७१
नमस्तुभ्यं नमस्तुभ्यं पुनस्तुभ्यं नमो नमः।
तवैवापूर्व्वलीलेयं रघुवीर दयानिधे ॥ ७२

Khudiram came to know of this from the outward symptoms. He was much delighted at the surer indications of the manifestation of the

Supreme Being. He mused in himself, "Oh Lord! I am so mean and insignificant, whereas your kindness is so vast and great. I wonder how could you make me instrumental to your appearance which will purify the earth with its hills, forest and seas. Oh the ocean of kindness! inscrutable are your ways. I bow down to you again and again.

বঙ্গানুবাদ ঃ—

পঞ্চচত্বারিং-শৎ বর্ষ বয়সে পত্নী চন্দ্রাদেবী পুনর্ব্বার গর্ভধারণ করিয়াছেন তাহার বাহ্য লক্ষণের দ্বারা ক্ষুদিরাম বুঝিয়াছিলেন।৩০ গয়া ধামের স্বপ্ন পুনঃ পুনঃ স্মরণ পুরাণ পুরুষ ভগবানের আবির্ভাব নিশ্চয় করিয়া পরমানন্দে পরিব্যাপ্ত হইয়াছিলেন এবং বলিয়াছিলেন হে প্রভু দরিদ্র পাতকী আমিই বা কে এবং আপনার এইরূপ দয়াই বা কি ? ।৭১

আমাকে উপলক্ষ্য করিয়া সাগর ভূধর বন ও উপবনাদি সহ সমগ্র পৃথিবী পবিত্র করিবেন।৭২

আপনার এই লীলা অত্যাশ্চর্য্য অতএব হে দয়া নিধে রঘুবীর তোমাকে অসংখ্য নমস্কার করি।৭২

बभूवात्यद्भूतं दृश्यं ज्योत्स्नायुक्ताप्यमा तदा ।
तत्र गन्धर्व्वनागाश्च सिद्धाश्च परमर्षयः ॥ ६४
यातायातं प्रकुर्व्वन्ति ब्रह्मपञ्चाननादयः ।
निशागमनत-स्तेषां गात्रकान्त्या गृहं मम ॥ ७५
भवत्यालोकितं सर्व्वं कोटिचन्द्रकरैरिव ।
एवं चिन्तयती पत्नी क्षुदिरामस्य धीमतः ॥ ७६

আদিলীলা ১মঃ অঃ

अपूर्व्वरूपलावण्या चन्द्रा चन्द्र-समाभवत् ।
सर्व्वास्तुनार्य्यः यां दृष्ट्वा चमत्कारयुताभवन् ॥ ৩৩

The wife of Khudiram thought in herself, "How strange that the sky is seen to be illuminated in the moon-less night. Gods like Bramha, Shiva, angels and unearthly beings are visiting my room at the fall of night and making it bright as if with the light of innumerable moons," All the women of the locality wondered at the development of divine beauty and complexion of Chandra Devi who glowed like the full moon.

॥ 74th 77 ॥

বঙ্গানুবাদ ঃ—

সেই সময় অমাবশ্যার রাত্রিতে জ্যোৎস্না বশতঃ অতিশয় অদ্ভূত দৃশ্য হইয়াছিল। এবং সেই।সময় ক্ষুদিরামের গৃহে হা হা হু হু প্রভৃতি গন্ধর্ব্ব গণ বাসুকি আদি নাগ গণ ব্রহ্মর্ষি চতুরানন পঞ্চানন যাতায়াত করিতেন।৭৪

রাত্রিকালে আগমন বশতঃ সেই সকল দেবতার গাত্র কান্তি দ্বারা আমার সমস্ত গৃহ কোটি চন্দ্রের কিরণের মত আলোকিত হয়।৭৫

এই রূপে চিন্তিতা ক্ষুদিরামের পত্নী চন্দ্রাদেবী তৎকালে চন্দ্রের মত অপূর্ব্ব রূপবতী হইয়াছিলেন ॥ ৭৬ ॥

পরন্তু চন্দ্রাদেবীকে দেখিয়া অন্য নারী সকল অত্যাশ্চর্য্য বলিয়া মনে করিতেন ॥ ৭৭ ॥

আদিলীলা ১ অঃ।

चन्द्रादेव्यपि ताः प्राह कथं मेऽपूर्व्वगोचराः।
नानामूर्त्तिधरा देवा गृहमायान्ति यान्ति च॥ ৭৮
मूर्त्तिमतां देवतानां स्वरूपं वा कदाचन।
न प्रत्यक्षीकृतश्चैवं बहुगर्भाधृता मया॥ ৭৯
दिवसेवा निशायां वा सर्व्वदा भयशङ्किता।
ततः स्वामि-सकाशे सा देववार्त्ताव्य-चोकशत्॥ ৮০
प्रोक्तञ्च किमिदं स्वामिन् भूतैरेवं कृतं मनः।
न केवलं प्रपश्यामि वार्त्तामपि शृनोम्यहं॥ ৮১

Chandra Devi also said to them, "How is it that I am seeing wonderful visions. Gods of various appearances are visiting my chamber. During my previous conceptions I had never seen gods with such appearances. By day or by night I always feel very uneasy." She disclosed the facts of these unusual visitations of gods to her husband and said, "Oh Dear, am I possessed by spirits that I not only see these visions but also hear what they say. 78 to 81

বঙ্গানুবাদ :—

চন্দ্রাদেবী তাঁহাদিগকে বলিতেন। সাধারণের অপ্রত্যক্ষে নানামূর্ত্তিধারী দেবতা সকল আমার ঘরে যাতায়াত করেন আমি বহু গর্ভ ধারণ করিয়াছি কিন্তু কখনও এরূপভাবে কি দিবা কি রাত্রি সকল সময়েই ভয় শঙ্কিতা হইয়া দেবতাগণের প্রত্যক্ষ করি নাই।
৭।৮।৭৯

তৎপরে চন্দ্রাদেবী স্বামীর নিকটে দেবতাদিগের বিষয় প্রকাশ

প্রকাশ পূর্ব্বক বলিয়া ছিলেন হে স্বামিন্ কোন একটি প্রেতমূর্তি আমার মনকে এইরূপ করিয়াছে কেবল মাত্র যে দেবমুর্ত্তি দর্শন করি তাহা নয় পরন্ত সেই দেবতা সকলের কথাবার্ত্তাও শুনিতে পাই। ॥ ৮০।৮১ ॥

तेषां दिव्यसुगन्धेन पूर्णं क्षुद्रगृहं मम।
किं ममेदं-रोगचिह्न-मथवा प्रेतदर्शनात्॥ ८२
विकारो जायते नित्यं वद त्वं भीतिनाशकं।
श्रुत्वैवं पत्नीवाक्यन्तु मनसैवं प्रजल्पितं॥ ८३
स्वीयाँ वाचमृतां कर्त्तुमवतीर्णोऽसि मे गृहे।
जनार्द्दनः स्वयंरूपः श्रीहरिस्त्वं गदाधरः। ८४
यान्येव स्वाभिरूपाणि रूपाणि भगवंस्तव।
तानि तानि दधास्येव स्वभक्तानामरूपिणः॥ ८५

"This small chamber of mine is filled with their divine fragrance. Do I see all these due to some disease or due to some unusual changes in me because of the adverse influence of ghosts? Please tell me how it is and remove my fears." On hearing all these from his wife, Khudiram said to himself, God himself has appeared in my house to keep, "His own words. Oh God! Thou dost assume various appearances for the sake of Thy devotees, even though thou hast no shape." ॥ 82 to 85 ॥

**বঙ্গানুবাদ ঃ—**

পরন্ত তৎকালে আমার এই ক্ষুদ্র গৃহ দিব্য সুগন্ধে পরিপূর্ণ হয়।

ইহা কি আমার রোগচিহ্ন অথবা প্রেত দৃষ্টি বশতঃ এইরূপ বিকৃত অবস্থা হয়। হে ভয়নাশকারী স্বামিন আপনি তাহা বলুন। ইহা কি ?

এইরূপে চন্দ্রাদেবীর কথা শুনিয়া ক্ষুদিরাম এখন মনে চিন্তা করিয়াছিলেন। ৮৩

হে গদাধর আপনি স্বয়ং রূপ জনার্দ্দন শ্রীহরি। আপনি নিজ বাক্য সত্য করিবার জন্য আমার এই ক্ষুদ্র কুটীরে আবির্ভূত হইতেছেন। ৮৪
হে ভগবান আপনার অভিপ্রেত যে সকল রূপ আছে আপনি নিজে রূপ শূন্য হইলেও ভক্তের জন্য সেই সকল রূপ ধারণ করেন। ৮৫

त्वां ज्ञानिभिस्तत्त्व-विबोधनार्थं सदाभिवादार्हणपादपद्मं।
ऐश्वर्य्य वैराग्य यशोऽवबोध वीर्य्यादिभिः पूर्णमहं प्रपद्ये ॥ ८६
एवं गोप्तुं न शक्तोऽभूद्रघुवीरं स्मरन् द्विजः।
उवाच स्वप्नवृत्तान्तं गयायां दृष्टवान् यथा ॥ ८७
प्राणेभ्योऽपि प्रियतरां भक्ति गद्गदयागिरा।
त्वं देवि परमा धन्या साध्वी त्वं पतिवल्लभा ॥ ८८

"Oh Lord! I dedicate myself to your feet which are covetable by those who seek truth and knowledge and which are full of divine brilliance, aversion to transient things, all prevailing glory and wisdom, and unlimited strength." He could not help narrating all about his dream in the holy Gaya, to his wife who was dearer than his life. He also said, "Oh Dear! devcted as you are to your husband, you are blessed with divine grace."

॥ 86 to 88 ॥

বঙ্গানুবাদ ঃ—

জ্ঞানিগণ আপনার স্বরূপ জানিবার জন্য সর্ব্বদা বন্দনীয় আপনার পাদপদ্ম জ্ঞান বৈরাগ্য যশ ও শক্তি দ্বারা পরিপূর্ণ আপনার আমি শরণ লইলাম। ৮৬

ক্ষুদিরাম তখন আর গোপন করিতে না পারিয়া রঘুবীরকে স্মরণ করতঃ গয়া ক্ষেত্রে যে ভাবে স্বপ্নদর্শন করিয়াছিলেন সেই স্বপ্ন বৃত্তান্ত চন্দ্রাদেবীকে সম্পূর্ণরূপে বলিয়াছিলেন। ৮৭

প্রাণ হইতে প্রিয়তমা পত্নী চন্দ্রাদেবীকে শ্রদ্ধা সহকারে গদগদ স্বরে ক্ষুদিরাম বলিলেন হে দেবি তুমি সাধ্বী পতিব্রতা অতীব ধন্যা। ৮৮

कृतानि यानि पुण्यानि कोटि जन्मसु वै त्वया।
तत् पुण्यफल दानार्थं त्वत् कुक्षिमध्यगोहरिः॥ ৮৯

रघुवीरो हि यः साक्षात् यश्च साक्षाद् गदाधरः।
कृपया त्वद् गर्भमध्ये तावुभा-वेकताङ्गती॥ ৯০

अतो देवाः सगन्धर्व्वा भक्ता राजर्षय स्तथा।
यातायातं प्रकुर्व्वन्ति वैकुण्ठपति-तुष्टये॥ ৯১

अतस्त्वमवधानेन गर्भरक्षां कुरुष्व वै।
नो चिन्ता ना-पि शङ्का च रघुवीर प्रसादतः॥ ৯২

"The merits you have earned in your innumerable previous births have now been fruitful and caused the birth of God as your son. The child you have concieved is Raghubir and Gadadhar united together. So, the gods, Gandharvas,

devotees and the greatest of saints are visiting our house to have a look at the Lord of the universe. You, therefore, very carefully protect the growth of the child in you. By the grace of Raghubir you shall have no cause for fear or anxiety. ॥ 89 to 92 ॥

বঙ্গানুবাদ :—

তুমি কোটি জন্মে যে সকল পুণ্য সঞ্চয় করিয়াছ তাহার ফল দানের জন্য ভগবান তোমার গর্ভগত হইয়াছেন। ৮৯

অতএব আমার মনে হয় ভগবান রঘুবীর বা রামচন্দ্র এবং যিনি সাক্ষাৎ গদাধর শ্রীকৃষ্ণ এই দুইটি তত্ত্বই তোমার গর্ভ মধ্যে একতা প্রাপ্ত হইয়াছেন। ৯০

এজন্যই নৃত্য গীতাজ্ঞ গন্ধর্ব্বগণের সহিত দেবর্ষি প্রভৃতি ভক্তগণ শিবব্রহ্মাদির সহিত দেবতাগণ বৈকুণ্ঠ পতি ভগবান নারায়ণের দর্শন জন্য আমাদের এই ক্ষুদ্র কুটীরে যাতায়াত করেন। ৯১

অতএব তুমি সাবধানে গর্ভ রক্ষা কর। রঘুবীরের অনুগ্রহে কোনরূপ চিন্তা বা আশঙ্কার কারণ নাই। ৯২

चन्द्रादेवी पतिप्राणा पतिवाक्येन यन्त्रिता।
भावाविष्ट बभूवाद्वै वो स्वात्मानं विस्मरत्यसौ ॥ ९३

सर्व्वानन्द प्रदं देवं स्वामिनं कुलदैवतम्।
रघुवीरं समुद्दिश्य पूतां वाणीमुवाच ह ॥

किमेष वद भो स्वामिन् जगन्मङ्गल हेतवे।
पुराण पुरुषः साक्षात् प्रादुर्भूय ममोदरे ॥ ९५

त्वाञ्च माञ्च जगत् सर्व्वं स्थावरं जङ्गमं स्तथा।
पवित्रयति देवेशो भगवान् पुरुषोत्तमः॥ ॥

On hearing the words of her husband, Chandra Devi became beside herself with joy and said addressing Raghubir, the presiding diety of her family. "How is it that I have conceived the Lord of the universe for the welfare of the world and for the purification cf the animate and inanimate objects of the world." ॥ 93 to 96 ॥

বঙ্গানুবাদ ঃ—

পতিবাক্য পালিতা পতিপ্রাণা চন্দ্রা দেবী তন্ময়তা বশতঃ আত্মহারা হইয়া বা নিজকে ভুলিয়া গিয়া পরমানন্দ দাতা কুলদেবতা জগৎপতি ভগবান শ্রীরামচন্দ্রকে উদ্দেশ্য করিয়া পবিত্র বাক্য বলিয়াছিলেন। ৯৩।৯৪

হে স্বামিন্ জগতের মঙ্গল বিধানের জন্যই কি এই স্বপ্ন! সাক্ষাৎ পুরাণ পুরুষ কি আমার গর্ভে আবির্ভূত হইয়া তোমাকে আমাকে এবং স্থাবর জঙ্গম সকলকে দেব-দেব ভগবান পবিত্র করিবেন। ৯৫।৯৬

क्षुद्रेऽस्मिन् उटजे मे स कृपया-वतरिष्यति।
धन्यः श्रीरघुवीरस्त्व मपारकरुणा तव॥ ৯৭

कश्यपादितिरूपौ ता वभुवा वय्यच्युत प्रियौ।
प्रतीक्ष्य भगवज्जन्म दम्पतौ मुदमापतुः॥ ৯৮

আদিলীলা ১মঃ অঃ

**इति श्रीरामेन्द्रसुन्दर भक्तितीर्थविरचिते श्रीश्रीरामकृष्ण भागवते**
**पारमहंस्यां संहितायां भगवतो गदाधरस्या ।**
**विर्भावाभासरूपः प्रथमोऽध्यायः ॥ १**

"All glory to Sri Raghubir by whose unbounded grace He will be pleased to make his appearance in this humble cottage of mine." They who were like Kasyapa and Aditi, continued to await with great joy the birth of the Supreme Being.

॥ 47 to 98 ॥

**বঙ্গানুবাদ :—**

তিনি কৃপাপূর্ব্বক আমার এই ক্ষুদ্র কুটীর মধ্যে কি অবতীর্ণ হইবেন। হে রঘুবীর আপনি ধন্য আপনার অসীম দয়া। কশ্যপতুল্য ক্ষুদিরাম ও অদিতি তুল্যা চন্দ্রাদেবী অতি বিশুদ্ধ ভক্ত এই দুই জনেই ভগবানের অবতরণ অপেক্ষা করিয়া পরমানন্দে নিমগ্ন হইয়াছিলেন। ৯৭।৯৮

ভক্তিতীর্থ বিরচিত শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতে ভগবান গদাধরের আবির্ভাবের পূর্ব্বাভাস এই প্রথম অধ্যায়ে বলা হইল। ১

আদিলীলা দ্বিতীয়োধ্যায়ঃ ॥

**ऋतौर्हिमा-ख्यस्य यदा हि पूर्णता**
**माधुर्य्य युक्ता मधुना सुसिक्ता ।**
**आम्रादि वृक्षा मुकुलान्विताश्च**
**प्रपान मत्ता इव मत्तभृङ्गाः ॥१**

আদিলীলা ২য়ঃ অঃ।

सदा सदा-नन्द-मया महोत्सवाः
पतन्ति संघा मधुरं रुवन्तः।
ये किं-चन स्थावरजङ्गमास्त्र
प्रोल्लासितास्ते मधुभाव मात्रा ॥२

मधुर मधुर मूर्त्तिः सर्व्वदुःखा-पहारी
भव-जलधिसुपोतो भानुकोटि-प्रकाशः।
जलधिशर समुद्रे चन्द्र पूर्व्वे शकाब्दे
रसमित वुधवारे शुक्लपक्षे तपस्ये ॥३

When the winter had run its course and the mango trees had become saturated with sweet liquor and richly budded, the bees appeared to move like drunkards in the bar. The birds gave themselves up to revelry and continuous festivity and resounded all directions with their sweet songs. All animate and inanimate objects were deeply seasoned with a delicate sweetness. On Wednesday, the 6th day of the month of Falguna in the Saka year, 1757, Almighty Himself was born in the house of Khudiram. ॥ 1 to 3 ॥

বঙ্গানুবাদ ঃ—

যে সময় শীত ঋতুর শেষ অর্থাৎ ফাল্গুন মাসের আম্রাদি বৃক্ষ-সকল মুকুলিত ও মধুসিক্ত হইয়া মাধুর্য্যযুক্ত হইয়াছিল এবং প্রপাণ শালায় অর্থাৎ মদের দোকানে মত্ত ব্যক্তির মত ভ্রমরগণ সর্ব্বদা মধুপানে মত্ত হইয়াছিল। সেই সময় পক্ষি-সকল সদানন্দময়

আদিলীলা ২য়ঃ অঃ।

মহোৎসবে নিমগ্ন হইয়া মধুরধ্বনি করতঃ স্থাবর জঙ্গম যে কেহ সকল প্রাণীকেই অত্যধিক উল্লসিত করিয়া মধুভাবে লিপ্ত করিয়া ছিল।

১৭৫৭ শকাব্দার ফাল্গুন মাসের ষষ্ঠ দিবসে বুধবারে শুক্লপক্ষে মধুর হতে-ও মধুর মূর্ত্তি জগতের জীবের দুঃখ নাশক ভবসমুদ্রে একমাত্র নৌকা কোটী চন্দ্রতুল্যকান্তি। ৩

द्वितीयायां सिद्धियोगे चाविर्भूतः स्वयं हरिः।
क्षुदिराम-गृहे साक्षाद् भगवान् धर्म्मगुव् विभुः ॥४

चन्द्रादेवी निशा शेषे प्रसूयाश्चर्य्य-बालकं।
पतिमाहूय सा साध्वी पुत्रं तं समदर्शयत् ॥५
पुष्कलेन्दुर्यथा भाति प्राच्यां राकातिथौ निशि।
आविरासीत्तथा देवो भगवान् भक्त-वत्सलः ॥६

तमद्भुतं पद्मदलायतेक्षणं
हास्याननं चारु विशाल-वक्षसं।
श्रीवत्स चिन्हं गल-कौस्तुभा-न्वितं
पीताम्बरं सान्द्र-पयोद-सौभगम् ॥

Chandra Devi gave birth to a wonderful child at the close of the night and called for her husband to show the child. God manifested Himself like the full moon on the eastern horizon. His eyes were as beautiful as lotuses. His face was bright with a smile. His wide chest had the mark of Sribatsa. The Kaustava diamond hung round his neck. Clad in blue skirt, He assumed—the hue of dense clouds. ॥ 4 to 7 ॥

দ্বিতীয়া তিথিতে সিদ্ধযোগে ধর্ম্মরক্ষক সাক্ষাৎ ভগবান শ্রীহরি ক্ষুদিরামের গৃহে স্বয়ং আবির্ভূত হইয়াছিলেন। ৪

প্রভাত সময়ের কিছু পূর্ব্বে চন্দ্রাদেবী একটি আশ্চর্য্য শিশু প্রসব করিয়া স্বামী ক্ষুদিরামকে ডাকিয়া সেই পুত্রটিকে দেখাইয়াছিলেন। ৫

পূর্ব্বদিকে পূর্ণচন্দ্র পূর্ণিমা তিথিতে যেরূপ প্রকাশিত হন ভক্তবৎসল ভগবান শ্রীরামকৃষ্ণদেব সেইরূপ আবির্ভূত হইয়াছিলেন। ৬

সেই সর্ব্বাশ্চর্য্যময় পদ্মপলাশ নয়ন সহাস্য মুখারবিন্দ শ্রীবৎস চিহ্নিত সুন্দর ও বিস্তৃত বক্ষস্থল গলদেশে কৌস্তুভমনি বিরাজিত পীতবস্ত্র পরিহিত নিবিড় মেঘতুল্য সৌন্দর্য্যযুক্ত। ৭

महामनि वृहद किरीट कुण्डल
त्विषा परिव्याप्त सहस्र कुण्डलं।
भुजैश्चतुर्भिः सुविराजितं प्रभुं
धृताब्ज शङ्खादि लसन्नि-जायुधं ॥८

दृष्ट्वा तदा तं सहसा हरिं सुतं
ननाम विप्रः प्रणतः कृताञ्जलिः।
तद्रोचिषा तत्र निशा-पतिर्यथा
सहस्रकान्त्येव विराजितः स्वयं ॥९
स वै द्विज स्तस्य हि रूप दर्शनात्
विज्ञानजानन्द मवाप तत्क्षणात्।
मायामया-हङ्करणादि बन्धनात्
सद्योविमुक्तो भगवत् समीक्षणात् ॥१०

He had the crown and other ornaments dubbed with great diamonds. He was also

holding conch. wheel, club and lotus in his four hands. On seeing this divine appearance of God. Khudiram bowed down with great devotion and became beside himself with great joy. He at once attained salvation and freedom from the bondages of this world because of his sight of God's self. ॥ 8 to 10 ॥

বঙ্গানুবাদঃ—

অপ্রাকৃত বহুতর মনিমাণিক্য দ্বারা রচিত কিরীটি কুণ্ডলাদি শোভিত কুণ্ডলসমূহ চারিটি হস্তে শঙ্খ চক্রাদি নিজ অস্ত্রাদি শোভিত হঠাৎ এবম্ভুত পুত্ররূপী সাক্ষাৎ ভগবানকে দর্শন করিয়া ক্ষুদিরাম প্রণত পুরঃসর কৃতাঞ্জলি হইয়া প্রণাম করিলেন। এবং ভগবানের দেহজ্যোতিতে সেইস্থানে চন্দ্রদেব যেন সহস্র কান্তিদ্বারা স্বয়ং বিরাজিত হইয়াছিলেন। ৮।৯

সেই ক্ষুদিরাম ভগবানের স্বরূপ দর্শন জন্য সেই সময়ে ভগবানের দর্শন জনিত পরমানন্দ লাভ করিয়াছিলেন। এবং মায়াময় অহঙ্কারাদি বন্ধন মুক্ত হইয়াছিলেন। ১০

सर्व्वग्रहा स्तत्र सुदक्षिणास्च
कालस्च लग्नस्च सुदक्षिण स्तथा ।
नक्षत्रवारौ तिथि-शुभ्र-पक्षौ
तथानुकूलौ शुभ योग-युक्तौ ॥ ११

दृष्ट्वा श्रीभगवानाह विस्मितं पितरं तथा ।
भवन्तौ पितरावास्तां द्वापरे मम जन्मनि ॥ १२

आदिलीला २यः अः ।

नाम्नानक दुन्दुभिस्त्वं देवकी गर्भ धारिणी ।
युवा-भ्यान्तु पुनर्जातः प्राग् जन्म स्मरणादहं ॥ १३
पूर्णब्रह्म स्वरूपेण भवद्भ्यां ब्रह्म जन्मना ।
कलौ जीवान् परित्रातुं धर्म्मसंरक्षनाय च ॥ १४

The planets, the stars and the moon combined to make the moment most auspicious and benedictory. On seeing the father wonder-struck, God, said, "In the Dwapara yuga you were my parents who were called Basudev and Devaki. I am born again as your son to purge mankind of their sin and to restore faith in religion. ॥ 11 to 14 ॥

বঙ্গানুবাদ—

সেই সময়ে গ্রহসকল কাল লগ্ন বারতিথি যোগ ও নক্ষত্রাদি সকলই অনুকূল হইয়াছিল। ১১

তৎপরে পিতা ক্ষুদিরামকে সেইরূপভাবে বিস্মিত হইতে দেখিয়া ভগবান বলিয়াছিলেন। দ্বাপর যুগে আপনারাই আমার জন্ম সময়ে পিতা বসুদেব ও মাতা দেবকী নামে পরিচিত হইয়াছিলেন। আপনাদের স্মরণার্থে আমি পুনর্ব্বার কলিযুগের জীব সমুহের উদ্ধারার্থে এবং 'সনাতন ভগবদ্ধর্ম্ম রক্ষার্থে পূর্ণ ব্রহ্মস্বরূপে প্রকাশিত হইলাম। ১২।১৩।১৪

इत्थ मुक्त्वा स भगवां स्तुष्णीमासीत् स्वमायया ।
पश्यतो स्तत्क्षणात् पित्री र्बभूव प्राकृतः शिशुः ॥ १५

आदिलीला २य: अ:।

किन्तु दृग्गोचरत्यागाच्छिशो स्तौ पितरौ तदा।
हा हेति संरुवन्तौ तौ हतचित्तौ बभूवतुः ॥ १६

निखिलजन शरण्यो लोकदुःखापहारी
न भवति खलु वासो लोकवन्मेऽत्र सत्यं।
निजभवन विशून्यं कारयित्वा विरास
इति गिरिश शरीरा-लङ्कति खोचकार ॥ १७

चुल्लिकाभ्यन्तराद्धन्या धात्रया स सुवह्निकृतः।
विभूत्या लिप्तसर्व्वाङ्गं बालकं हृदिसंस्थितम् ॥ १८

On saying this, God ceased to speak and turned into an ordinary human child before the eyes of his parents. Next moment even the child could not be seen and the parents burst into tears At last the attending nurse brought the child out of an oven, with its body all covered with ashes. ॥ 15 to 18 ॥

বঙ্গানুবাদ—

এইরূপ বলিয়া সেই ভগবান তুষ্ণীম্ভাব অবলম্বন পূর্ব্বক পিতা মাতা উভয়ের সাক্ষাতে দেখিতে দেখিতে তৎক্ষণাৎ বৈষ্ণবী শক্তি প্রভাবে সদ্যোজাত শিশু মূর্ত্তি হইয়াছিলেন। ১৫

কিন্তু হঠাৎ পুত্রটি অদৃশ্য হইলে পিতামাতা হাহাকার শব্দ করিয়া মূর্চ্ছিতের মত হইলে অনন্ত ব্রহ্মাণ্ডস্থিত জনগণের একমাত্র স্মরণীয় শোক দুঃখ বিনাশকারী ভগবান সাধারণ ব্যক্তির মত আমার মর্ত্তধামে থাকা অসম্ভব এই জন্য তিনি চুল্লিকা মধ্যে অর্থাৎ রাঁধিবার উননের মধ্যে প্রবিষ্ট হইয়া ভস্মলিপ্ত বিগ্রহ ধারণ করিলেন। ১৭

आदिलीला २यः अः।

সেই সময় ধাত্রী মাতা ধনী উনোন হইতে ভগবানকে বহির্গত করিয়া ভস্মলিপ্ত সর্ব্বাঙ্গ বালককে হৃদয়ে ধারণ পূর্ব্বক। ১৮

धृत्वा तौ दर्शयामास धनी धात्री महाधनम्।
एवं स्वाविर्भावकाले न्यासिनां परमागतिः॥ १९
लीलातनुः स भगवां स्त्यागलीला मदर्शयत्।
ततः शिशोर्जातकर्म्म चकार कर्म्मवित् पिता॥ २०
गयायाः स्वप्नवृत्तान्तं क्षुदिरामोऽपि संस्मरन्।
गदाधरेति तन्नामकृतवान बालकस्य हि॥ २१
यदा गदाधरो जात स्तद्दिनावधि नो गृहं।
धनधान्येन सम्पूर्णं लक्षितं सुविशेषतः॥ २२

Thus even at the time of His birth His appearance in a body smeared with ashes signified His renunciation and aloofness from all earthly things. Khudiram then performed the birth ceremony of the child and named it Gadadhar in recollection of the dream in Gaya. From the day Gadadhar was born, the family of Khudiram began to grow rich and prosperous. 19 to 22

বঙ্গানুবাদঃ—

মহাধন অর্থাৎ লক্ষ্মী পতি ভগবানকে পিতা ক্ষুদিরাম ও মাতা চন্দ্রাদেবীকে দেখাইয়াছিলেন এইরূপভাবে সর্ব্বস্বত্যাগী ভক্তগণের একমাত্র গতি ভগবান নিজের আবির্ভাব সময়ে ত্যাগলীলা দেখাইয়াছিলেন। ১৯

আদিলীলা ২য়: অ:।

তৎপরে পিতা ক্ষুদিরাম পুত্রের যথাশাস্ত্র জাতকর্ম্ম করিয়াছিলেন এবং গয়া ক্ষেত্রের স্বপ্নবৃত্তান্ত স্মরণ করিয়া বালকের নাম গদাধর বলিয়া নাম করণ করিয়া ছিলেন। ২০।২১

আমি বিশেষ ভাবে লক্ষ্য করিয়াছি যেদিন হইতে গদাধর জন্মগ্রহণ করিয়াছে সেইদিন হইতে আমাদের গৃহ ধনধান্যে পরিপূর্ণ হইয়াছে। ২২

मन्ये गदाधर: साक्षात् कृपयास्मद् गृहागत: ।
इत्थं पितु: सकाशे सोऽवदद्राम कुमारकः ॥ २३
श्रुत्वैवं क्षुदिरामस्तु पुत्रं प्रोवाच तत्क्षणात् ।
नैतत् परस्मा आख्येयं तेनाभद्रं भविष्यति ॥ २४
बालस्य तल्पगमेकं सुदीर्घपुरुषं क्वचित् ।
दृष्ट्वातार स्वरैर्युक्ता चन्द्रा भीति समाकुला ॥ २५
गृहाद्बहिर्विनिष्क्रान्ता स्वामिन मवदत् सती ।
पत्न्यासह गृहं गत्वा शय्यायां केवलं सुतम् ॥ २६

Ramkumar also realised that Lord Gadadhar Himself had appeard in their house. Khudiram however, advised him not to reveal the matter to any body else, as some mischief might come out of it. Once Chandra Devi got frightened at the sight of a very tall person by the side of the bed of the child. She called in her husband who found none but the child. 23 to 26

বঙ্গানুবাদ :—

অতএব আমার মনে হয় সাক্ষাৎ ভগবান গদাধরই কৃপাপূর্ব্বক

আমাদের গৃহে অবতীর্ণ হইয়াছেন। এইরূপ ভাবে ক্ষুদিরামের জ্যেষ্ঠ পুত্র রাম কুমার পিতার নিকটে বলিয়াছিলেন ॥ ২৩

ক্ষুদিরাম রাম কুমারের এইরূপ কথা শুনিয়া তৎক্ষণাৎ বলিয়াছিলেন এই সকল কথা অন্যের নিকটে প্রকাশ করিওনা ইহাতে আমাদের ভাল হইবেনা ॥ ২৪

কোন সময়ে বালকের শয্যা মধ্যে একটি সুদীর্ঘ পুরুষ দেখিয়া ভয় পাইয়া উচ্চৈঃস্বরে গৃহের বহির্ভাগে স্বামীকে বলিয়াছিলেন ক্ষুদিরাম শ্রবণ মাত্রে গৃহমধ্যে যাইয়া কেবল মাত্র পুত্রকে শয্যাতে নিদ্রিত দেখিয়া পত্নীকে বলিয়াছিলেন কিছু মাত্র ভয় নাই। ২৫।২৬

निद्रितं वीक्ष्य तामाह भयं किञ्चिन्न विद्यते ।
एवमद्भूत दृश्यं हि नित्यञ्चात्र न नूतनम् ॥ २७
अप्रकाश्यमिदं देवि देवगुह्यं सुसंवृतम् ।
भयं मा कुरु देवि त्वं बह्वेवं दृश्यते मया ॥ २८
तथापि माता पुत्रस्य प्रेतागमन शङ्कया ।
शीघ्र मानय भो स्वामिन् गुनिनं भूत-घातकं ॥ २৯
इति गिरा मधुरयो वाच देवीं द्विजोत्तमः ।
उक्तञ्चात्र कथं देवि भूत-शङ्का प्रवर्त्तते ॥ ३०

Khudirm said to his wife, "Don't fear. I have been seeing such things often and on." But his wife feared that their house must have been hunted by ghosts At this Khudiram said, "How can you be afraid of ghosts ?" 27 to 30

বঙ্গানুবাদ :—

হে দেবি একথা প্রকাশ করা উচিত নয় কারণ শাস্ত্রে দেখা

যায় দেবতাদিগের বিষয় সর্ব্বতো ভাবে গোপনীয়। অতএব তুমি ভয় করিও না এরূপ আশ্চর্য্য আমার গৃহে নিত্যই হয়। ইহা নূতন নয় আমি প্রায়ই এরূপ দেখি।২৭।২৮

ক্ষুদিরাম এই রূপ বলিলেও চন্দ্রাদেবী পুত্রের প্রেতাবেশ আশঙ্কা করিয়া বলিয়াছিলেন হে স্বামিন শীঘ্রই আপনি ভূত ঘাতক-গুনী বা রোজা আনুন ॥ ২৯

তখন ক্ষুদিরাম মধুর বাক্যে সান্ত্বনা করিয়া চন্দ্রাদেবীকে বলিয়াছিলেন হে দেবি আমাদের গৃহে ভূতের আশঙ্কা কি কখনও হইতে পারে।৩০

यन्नाम स्मरणात् सर्व्वे भूत-प्रेत पिशाचकाः ।
विद्रवन्ति भयार्त्तावै विष्णु पद्मे रिवासुराः ॥ ३१

मृत्योरप्यन्तकोयत्र साक्षाद्रघुवरः प्रभुः ।
तदङ्घ्रि कमलं देवि सर्व्वापद्विनिवारकम् ॥ ३२

रघुवीरस्य सेवैव सर्व्वशान्ति फलप्रसूः ।
अन्यस्मै न समाख्येयं भ्रमाद्वापि कथञ्चन ॥ ३३

इत्युवाच पतिः पत्नीं सान्त्वयित्वा द्विजोत्तमः ।
ततः कालो गतस्तत्र पञ्चमासात्मकं शुभं ॥ ३४

"So long Raghubir is in our house, no ghosts or evil spirits can hunt our house, since the name of Raghubir is sufficient to avert all evils." Thus he consoled his wife. Thereafter five months passed peacefully. 31 to 34

বঙ্গানুবাদ :—

বিষ্ণুপক্ষ দেবতাগণ দ্বারা অসুর পক্ষ যেমন নিত্য পরাজিত তদ্রূপ যে ভগবানের নাম স্মরণ মাত্রে ভূত প্রেত ও পিশাচাদি ভয়ে পীড়িত হইয়া দ্রুত বেগে অন্যত্র পলায়ন করে। ৩১

যমেরও যম সাক্ষাৎ রঘুবীর যে স্থানে অবস্থান করেন সেই স্থানে ভয়? হে দেবি, রঘুবীরের পাদপদ্মই যাবদীয় বিপদ বিনাশক।৩২

এবং রঘুবীরের সেবাই সর্ব্ব প্রকার শান্তি দান করেন। এ সকল বিষয় অন্য কাহাকেও ভ্রমে ও বলিও না। ৩৩

ক্ষুদিরাম চন্দ্রাদেবীকে এই রূপ ভাবে সান্ত্বনা দিয়া তাঁহাকে সাবধান করিয়াছিলেন। তৎপরে পঞ্চম মাস পর্য্যন্ত এই ভাবে আনন্দের সহিত অতিবাহিত হইয়াছিল।। ৩৪

षान्मासिकस्य बालस्य विज्ञन मत्यलौकिकम्।
अकस्मादुदितश्चासीद यस्य तस्य गृहाङ्गने॥ ३५
कलभाषण पूर्व्वन्तु हस्तमुत्तोल्य संस्थित:।
अद्‌भूतागमनं तस्य दृष्ट्वा नारी सुविस्मिता॥ ३६
पादमित क्रोशवाटं लङ्घयित्वा गत: कथं।
बालकं क्रोड़ मारोप्य चुम्वनादि सुतोषितं॥ ३७
सुमिष्ट लड्डुकं दत्वा चन्द्राया गृहमागता।
कर्म्मान्तरे नियुक्ता सा वालस्यै दृक्‌विधां गतिं॥ ३८

When the child was only six month old, he crawled a distance of half a mile. A lady was surprised to see the child all alone. She

took the child to Chandra Devi who could not keep a watch on the child due to household work. 35 to 38

বঙ্গানুবাদ :—

ছয়মাসের বালক গদাধরের হামাগুড়ি দিয়া যেখানে সেখানে যাওয়া অতি আশ্চর্য্য ব্যাপার হইয়াছিল। অর্থাৎ যার তার ঘরের উঠানে যাইয়া অস্ফুট মধুর ধ্বনি সহকারে একটি হস্ত ভূমিতে রাখিয়া অন্য হস্ত উত্তোলন পূর্ব্বক সেই বাড়ীর স্ত্রীলোকের মুখের দিকে মস্তক উত্তোলন পূর্ব্বক উর্দ্ধ দৃষ্টি করিয়া থাকিত। সেই বালকের আশ্চর্য্য আগমন দেখিয়া অর্থাৎ প্রায় এক পোয়া পথ লঙ্ঘন করিয়া কি প্রকারে আমাদের ঘরে আসিয়া উপস্থিত হইল এই রূপে বিস্মিতা নারী বালকটিকে নিজ ক্রোড়ে উত্তোলন পূর্ব্বক চুম্বনাদি দ্বারা, সন্তুষ্ট করতঃ সুমধুর লড্ডুকাদি খাওয়াইয়া চন্দ্রাদেবীর গৃহে যাইয়া ছিলেন ।৩৫।৩৬।৩৭।৩৮

ज्ञातुं न शक्ता श्रुत्वैवाश्चर्य्य युक्ता तदाभवत् ।
तयोक्तं बन्धनं कृत्वा सुतं रक्ष गृहे तव ॥ ३८
तद्गतिर्निवरुद्धाच बन्धनेऽपि कृते शिशौ ।
न चान्तरं वहिर्यस्य तस्य किं बन्धनं भवेत् ।
प्रागाविर्भावत स्तस्य सर्व्वालौकिक भावतः ।
पुत्रं प्रति सदा पित्रोर्भगवद्भाव दर्शनात् ॥ ४१
गदाधर स्यातिशिशोर्घनानन्द स्वरूपतः ।
तद् ग्रामवासि लोकाना मसौ प्रियतरोऽभवत् ॥ ४२

Chandra Devi was very much astonished to know this from the lady who advised her

to keep the child tied in her house. Due to divine indications prior to the birth of the child and divine joyousness of the child, he became an object of great endearment of the pople of the locality. 39 to 42

**বঙ্গানুবাদ—**

অন্য গৃহ কর্ম্মে ব্যস্তা চন্দ্রাদেবী সেই স্ত্রীলোকটির মুখে পুত্রের কথা শুনিয়াই বালকের এই রূপ আশ্চর্য্য ভাবে অন্যত্র গমন কি রূপে সম্ভব হয় তাহা জানিতে না পারিয়া চন্দ্রাদেবী অতিশয় আশ্চর্য্যান্বিত হইয়াছিলেন।

পরে সেই স্ত্রীলোকটি বলিয়াছিলেন তোমার ছেলেটিকে ঘরের মধ্যে বন্ধন করিয়া রাখ।৩৯

যে ভগবানের বাহ্য বা অভ্যন্তর বলিয়া কিছু নাই বা সর্ব্ব ব্যাপক বহু অপরিচ্ছিন্ন তাঁহার বন্ধন দ্বারা কি গতিরোধ করা যায়।৪০

গদাধরের আবির্ভাবের পূর্ব্ব হইতে অলৌকিক ভাবের প্রকাশ বশতঃ পিতামাতার সর্ব্বদা ভগবদ্ভাব দর্শন জন্য এবং শিশু গদাধরের আনন্দ ঘন বিগ্রহ বশতঃ বালক গদাধর কামার পুকুর নিবাসী জন গণের অত্যন্ত প্রিয়তম হইয়াছিলেন।৪১।৪২

অপরাহ্ণে গ্রামবাসি নরনারী সমাগমাত্।
তীর্থতুল্যং গৃহঞ্চাভূদ্রঘুবীর প্রসাদতঃ॥ ৪৩

পুত্রস্যান্নপ্রাশনার্থং ক্ষুদিরামস্য ধীমতঃ।
চিন্তা সুমহতী জাতা গ্রামস্যামন্ত্রণায় বৈ॥ ৪৪

अद्रिलीला २यः अः।

ग्राम्यानां भोज्यदानार्थं तादृगर्थो न विद्यते।
प्रार्थना पूरणं तेषां रघुवीर कुरुष्व भोः॥ ४५

एवं चिन्तयत स्तस्य बन्धु प्रवर आगत.।
प्रेरितो रघुवीरेण भक्ताभिष्ट प्रपूरणात्॥ ४६

Every evening the villagers used to crowd the premises of the house of Khudiram as pilgrims in a holy place. Khudiram was to perfrom the rice giving ceremony of the child, accompanied with a feast in which a very large number of people was to be invited. It would cost him a lot of money. He prayed to Raghubir for the fulfilment of his desire. To meet the requirement a friend of Khudiram's called at his house. 43 to 46

বঙ্গানুবাদ ঃ—

প্রতিদিন অপরাহ্নে গ্রামবাসী নরনারী সকলের সমাগম জন্য ভগবান রঘুবীরের অনুগ্রহে ক্ষুদিরামের গৃহ একটি মুক্তি ক্ষেত্র তীর্থ তুল্য হইয়াছিল।৪৩

ক্ষুদিরাম গদাধরের ছয় মাসে অন্নপ্রাশন দিবার জন্য এবং তদুপলক্ষ্যে গ্রামবাসি জনগণের নিমন্ত্রণ জন্য বিশেষ ভাবে চিন্তান্বিত হইয়াছিলেন।৪৪

গ্রামস্থ ব্যক্তি সকলকে ভোজন করাইবার মত আমার তাদৃশ অর্থ নাই অথচ তাঁহাদের আকাঙ্ক্ষা আমরা গদাধরের অন্নপ্রাশনের দিন সকলেই প্রসাদ পাইব এইরূপ প্রার্থনা পুরণ আমা দ্বারা

অসম্ভব অতএব হে রঘুবীর আপনিই তাঁহাদের প্রার্থনা পূরণ করুণ।৪৫

ভক্তবাঞ্ছা পূরণার্থে ভগবান রঘুবীরের দ্বারা প্রেরিত এইরূপ ভাবে চিন্তাযুক্ত ক্ষুদিরামের নিকটে তাঁহার পরম বন্ধু আসিয়া উপস্থিত হইয়াছিলেন।৪৬

लाहाव'शावत'सः स धर्म्मदासाभिधो महान्।
सर्व्वत्र सदनुष्ठाने सहाय स्वातिधार्म्मिकः॥ ४७

राजतुल्यः सुविख्यातो देवब्राह्मणसेवकः।
गुणग्राही गुणी मानी धनी सर्व्वजनादृतः॥ ४८

श्रुत्वा बन्धु सुतस्यान्न प्राशनं सत्वरं भवेत्।
भोज्यार्थं ग्राम वास्तव्य जनानां प्रार्थना मपि॥ ४९

ज्ञात्वा पुन र्गृहं गत्वा द्रव्य सम्भारकं वहु।
गृहीत्वैव गृहे बन्धोश्चरणेषु समार्पयत्॥ ५०

He was Dharmadas Laha. famous fcr his riches as well as piety. On learning the ceremony to be performed very soon, he returned home and again went back to Khudiram's house with large quantities of things required on the occasion. He placed them at the feet of Khudiram. 47 to 50

বঙ্গানুবাদ :—

এই বন্ধুটি লাহা বংশের রত্ন স্বরূপ ইহার নাম ধর্ম্মদাস ইনি সর্ব্বত্র সদনুষ্ঠানে সাহায্য করেন অতি ধার্ম্মিক। ৪৭

আদিলীলা ২য়: অ:।

এবং ইনি রাজাদের মত প্রতাপশালী ও বিখ্যাত দেবতা এবং ব্রাহ্মণ গণের ভক্ত গুণ গ্রাহী গুণবান মান্যবান ধনবান ও সাধারণ জন গণের দ্বারা আদরনীয়। ৪৮

ধর্ম্মদাসবাবু ক্ষুদিরামের পুত্রের ২।১ দিনের মধ্যেই অন্নপ্রাশন হইবে এবং তদুপলক্ষ্যে গ্রামবাসি জন সাধারণের ভোজনাদি ব্যাপার এই সকল বৃত্তান্ত ক্ষুদিরামের নিকট অবগত হইয়া পুনর্ব্বার নিজগৃহে আগমন পূর্ব্বক নানাবিধ দ্রব্য সম্ভার বন্ধুত্ব-ভাবে ক্ষুদিরামের গৃহে আনিয়া ক্ষুদিরামের নিকটে সমর্পন করিয়াছিলেন। ৪৯।৫০

अयाचिता हृत्तं ग्राह्यं द्रव्यं शास्त्रप्रमाणतः।
अतस्तद्रव्य सम्भारो गृहीत स्तेन सादरं॥ ५१
कुलाचारवसात् पित्रा तद्दिने बालकस्य च।
श्रीमद्गदाधर इति प्रदत्तं पूर्व्वं नाम च॥ ५२
अधिवासादिकं कृत्वा पितृदेवार्च्चनादिकं।
समाप्य विधिवद् विप्रो रघुवीरं समार्च्चयत्॥ ५३
तद्दिने रघुवीरस्य पूजाद्रव्यं विशेषतः।
नाना व्यञ्जन संयुक्तं सूपान्नं पायसान्तिकं॥

As, such offerings were acceptable according to religious codes, Khudiram gladly accepted them. According to the prevailing usages all the rites were performed and Raghubir was also worshipped and offerd well cooked rice with various dishes. 51 to 54

বঙ্গানুবাদ :—

যে কোনও জাতি যদি স্বেচ্ছায় উত্তম বর্ণের গৃহে ভোজ্য

আদিলীলা ২য়: অ: ।

ভোজ্য আনয়ন করে তবে তাহা সাদরে গ্রহণ করা কর্ত্তব্য এইরূপ শাস্ত্রের প্রমাণ বশতঃ ক্ষুদিরাম সর্ব্ব শ্রেষ্ঠ কুলীন ব্রাহ্মণ প্রতিগ্রহ পরাঙ্মুখ নিষ্ঠাবান ব্রাহ্মণ হইলেও সেই সকল দ্রব্য সম্ভার বন্ধু ধর্ম্মদাসের নিকট হইতে সানন্দে গ্রহণ করিয়াছিলেন। ৫১

পুত্র গদাধরের অন্নপ্রাশনের দিনে ক্ষুদিরাম কুলাচার বশতঃ অধিবাসাদিনান্দীমুখ কার্য্য সমাধা করিয়া নাম করণ অর্থাৎ পূর্ব্ব প্রদত্ত গদাধর এই নাম করণ করিয়া অন্নপ্রাশনের হোমাদি কার্য্যান্তে রঘুবীরের অর্চ্চনা বিশেষ ভাবে সমাপন পূর্ব্বক ভোগদ্রব্য নানাবিধ ব্যঞ্জনাদিসংযুক্ত সূপান্ন পায়সাদি। ৫২।৫৩।৫৪

निवेद्य रघुवीराय तत् प्रसादेन स द्विज: ।
पुत्रस्यान्नाशनं दत्वा मोदमान: स्वबन्धु-भि: ॥ ५५
दत्वा वन्धोर्धन्यवादं पुत्र-पत्नी युतञ्च तं ।
प्रसादं प्रापयामास स्वकुटुम्बं तथा द्विज: ॥ ५६
अहर्निशं भोजनञ्च सवपरग्रामवासिनां ।
समाप्य कृत कृत्योऽभू द्ब्राह्मण: सह भार्य्यक: ॥ ५७
सरस्वतुरदिता ह्यासीदन्न प्राशनत: परम् ।
कृतं वाक्योच्चारणन्तु मातृक्रोड़स्थितेन वै ॥ ५८

The child was fed with the offered rice of Raghubir. All the friends and relatives, the villagers and guests were well fed and entertained. Shortly after this ceremony the child, now named Gadadhar, started speaking. 55 to 58

বঙ্গানুবাদ ঃ—

গোধূম চূর্ণ পিষ্টক ও মিষ্টান্নাদি রঘুবীরকে নিবেদন করিয়া

আদিলীলা ২য়: অঃ

প্রসাদীয় অন্নদ্বারা বালক গদাধরের অন্নপ্রাশন কার্য্য সুসম্পন্ন করিয়া ক্ষুদিরাম আত্মীয় ও স্বজাতি ব্রাহ্মণ বর্গের সহিত স্বয়ং ভোজন করিয়া পরমানন্দ প্রাপ্ত হইয়াছিলেন। ৫৫

তৎপরে ক্ষুদিরাম অত্যুচ্চহৃদয় পরম বন্ধু ধর্ম্মদাস মহাত্মাকে সর্ব্বসমক্ষে বহুতর ধন্যবাদ প্রদান ও আশীর্ব্বাদ করিয়া ধর্ম্মদাস বাবুকে কুটুম্ব বর্গ ও তাঁহার পুত্রকন্যাদির সহিত পরিতৃপ্ত করিয়া ভোজন করাইয়াছিলেন। ৫৬

এইরূপ ভাবে স্বগ্রামবাসী ও ভিন্নগ্রাম বাসী জন সাধারণকে দিবারাত্র ভোজন করাইয়া পত্নী চন্দ্রাদেবীর সহিত ক্ষুদিরাম লোক সমাজে ধন্য হইয়াছিলেন। ৫৭

অন্নপ্রাশনের পরই গদাধরের বাক্যস্ফূর্ত্তি হইয়াছিল। মাতার কোলে অবস্থান করিয়া গদাধর নানাকথা বলিতেন। ৫৮

देवदेवी स्तव ध्यान नमस्कारादिकञ्च यत्।
पठितं मातृदेव्या तत् पठितं बालकेन तु ॥ ५९

द्विवर्षाभ्यन्तरे तु पुराणाख्यान मुत्तमं।
श्रुतिमात्रेण चाभ्यस्त मात्मज्ञाति-श्रयेन च ॥ ६०

अङ्क संख्यादि शास्त्रादेरभ्यासं विषवज्जही।
कदापि न शृणोत्येव ग्राम्यवार्त्तां गदाधरः ॥ ६१

चतुःपञ्चवर्षमित गदाधर मुखात्तदा।
देव भाषायुतं स्तोत्रं श्रुत्वा सर्व्वे सुविस्मिताः ॥ ६२

Gadadhar could recite the hymns which his mother used to read out. At the age of two

to three yers he could commit to memory the stories of mythology at first hearing. He however, avoided arithmetic and local news. At the age of four to five years he could recite Sanskrit hymns and thereby commanded admiration of all. 59 to 62

**বঙ্গানুবাদ ঃ—**

মাতা চন্দ্রাদেবী যে সকল দেব দেবীর ধ্যান স্তব এবং নমস্কারাদি পাঠ করিতেন বালক গদাধরও তৎক্ষণাৎ সেই সকল পাঠ করিতেন। ৫৯

গদাধর ছুইতিন বৎসর বয়ক্রমে উত্তম পৌরাণিক বার্তা শ্রবণ মাত্রে আগ্রহাতিশয্যে স্বায়ত্ত করিয়া লইতেন। গদাধর কড়া গণ্ডা প্রভৃতি অঙ্ক শাস্ত্রের অভ্যাস কে বিষবৎত্যাগ করিতেন। এবং গ্রাম্য বার্তা কখনও শুনিতেন না। ৬০।৬১

চার পাঁচ বৎসরের গদাধরের মুখ হইতে দেব ভাষায় দেব দেবীর স্তব ও স্তোত্রদি শ্রবণ করিয়া কামার পুকুর নিবাসী জনগণ অত্যন্ত বিস্মিত হইতেন। ৬২

ततः पञ्चम वर्षे च बालस्य विधिवद्दिजः ।
विद्यारम्भं कारयित्वा पाठागारे तमार्पयत् ॥ ६३

तत्र तुल्यवयोपेतान् बालकान् प्राप्य बालकः ।
विद्यार्थिनः शिक्षकां स्व माधुर्य्य गुण तोषितः ॥ ६४

लीला प्रेमा सत्यनिष्ठा दयातुर जनेषु च ।
समता सर्व्वभूतेषु गुणाः पञ्च गदाधरे ॥ ६५

आदिलीला २यः अः।

अस्ति भाति प्रियानाञ्च स्वरूपं श्रीगदाधरः।
निर्भीकः साहसी सत्यवादी धर्म्मरतः शुचिः॥ ६६

At the age of five he was initiated to study and sent to pathshala. By his sweet conduct he could please all the boys and teachers. The best of virtues began to find expression in him. He became uncommonly prominent for his piety, truth fulness and kindness. 63 to 66

বঙ্গানুবাদ ঃ—

তৎপরে ক্ষুদিরাম গদাধরের পঞ্চম বর্ষ বয়সে বিদ্যারম্ভ করাইয়া পাঠশালায় প্রবেশ করাইয়াছিলেন। ৬৩

পাঠশালায় সমবয়স্ক বালকগণকে পাইয়া এবং বয়োধিক শিক্ষক ও ছাত্র-বৃন্দকে গদাধর স্বকীয় মাধুর্য্য গুণে সন্তুষ্ট করিয়াছিলেন। ৬৪

অস্তি ভাতি প্রিয় স্বরূপ গদাধরের লীলা, প্রেম, সত্যনিষ্ঠা, আতুর জনে দয়া ও সর্ব্ব জীবে সমবুদ্ধি এই পাঁচটি গুণ সর্ব্বদা পরিলক্ষিত হইত। ৬৫

এবং শ্রীযুক্তগদাধর সাহসী নির্ভীক সত্যবাদী ধার্ম্মিক ও পবিত্র ছিলেন। ৬৬

न विमातुं गुणा स्तस्य शक्ता ब्रह्मशिवादयः।
परेषा-मूपकारार्थं स्वप्राणानपि यच्छति॥ ६७

भावाविष्टः सुकुमार एवं वदति सन्ततम्॥
नाहं कुमारः पौगण्डो न किशोरो युवापि वा॥ ६८

आदिलीला २य: अ: ।

सर्व्वथा सुसमर्थोऽस्मि सर्व्वं कर्त्तुमसं शयम् ।
दुःख हर्षभयक्रोध लोभ मोहमदादयः ॥ ६८

अज्ञानल्लिङ्गान्येतानि कुतः सन्ति चिदात्मनि ।
ज्ञानानन्दस्वरूपोऽहं सर्व्वं जानामि सन्ततम् ॥ ७०

Even Bramha and Shiva cannot describe his virtues. He would offer his own life for the benefit of others. In his divine mood he would give out that he was neither a child nor a boy nor a man but an embodiment of joy and knowledge, and that he was capable of knowing and doing everything. 67 to 70

বঙ্গানুবাদ :—

গদাধরের গুণ সকলের সংখ্যা করিতে শিব ব্রহ্মাদি ও সমর্থ হইতেন না। গদাধর পরোপকারার্থে নিজের প্রাণ পর্য্যন্ত দিতে পারিতেন। ৬৭

সেই পঞ্চম বর্ষীয় গদাধর মধ্যে মধ্যে ভাবাবিষ্ট হইয়া বলিতেন আমি কুমার পৌগণ্ড কিশোর বা যুবা নয় আমি সর্ব্বদা সকলকার্য সম্পাদন করিতে সুসমর্থ। অভাবজনিত দুঃখ বৈষয়িক আনন্দ ভয়, ক্রোধ, লোভ, মোহ গর্ব্ব ও মাৎ সর্য্যাদি ভাব অজ্ঞানের চিহ্ন। এইসকল বিশুদ্ধ জ্ঞানস্বরূপ আমাতে থাকা কি সম্ভব হয়। আমি জ্ঞানানন্দ স্বরূপ ইহা ধ্রুব নিশ্চিত। অতএব আমি সর্ব্বদা সমস্ত বিষয় অবগত আছি। ৬৮। ৬৯। ৭০

आदिलीला २यः अः।

तद्ग्राम सन्निधा वस्ति काचिदुद्यान वाटिका।
तत्र प्रेतनिवासाद्धि नैकलः कोऽपि गच्छति॥ ७१

तत्र गदाधरः क्रीड़ां करोति बन्धुभिः सह।
रात्रा वप्येकलो याति भूतदर्शन हेतवे॥ ७२

पितृस्वसृरमादेव्या शीतलाविशत स्तदा।
दृष्ट्वा तद्विकृतावस्थां प्रार्थना मकरोच्च सः॥ ७३

मम मूर्द्धि हि सा माता शीतला प्रविशेद् यदि।
तदा पूर्णसुखी भूत्वा नृत्यामि च पुनः पुनः॥ ७४

There was a garden near the village. It was a general belief in the locality that it was haunted by ghosts, and hence none would dare to go into it. Gadadhar with his friends used to play games in that garden and sometimes used to go there without any companion to see ghosts at night. On seeing the unbalanced condition of his aunt Rama Devi, possessed by the Goddess, Sitala, he would say that he would dance in joy if the goddess entered his head. 71 to 74

বঙ্গানুবাদ—

সেই কামার পুকুরের প্রান্তভাগে একটি বাগানবাটি আছে সেখানে ভূতের বাসস্থান বলিয়া কেহ কখনও যায় নাই। সেই বাগানে বন্ধু গণের সহিত গদাধর খেলা ধুলা করিতেন। এবং রাত্রি

কালে ভূত দেখিবার জন্য গদাধর একাই সেই বাগানে যাইতেন। ৭১।৭২

সেই সময়ে গদাধরের পিসিমাতা রমাদেবীর হৃদয়ে শীতলা দেবীর আবেশ বশতঃ তাঁহার বিকৃতাবস্থা দেখিয়া গদাধর প্রার্থনা করিয়াছিলেন, যদি মা শীতলা আমার মস্তকে প্রবিষ্টা হন তাহা হইলে আমি পূর্ণসুখী হইয়া পরমানন্দে নৃত্য করিব। ৭৩।৭৪।

এবং বহুবিধং তস্য সাহসং পরিলক্ষিতম্।
গ্রামবাসিভি রত্যন্তং তথা স্বজন বান্ধবৈঃ॥ ৭৫
বৃহদ্বিদ্যালয়স্তত্র ভূস্বামিনো গৃহান্তিকে।
পাঠার্থং সাসীদ্বালানাং বহ্বাসন বিভূষিতঃ॥ ৭৬
একদা পাঠশালায়া মাগতো রাজপুরুষঃ।
ছাত্রানাং সুপরীক্ষার্থং দাতুঞ্চ পারিতোষিকম্॥ ৭৭
গুরুশিষ্যাদয় স্তত্র লোকসংখ্যাঃ সহস্রশঃ।
নানাগ্রামাগতা স্ছাত্রাঃ পরীক্ষাদান হেতবে॥ ৭৮

Such were the instances of his courage witnessed by all his friends, relatives and others There was a large school close to the house of the Zeminder. Once the Inspector of schools came there to examine the boys and also to award rewards. All the teachers, students and visitors gathered there. 75 to 78

বঙ্গানুবাদ :—

কামার পুকুর নিবাসী সাধারণ জনগণ এবং অত্মীয় স্বজন

आदिलीला २यः अः ।

গদাধরের এই নানা প্রকার ভাবে অত্যন্ত সাহসের বিষয় পরিদর্শন করিতেন। ৭৫

কামার পুকুরের বিশিষ্ট জমিদার বাবুদের প্রায় গৃহ সংলগ্ন স্থানে বালকদিগের শিক্ষার জন্য বহুতর কাষ্ঠাসন অর্থাৎ চেয়ার বেঞ্চি যুক্ত একটি বৃহৎ বিদ্যালয় বা পাঠশালা ছিল। কোনও একদিন সেই বিদ্যালয়ে ছাত্রবর্গের পরীক্ষাপূর্ব্বক পারিতোষিক দিবার জন্য রাজ পুরুষ বা স্কুল ইনিস্পেক্টর আসিয়াছিলেন। এবং সেই বিদ্যালয়ে পরীক্ষা দিবার জন্য বহুতর গ্রাম হইতে অসংখ্য ছাত্র তাহাদের শিক্ষক ও দর্শকাদি লোক সংখ্যা অসংখ্য হইয়াছিল। ৭৬।৭৭।৭৮

क्रम पर्य्यायत स्तेषां परीक्षा ग्रहणे क्रमे ।
पर्य्यायेनागतस्तत्र बालकः श्रीगदाधरः ॥ ৭৯

सराजपुरुषस्तन्तु दृष्ट्वा स्नेहपरिप्लुतः ।
सुस्निग्ध' बालकं रम्य माकृत्या विनयेन च ॥ ৮০

पप्रच्छ कथ्यतां तद्धि यदधीतं गुरौ स्त्वया ।
विद्याभ्यास विधौ यत्नं कुरुष्व भो गदाधर ॥ ৮১

त्वत् पिता पण्डितो मानी सोदर्य्याश्चापि पण्डिताः ।
सुखं नास्ति धनं नास्ति विद्याहीनजनस्य हि ॥ ৮২

The boys were being examined one after another. When Sri Gadadhar came up in his turn, the Inspector became very much charmed by his sweet appearance, and asked him to say something of what he had been taught. He also advised Gadadhar to get on with his

studies well for his father and brothers were all great scholars. and none without knowledge and learning could be happy and rich. 79 to 82

বঙ্গানুবাদ :—

পর্য্যায় ক্রমে এক একটি ছাত্রের পরীক্ষা কালে গদাধর পর্য্যায় ক্রমে উপস্থিত হইলে আকৃতি ও বিনয়ের দ্বারা সুকোমল রমণীয় গদাধরকে দেখিয়া অত্যন্ত স্নেহার্দ্র চিত্তে পরীক্ষক জিজ্ঞাসা করিলেন। ওহে গদাধর গুরুর নিকটে যাহা শিক্ষা করিয়াছ তাহা কিছু বল ? এবং পরম যত্নের সহিত বিদ্যাঅভ্যাস কর দেখ তোমার পিতা সর্ব্বজনাদৃত শ্রেষ্ঠ পণ্ডিত। সহোদরগণও সুপণ্ডিত। বিদ্যাহীন ব্যক্তির সুখ বা ধন কিছুই হয় নাই। ৭৯।৮০।৮১।৮২

गदाधरेण सोऽपुष्टो निर्भयेनान्तरात्मना।
तां शिक्षां साधु नो मन्ये भवद्भिः शिक्षिता च या॥ ८३

विषय विषलिप्ताभिर्विद्याभिः किं प्रयोजनम्।
परवञ्चन हेतुर्य्या विद्या सर्व्वत्र गर्हिता॥ ८४

तां शिक्षां न करिष्यामि यत्फलं कदलीफलम्।
इह चात्मोपतापाय प्रेत्य वै नरकाय च॥ ८५

ययैव विद्यया जीवोऽमृत मश्नाति नित्यशः।
सैव विद्या स धर्म्मश्च सा शान्तिः सा परा गतिः ८६

At this, Gadadhar fearlessly replied what he had been taught was not worth learning.

आदिलीला २य: अः

What was the necessity of that learning which was based on worldly affairs. That learning which would lead to deceiving others was abominable, as it would result in suffering in this world and in the Hell after death. The learning that would lead to the eternal truth and peace should be covetable.
83 to 86

গদাধর রাজপুরুষের কথা শুনিয়া নির্ভয়ে বলিয়াছিলেন আপনারা যে বিদ্যাশিক্ষা করেন আমি সে শিক্ষাকে উত্তম শিক্ষা বলিয়া মনে করি নাই। ৮৩

বিষয় বিষ লিপ্ত বিদ্যায় প্রয়োজন নাই। কারণ আমি কি প্রকারে অন্যকে ঠকাইয়া অর্থ সংগ্রহ করিব এই রূপ বিদ্যা ইহলোকে ও পরলোকে নিন্দনীয় হইয়া থাকে। ৮৪

সেরূপ বিদ্যা আমি শিক্ষা করিব না যে শিক্ষার ফল কচু আর কলা কারণ ইহলোকে প্রাণপাত পরিশ্রম। আর পরলোকে নরকে গমন। ৮৫

যে বিদ্যা দ্বারা জীবগণ নিত্য অমৃত আস্বাদন করেন সেই বিদ্যাই-বিদ্যা সেই ধর্ম্মই ধর্ম্ম তাহাই শান্তি এবং সেইটিই উত্তম গতি। ৮৬

वेदैरप्येव मुक्तान्तु त्यागेनामृतमश्नुते ।
धनेना धमतां याति स्नेहवान् दह्यतेऽनिशं ॥ ८७
अतः स्नेहं परित्यज्य पुत्रदारगृहादिषु ।
तत्त्यागी मतिमाधत्त यदि कल्याण मिच्छथ ॥ ८८
भवद्भिर्लिख्यतां द्वारि जाम्बुनदरसेन वै ।
इयमष्टाक्षरी भाषा सा विद्या तन्मतिर्यया ॥ ८९

आदिलीला २य: अ: ।

किमनेन बहूक्तेन सुष्ठु जानीत पण्डिता: ।
विद्यालाभस्य मूलं हि भगवच्चरणार्च्चनम् ॥ ९०

"It is said in the Vedas that eternal bliss can be attained by renunciation, riches are the root of all evils and affection sets us on fire. We should, therefore, do away with our affection for family and bend our mind on renunciation, if we wish good to ourselves. Let these words be written in letters of gold, "That is real learning which turns our mind to God." Suffice it to say that learning is acquired through worship of God. ॥ 87 to 90 ॥

বঙ্গানুবাদ—

ধনের দ্বারাই মানুষের অধঃপতন হয় ত্যাগের দ্বারাই অমৃত উপভুক্ত হয় বা অমৃতত্ব লাভ হয় এই কথা বেদে বলে। আসক্তিই মানুষকে দিবারাত্র তাপভোগ করায়। ৮৭

অতএব পত্নী পুত্র দেহ গেহাদিতে ভালবাসা পরিত্যাগ পূর্ব্বক সেই সকলের ত্যাগে মনোনিবেশ করুন যদি নিজের মঙ্গল চাও। ৮৮

এবং আপনারা স্বর্ণাক্ষরে নিজ নিজ গৃহের দ্বারদেশে এই আটটি অক্ষর লিখিয়া রাখুন "সা বিদ্যা তন্মতির্যয়া" অর্থাৎ সেই বিদ্যাই বিদ্যা যে বিদ্যাদ্বারা ভগবানে মতি হয়। ৮৯

আমার এরূপ বহু বিস্তর বলিবার আবশ্যক নাই। আপনারা ভালভাবে ইহাই জানুন বিদ্যালাভের মূল একমাত্র ভগবানের চরণ সেবাই। ৯০

आदिलीला २यः अः ।

श्रुत्वा वेदान्तवेद्यन्तद्वचो वाचामगोचरं ।
बाल मुखाद्विनिष्क्रान्तं किमितन्नाव बुध्यते ॥ ৫১

किमसौ भगवान् विष्णु रुद्रोवा ज्ञानिनां वरः ।
किम्वा चतुर्म्मुखः साक्षाद्वेदस्मर्त्ता पितामहः ॥ ৫২

एवं संवदतां तेषां मध्ये साक्षाद् गदाधरः ।
स्वरूपं दर्शयामास नवदूर्व्वादल द्युति ॥ ৫৩

शङ्खचक्र गदापद्म हेमाम्बर विभूषितः ।
पादाङ्गुष्ठा द्विनिष्क्रान्ता गङ्गा हिमवतः सुता ॥ ৫৪

All were astonished to hear these deepty significant utterings from a child. Was he Lord Vishnu Himself? Or Rudra, the wisest of all gods? Or, the four faced Bramha, the grandfather of all living beings, and the preacher of the Vedas? When all were musing thus, Gadadhar showed his divine self with four hands holding conch, wheel, club and lotus, with the lustre of new grass and with the Ganges, the daughter of the Himalayas, coming out of His toe.

॥ 91 to 94 ॥

বঙ্গানুবাদ—

বালক গদাধরের মুখনিঃসৃত সাধারণ বাক্যের অতীত বেদান্ত-বেদ্য সেইরূপ কথা শুনিয়া ইহা কি? এইরূপ বলিয়া তাঁহারা কিছুমাত্র বুঝিতে না পারিয়া বলিয়াছিলেন ইনি কি স্বয়ং ভগবান

আদিলীলা ২য়: অ: ।

নারায়ণ অথবা জ্ঞানীশ্রেষ্ঠ শঙ্কর কিংবা সাক্ষাৎ বেদ স্মরণকারী পিতামহ চতুর্মুখ ব্রহ্মা। ৯১

এইরূপ বলিতেছেন সেই সকল জনসাধারণের মধ্যে নব দূর্ব্বাদল শ্যামল সাক্ষাৎ গদাধর অর্থাৎ নারায়ণ তাঁহার স্বরূপ দেখইয়াছিলেন। শঙ্খ চক্র গদা পদ্ম বিভূষিত চতুর্ভূজ এবং হিমালয়ের কন্যা গঙ্গা। ৯২

नूपुरौ विमलौ भान्तौ सशब्दौ चरणाब्धयोः ।
चन्दन तुलसीगन्धं कोटि चन्द्र नखद्युतिं ॥ ९५

दृष्ट्वैव भगवद्रूपं परमानन्द निर्वृताः ।
प्रणम्य भक्तिभावेन तुष्टुवुस्तं जना मुदा ॥ ९६

देव देव जगन्नाथ पुराण पुरुषोत्तम ।
त्रातुं घोरान् कलेर्जीवानवतीर्णोऽसि मायया ॥ ९७

मादृशैर्ज्ञानभक्तिभ्यां विहिनैः पुरुषाधमैः ।
यत् प्रत्यक्षौ कृतं रूपं त्वत् कृपैव हि केवलम् ॥ ९८

On seeing the appearance of the Divinity, all prayed for His grace and felt glad to have been blessed by Him. ॥ 95 to 98 ॥

বঙ্গানুবাদ :—

পাদাঙ্গুষ্ঠ হইতে নির্গতা চরণদ্বয়ে সশব্দে নূপুর শোভিত সচন্দন তুলসীযুক্ত নখকান্তি কোটিচন্দ্র কান্তিসদৃশ এবম্ভূতভগবৎস্বরূপ দর্শন পূর্ব্বক জনসমূহ পরমানন্দে নিমগ্ন হইয়া ভক্তিভাবে প্রণামকরতঃ তাঁহারা আনন্দে গদাধরকে স্তব করিয়াছিলেন। ৯৫।৯৬

আদিলীলা ২য়: অ:।

হে পুরাণ পুরুষোত্তম দেবদেব জগন্নাথ এই ভয়ঙ্কর কলিকালের জীবসকলের পরিত্রাণের জন্য মায়াবল হনে অবতীর্ণ হইয়াছেন। ৯৭

জ্ঞান ভক্তি শূন্য পুরুষাধম আমরা আপনার যে অপূর্ব্ব রূপ প্রত্যক্ষ করিলাম তাহা কেবলমাত্র আপনার কৃপায়। ৯৮

एवं स्तुवद्भिस्तत्रस्थैः प्राग् दृष्टो यो गदाधरः।
स एव पुरतो भाति परोक्षार्थी क्षणेन हि॥ ९९

अपूर्व्वेयं हरेर्माया यां न जानन्ति योगिनः।
एवमुक्त्वा ततः सर्व्वे स्वं स्वं धाम ययुर्मुदा॥ १००

रीतिरासीत्तदानीं वै बालकानामियं ध्रुवा।
तृण निर्म्मित पात्रेषु केचिद्वस्त्राञ्चलेषु च॥ १०१

नीत्वा भृष्ट तण्डुलांश्च बालाश्चानन्द सं प्लुताः।
ग्रामाद् ग्रामान्तरं यान्ति खादन्तः पथिमध्यतः॥ १०२

Soon Gadadhar withdrew his divine appearance and reverted back to his human form of the child. All were puzzled with these mysterious transformations of Gadadhar and dispersed. It was the habit in those days that the children while going from one village to another, used to eat fried rice which they used to carry in an earthen pot or the skrit of their cloth. ॥ 99 to 102 ॥

বঙ্গানুবাদ ঃ—

এইরূপে সেইস্থানে স্তবকারী জনগন পূর্ব্বে যে গদাধরকে

পরীক্ষার্থীরূপে দেখিয়াছিলেন ক্ষণমাত্রে সেই গদাধরই তাঁহাদের নিকটে পরীক্ষার্থীরূপে প্রকাশিত হইলেন। ৯৯

ভগবানের মায়া অত্যাশ্চর্য যোগিগণও যে মায়ার স্বরূপ অবগত নহেন এইরূপ বলিতে বলিতে সেই সকল লোক প্রত্যেকে নিজেকে ধন্য মনে করিয়া নিজ নিজ গৃহে যাইয়াছিলেন। ১০০

তদানীন্তন বালকগণের এইরূপ প্রথা প্রচলিত ছিল কোন কোন বালক তৃণ নির্ম্মিত পাত্রে কেহ কেহ বা বস্ত্রাঞ্চলে মুড়ি লইয়া অতিশয় আনন্দের সহিত খাইতে খাইতে নিজ গ্রাম হইতে ভিন্ন-গ্রামে যাইত। ১০১।১০২

एकदा वामहस्तेन धृत्वा टोकीं मुदा युतः।
दक्षेण पाणिना खादन् समिष्ट भृष्ट तण्डुलान्॥ १०३
ग्रामाद्बहिः क्षेत्रमध्ये याति तत्र गदाधरः।
प्रतीच्यामुदितो मेघ शब्दस्तुरग शब्दवत्॥ १०४
छादयित्वा महाकाशं मेघो यथा चमूपतिः।
सौदामन्यम्बुद क्रोड़े सैन्यास्त्र ज्योतिषा समा॥ १०५
दृष्ट्वासौ दूर्द्ध दृष्टिः स भावा वेशाद् गतस्मृतिः।
वाह्यसंज्ञा विहीनोऽयं न्यपतत् क्षेत्र मध्य ग.॥ १०६

When, one day, Gadadhar was going through paddy fields away from the village, he beheld a great thundering cloud coming towards him, and fell there senseless. ॥ 103 to 106 ॥

বঙ্গানুবাদ :—

একদিন আনন্দচিত্তে বালকগণ টোকী অর্থাৎ তৃণ নির্ম্মিত পাত্রে

গুড় মুড়ি লইয়া খাইতে খাইতে গ্রামের বহির্ভাগে মাঠের মধ্যে যাইতেছে তন্মধ্যে গদাধরও আছেন। এমত সময়ে রণ শব্দের মত মেঘ শব্দ পশ্চিমদিকে উত্থিত হইলে সৈন্যাধ্যক্ষ পুরুষ সৈন্যদ্বারা যেরূপ ভূমিতল আচ্ছাদন পূর্ব্বক গমন করেন তদ্রূপ মেঘনায়ক মহাকাশ আচ্ছাদন পূর্ব্বক সৈন্যগণের অস্ত্র জ্যোতিসদৃশ মেঘের ক্রোড়ে বিদ্যুৎদৃষ্ট হইলে ঊর্দ্ধদৃষ্টি গদাধর ভাবাবেশ বশতঃ নষ্ট স্মৃতি হইয়া বাহ্যজ্ঞানশূন্য অবস্থায় সেইস্থানে অর্থাৎ মাঠের মধ্যে পতিত হইয়াছিলেন। ১০৩।১০৪।১০৫।১০৬

भोज्यद्रवं सपात्रञ्च विच्छिन्नं भुविलुण्ठितम्।
बहुक्षणा गतास्वास्थ्य वाह्य ज्ञानास्थितस्य च॥ १०७

भावाविष्टोऽय माद्यो वै सप्तवर्ष वयःक्रमे।
जातोमहात्मन स्तस्य व्योमसौन्दर्य दर्शनात्॥ १०८

तत्रस्थकर्षकैः सर्व्वैः समुत्तोल्यातियत्नतः।
तद्‌गृहं प्रापितः क्षिप्रं पित्रेथ्यास्त्र समर्पितः॥ १०९

बालकस्य स्मृतिः शक्तिरलौकिकीमता तथा।
श्रीरामकृष्ण गीतिश्च श्रीकाली कीर्त्तनादिकम्॥ ११०

The food with the pot lay scattered on the ground and he remained senseless for a long time. Thus at the age of seven years he realised Divinity for the first time, at the sight of the over whelming beauty of the clouds and the sky. He was picked up by some peasants and carried to his father. The uncommon memory of the

boy was very astonishing. He could commit to memory any scng hymn or story from mythology as soon as he had heard it. ॥ 107 to 100

বঙ্গানুবাদ ঃ—

খাদ্য দ্রব্য অর্থাৎ গুড় মুড়ি পাত্রের সহিত হস্তচ্যুত হইয়া সেই স্থানে ছড়াইয়া পড়িয়াছিল। এইরূপভাবে বাহ্যজ্ঞানশূন্য গদাধরের বহুতর সময় গত হইয়াছিল। ১০৭

আকাশের শোভাসন্দর্শনে গদাধরের সপ্তবর্ষ বয়ঃক্রমে এইটিই প্রথম ভাবাবেশ বা সমাধি হইয়াছিল। ১০৮

যেখানে মহাপুরুষ গদাধর পতিত হইয়াছিলেন সেইস্থানের কৃষকগণ যত্নপূর্ব্বক তদবস্থ গদাধরকে ক্ষুদিরামের গৃহে আনয়ন-পূর্ব্বক পিতামাতার হস্তে অর্পণ করিয়াছিলেন। ১০৯

বালকের যেরূপ তন্ময়তা তদ্রূপ স্মৃতিশক্তিও আলৌকিক শ্রীরামায়ণগান বা কৃষ্ণযাত্রা অথবা কালীকীর্ত্তনাদি। ১১০

उत पौराणिकी वार्त्ता चाभ्यस्त' श्रुति मात्रतः ।
नाभ्यस्तं केवलं तन्तुसुरताल लयादिकम् ॥ १११

युक्तं सुमधुरं गीतं श्रुत्वा मुग्धा जनास्तदा ।
प्रशशंसु विंशेषेण बालस्य भावदर्शनात् ॥ ११२

नागा नामक भिक्षुणा माविर्भावो ह्यभूत्तदा ।
दीर्घजटा भस्मलिप्त दीर्घकृष्ण वपूंषि च ॥ ११३

दृष्ट्वा बालाः स्त्रियो भीताः प्रोचुरन्तर्गृहङ्गताः ।
स्त्रीबाल खादकास्त्वेते राक्षसा नात्र संशयः ॥ ११४

He could recite them with the exact tune and intonation. His divine moods also received

great appreciation from everybody. Once a class of beggars appeared in the locality. They had long matted hair and tall dark figures smeared with ashes. On seeing them, the women and children would run into houses with the thought that these must be demons who ate women and children. ॥ 111 to 114

বঙ্গানুবাদ :—

বা পৌরাণিক কথা শ্রবণমাত্রে অভ্যাস হইত। কেবলমাত্র যে অভ্যাস হইত তাহা নয় সুর তাল ও লয়াদিযুক্ত সেই সকল গান সুমধুরভাবে শ্রবণ করাইয়া জনগণকে মুগ্ধ করিতেন। এবং জনগণ ও বালকের অত্যুচ্চ ভাব দেখিয়া ভুরি ভুরি প্রসংশা করিতেন। ১১২

সেই সময় নাগা নামক সন্ন্যাসীগণের কামারপুকুরে আবির্ভাব হইয়াছিল।

তাঁহাদের সুদীর্ঘ জটামণ্ডিত ভস্মলিপ্তদীর্ঘাকার ও কৃষ্ণবর্ণ দেহসকল দেখিয়া স্ত্রী ও বালকগণ ভীত হইয়া গৃহমধ্যে প্রবেশপূর্ব্বক বলিত ইহারা স্ত্রীলোক ও বালকদিগকে দেখিবামাত্র খাইয়া ফেলে। অতএব এই সকল সন্নাসী রাক্ষস এবিষয়ে অনুমাত্র সন্দেহ নাই।

১১৩।১১৪

अजातभय बालस्तु तन्मध्ये श्रीगदाधरः।
मिलित्वा स्तोत्रगीतादि तान् विश्राव्य सुहास्ययुक्॥ ११५

सन्न्यासिभिर्भो गद्रव्यं भगवत्यर्पितञ्च यत्।
भुक्तं तद् भक्तियुक्तेन गदाधरेण तत्क्षणम्॥ ११६

आदिलीला २यः अः।

एकदा नववस्त्रञ्च छित्वा सन्न्यासिसन्निधौ।
कौपीनबन्धनं कट्यां बहिर्वासो धृतं मुदा ॥११७

भस्मना लिप्त सर्व्वाङ्गं ललाटे दीर्घपुण्ड्रकम्।
वक्षोऽक्षमालया युक्तं धृतदण्डकमण्डलुं ॥११८

The boy Gadadhar would sing songs and hymns to them without any fear. He would also partake of the eatables offered to the gods by the Sannyasis. Once he dressed himself like a Sannyasi with body smeared with ashes, clad with strips of cloth and holy marks on the forehead. He had also a stick, a Kamandalu and a garland made of holy nuts. 115॥ to 118॥

বঙ্গানুবাদ :—

ভয়শূন্য বালক গদাধর সেই সকল সন্ন্যাসীগণের সহিত মিলিত হইয়া ভগবানের স্তব ও গানাদিশ্রবণ করাইয়া হাস্য পরিহাস করিতেন। ১১৫

সন্ন্যাসীগণ ভগবদুদ্দেশে যে সকল ভোগ দ্রব্য সমর্পণ করিতেন গদাধর সেইসকল প্রসাদীয় দ্রব্য ভক্তিপূর্ব্বক ভোজন করিতেন। ১১৬

একদিন গদাধর নিজ পরিধেয় নূতন বস্ত্রটি সন্ন্যাসী গণের নিকট ছিন্ন করিয়া কটিদেশে কৌপিন বন্ধন এবং আনন্দের সহিত বহির্বাস ধারণ করিয়াছিলেন। ১১৭

সর্ব্বাঙ্গে ভস্মলেপন ললাটে দীর্ঘপুণ্ড্র, বক্ষঃস্থলে রুদ্রাক্ষ মালা ও হস্তে কমণ্ডলু ধারণ পূর্ব্বক। ১১৮

दृष्ट्वा सुविस्मिताः सर्व्वे गच्छन्तं हर्षगद्गदं।
वयस्यादिजनोपेतं स्वगृहं तं गदाधरम् ॥११९

আদিলীলা ২য়: অ: ।

দৃষ্ট্বা মাতার্ত্তনাদেন বালকং সমপৃচ্ছত ।
কথমেবম্বিধো বেশ: কেন বা বেশিতোঽধুনা ॥১২০

তেন চোক্তং মুদা মাত: সাধুভি: সজ্জিতো হ্যহং ।
বেশোঽয়ং সাধুভক্তানাং সন্মার্গস্য প্রদর্শক: ॥১২১

তেন লীলাতনুর্বাল্যে লীলার্থে প্রকটীকৃতা ।
বভূবু বিবিধা লীলা বহুনাং দৃষ্টিগোচরা: ॥১২২

ইতি শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ বিরচিতে শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতে পারমহংস্যাং সংহিতায়াং গদাধরস্য বাল্যলীলা বর্ণনরূপো দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২॥

He came home in great joy. It, however, greatly pained his mother to see him in that guise. On being asked by his mother he said that he was so dressed by the Sannyasis who were devotees to God and could guide men to Truth and eternal bliss. In this way he revealed his Divine Self in various ways in his childhood.

Thus, in the Sri Sri Ramakrishna, Bhagabatam depicting the life history of Sri Sri Ramakrishna, ends the second chapter entitled, "The mysterious revelations by Gadadhar in his childhood."119॥122

বঙ্গানুবাদ :—

বন্ধুবর্গ বেষ্টিত হর্ষ গদগদ চিত্তে গৃহ গমন কারী গদাধরকে দেখিয়া জনগণ অত্যন্ত বিস্মিত হইয়াছিলেন। ১১৯

মাতা চন্দ্রাদেবীও তদবস্থ বালককে দেখিয়া কাঁদিতে কাঁদিতে জিজ্ঞাসা করিলেন তোমার এরূপ বেশ কেন! কে তোমাকে এরূপ বেশ করাইয়াছেন। ১২০

আনন্দের সহিত গদাধর বলিয়াছিলেন সাধুগণ আমাকে এইরূপ

ভাবে সাজাইয়াছেন। সাধুভক্তগণেরই এইরূপ বেশ। এবং সাধুগণের সৎপথই আমি অবলম্বন করিয়াছি। এইরূপে বাল্যকালে লীলার জন্য লীলাময় গদাধর বিগ্রহ প্রকাশ করিয়াছিলেন। এইভাবের বহু প্রকার লীলা তদানীন্তন বহুলোকে বহুবার পরিদর্শন করিয়া ধন্য হইয়াছিলেন। ১২১।১২২

ইতি শ্রীরামেন্দ্রসুন্দর ভক্তিতীর্থ বিরচিত শ্রীশ্রীরামকৃষ্ণ ভাগবতের পরমহংস সংহিতায় গদাধরের বাল্য লীলার দ্বিতীয় অধ্যায় বলা হইল। ২অঃ।

আদিলীলা ৩য়: অ:।

अष्टाशीतितमे वर्षे शारदीय महोत्सवे।
गतः श्रीक्षुदिरामस्तु भागिनेय गृहं शुभम् ॥१

पीड़ितः क्षुदिरामस्तु तत्र पीड़ा व्यवर्द्धत।
सद्वैद्यौषधिशुश्रुषा पथ्यादेर्न त्रुटिः कृता ॥२

नाम्ना श्रीरामचाँदेन भागिनेयेन केनचित्।
मातुलस्यान्तिमा यात्रा मद्गृहे नात्र संशयः ॥३

भवेदेवं विनिश्चित्य कामारपुकुरात्तदा।
आनीतो मातुलसुतो ज्येष्ठो रामकुमारकः ॥४

On the occasion of Saradiya Puja Festival in the year when Khudiram attained the age of eighty years, he went to the house of his nephew. He fell ill there and his condition began to grow more and more serious in spite of every effort, and arrangements for treatment by good physicians and careful nursing. Thinking that his uncle would

surely breathe his last, his nephew. Ramachand by name, sent for his eldest son, Ramakumar, from Kamarpukur. 1 ॥ to ॥ 4

বঙ্গানুবাদ ঃ—

শুভ শারদীয় মহোৎসব উপলক্ষে অষ্টাশীতিবর্ষ বয়সে ক্ষুদিরাম তাঁহার রাম চাঁদ নামে ভাগিনার বাড়ীতে গিয়া ছিলেন। ১

এবং সেই স্থানে ক্ষুদিরাম বিশেষ ভাবে পীড়িত হইলে পীড়ার ক্রমশঃই বৃদ্ধি হইয়াছিল। ভাগিনেয় রামচাঁদ মাতুল ক্ষুদিরামের পীড়ার উপশমের জন্য উত্তম বৈদ্য ঔষধ সেবাশুশ্রূষা ও পথ্যাদির কোনরূপ ত্রুটি করেন নাই। ২।৩

মাতুলের আমার গৃহে এই শেষ আগমন ওইরূপ ভাবিয়া কামার পুকুর হইতে মাতুলের জ্যেষ্ঠ পুত্র রামকুমারকে আনাইয়াছিলেন। ৪

एवं कृच्छ्रगतोदेव्याः पूजनं त्रिदिनं कृतम् ।
दशम्यान्तु प्रातरेव कृतं देव्या विसर्ज्जनम् ॥५

निमज्याम्भसि मध्याह्ने देव्यास्तां प्रतिमां शुभां ।
आगतं रामचाँदन्तु दृष्ट्वा कम्पस्वरेण च ॥६

उक्तं श्रीक्षुदिरामेन प्रतिमा किं विसर्जिता ।
विसर्ज्जनं समाप्यैव शेषकृत्यं कुरूस्व भो ॥७

आशीर्व्वादं प्रयच्छामि श्रीरामे मतिरस्तु ते ।
पुत्रानां यः कनिष्ठो मे तदर्थं चिन्तितोऽधुना ॥८

Thus with a sorrowful heart, Ramchand performed three days' worship of the Goddess and in the noon of the fourth day immersed the image in

the water. After the immersion ceremony when he returned home, Khudiram said to him. "Now that the image has been immersed, you shall have to perform my last rites. I bless you that you may have unflinching devotion to Shri Rama. I am now worried about my youngest son." 5 ॥ 8

বঙ্গানুবাদ ঃ—

এইরূপ ভাবে রামচাঁদ তিন দিন দুঃখের সহিত দুর্গাপূজা করিয়া ৺বিজয়া দশমীর দিন প্রাতঃকালে দেবীর বিসর্জনের পর সেই সর্ব্বমঙ্গলা মৃন্ময়ী দুর্গা প্রতিমা জলমগ্ন করিয়া মধ্যাহ্নে আগত রামচাঁদকে দেখিয়া ক্ষুদিরাম কম্পিত স্বরে বলিয়া ছিলেন রামচাঁদ মা জগদম্বার প্রতিমা বিসর্জন করিলে! এইবার আমার শেষকৃত্য বিসর্জন কর ৫।৬।৭

আমি তোমাকে আশীর্বাদ করি তোমার পুর্ণব্রহ্মনারায়ণ ভগবান শ্রীরামচন্দ্রে মতি হউক। উপস্থিত আমার কনিষ্ঠ পুত্রের জন্যই বিশেষ চিন্তা। ৮

কুরু তস্য সুকল্যানং রঘুবীর দয়ানিধে।
ভবতঃ পাদয়োর্নস্য তং যামি ভবদন্তিকে ॥৯

কৃত্বা শয্যোত্থিতং মান্তু সমুত্তোল্যাতি যত্নতঃ।
শুদ্ধাসনে স্থাপয়িত্বা কুরু পদ্মাসনং মম ॥১০

তত্ক্ষণাত্তত্কৃতং তেন চোপবিশ্যাতি কৃচ্ছ্রতঃ।
অঞ্জলিং মস্তকেবদ্ধা শ্রীরামং ধ্যাতবান্ দ্বিজঃ ॥১১

ভবভয়হরমেকং ভানুকোটি প্রকাশং
করধৃত শরচাপং কালমেঘাবভাসম্।

आदिलीला ২য়: अ:।

कणकरुचिरवस्त्रं रत्नवत् कुण्डलाढ्यं
कमलविशदनेत्रं जानकी राममीड़े ॥१२

"Oh Raghubir, be pleased to protect him from all evils. Placing him at your feet, I leave this world. Please raise me up and make me seated in Padmasana." When it was so done, Khudiram meditated upon Sri Ramachandra with his folded hands placed on his forehead. "I pray to Sri Rama chandra, the consort of Janaki, having wide lotus like eyes, ear-ring studded with jewels, clothes emiting golden lustre, complexion of black clouds, hands holding bow and arrows and brilliance of million suns." ॥ 9 to 11 ॥

বঙ্গানুবাদ ঃ—

হে রঘুবীর তুমি আমার কনিষ্ঠ পুত্র গদাধরের সর্ব্বতোভাবে মঙ্গল বিধান কর। হে দয়ানিধি আপনার পাদপদ্মে আমার গদাধরকে সমর্পণ করিয়া আমি আপনার নিকটেই যাইতেছি।

॥ ৯ ॥

রামচাঁদ ; আমাকে শয্যা হইতে উঠাইয়া অতি সাবধানে ধারণ পূর্ব্বক অন্য একটি পবিত্র আসনে পদ্মাসন করিয়া বসাইয়া দাও।১০

রামচাঁদ তৎক্ষণাৎ সেইরূপে মাতুলকে বসাইলে ক্ষুদিরাম বহু কষ্টে বসিয়া মস্তকে অঞ্জলিবদ্ধ করিয়া ভগবান রামচন্দ্রকে এইরূপ ভাবে ধ্যান করিয়াছিলেন। ১১

হে ভবভয় নাশক কোটি সূর্য্যতুল্য জ্যোতিঃপুঞ্জ কর ধৃত্র ধনুর্ব্বাণ নূতন মেঘের মত দেহ বর্ণ মনোহর স্বর্ণবস্ত্র পরিধান কারী বহু

রত্নবিশিষ্ট কুন্তলশোভিত মা জানকীর সহিত একাসনে উপবিষ্ট পদ্ম পলাশলোচন শ্রীরামচন্দ্রের শেষ যাত্রাকালে শরণ লইলাম। ১২

राम' रामानुज' सीतां भरत' भरतानुज' ।
सुग्रीव' वायुसूनुञ्च प्रणमामि पुन: पुन: ॥१३

एव' ध्यात्वा गद्गदेन स्वरेण नेत्रवारिणा ।
आर्द्रीभूतो राम नाम रघूवीरस्य मङ्गलम् ॥१४

वदन् प्रारब्धजं देह' तत्याज पाञ्चभौतिक' ।
ततः शुद्धां भागवतीं सच्चिदानन्दरूपिनीं ॥१५

तनु' लब्धा गतो विप्र स्तद्विष्णोः परम' पद' ।
वैकुण्ठाख्य' पूर्ण ब्रह्म श्रीराम: सीतया सह ॥१६

"I bow down to Rama. Lakshmana, Sita Bharat, Satrughna, Sugriba, and Hanuman." Thus meditating on Sri Rama and Raghubir, he, left this mortal world. ॥ 13 to 16 ॥

বঙ্গানুবাদ :—

রামলক্ষণ, সীতা, ভরত শত্রুঘ্ন, সুগ্রীব ও বায়ুপুত্র হনুমানকে পুনঃ পুনর্ব্বার প্রণাম করি ॥ ১৩

এইরূপভাবে ক্ষুদিরাম শ্রীরাম চন্দ্রের ধ্যান ও প্রণামাদি করিয়া চক্ষের জলে বক্ষ ভাসাইয়া গদগদ স্বরে ভগবান রামচন্দ্রের তারক ব্রহ্মনাম রাম নাম বলিতে বলিতে প্রারব্ধ কর্ম্ম জনিত এই পার্থিব দেহ পরিত্যাগ করিয়া ভগদ্দেহ লাভ করিয়া সেই শুদ্ধ সচ্চিদানন্দময় দেহে ক্ষুদিরাম বিষ্ণুর পরমপদ অর্থাৎ বৈকুণ্ঠ লাভ করিয়া ছিলেন।

যে বৈকুণ্ঠে পূর্ণব্রহ্ম শ্রীরামচন্দ্র সীতার সহিত নিত্য বিরাজিত সেই স্থানে যাইয়া সীতা রামের সেবা লাভ করিয়াছিলেন। এইরূপ ভাবে ক্ষুদিরামের অত্যুত্তম আশ্চর্যরূপে মহাপ্রয়াণ হইয়াছিল।

॥ ১৪--১৭

विराजितौ यत्र तत्र तत्सेवां प्राप्तवान् द्विजः।
एवमद्भुत संयानमभूत्तस्योत्तमोत्तमं ॥१७

निशीथे शवदेहन्तु सङ्कीर्त्तन पुरःसरं।
नीत्वानद्यास्तीरभूमि मन्त्येष्टिं सुसमाप्य च ॥१८

पराह्ने शोकसन्तप्तः पुत्रो रामकुमारकः।
स्वगेहे पुनरागम्य पितुः स्वर्गति मुक्तवान् ॥१९

हाहारवैः पूर्णमासीत् कामार पुकुरस्तदा।
तद् ग्रामवासिनः सर्व्वे शोक-संविग्नमानसाः ॥२०

His dead body accompanied with the chanting of holy names was taken to the bank of the river and hts last rites were performed. Next day Ramkumar returned home and gave out the news of his father's death. The people of the village of Kamarpukur became very sad and lamented the death of Khudiram.

॥ 17 to 20 ॥

**বঙ্গানুবাদ ঃ**

ক্ষুদিরামের মৃত দেহ অর্দ্ধরাত্রে সঙ্কীর্ত্তন সহকারে নদী তীরে লইয়া যাইয়া শ্মশানক্রিয়া অর্থাৎ চিতাপিণ্ড ও দাহাদি করিয়া পর দিনে শোক সন্তপ্ত রামকুমার কামারপুকুরে পিতার স্বর্গলাভ প্রকাশ করিয়াছিলেন। ১৮ ॥ ১৯

কামার পুকুর নিবাসী জনগণ ক্ষুদিরামের মৃত্যু অবগত হইয়া শোক নিমগ্ন পূর্ব্বক স্নান আহার পরিত্যাগ করিয়া কেবল মাত্র হাহাকার রবে গ্রাম পরিপূর্ণ করিয়াছিলেন। ২০

বালবৃদ্ধযুবানশ্চ স্নানাহার বিবর্জ্জিতাঃ।
পিতুঃ প্রেতত্বমুক্ত্যর্থং স্বর্লোকগমনায় চ ॥২১

বৃষোৎসর্গঃ কৃতো রামচাঁদস্য সহযোগতঃ।
বেদজ্ঞ বহুবিপ্রাণাং দানমানাদিভিস্তথা ॥২২

পূজনং ভোজনং তত্র কারয়ামাস সুব্রতঃ।
পিতৃকৃত্যে সুসম্পন্নে শ্রীরামকুমারোপরি ॥২৩

সংসারভারঃ পতিতঃ কুলধর্ম্মানুসারতঃ।
তদা তন্মধ্যম ভ্রাতা শ্রীরামেশ্বর নামকঃ ॥২৪

With the help of Ramachand, the Sradh ceremony was performed under guidance and supervision of many bramhins well versed in the Vedas Thereafter Sri Ramkumar had to shoulder the burden of the family. ॥ 21 to 24 ॥

বঙ্গানুবাদ :—

পিতার প্রেতভাবের মুক্তি ও স্বর্গলোকে গমন কামনা করিয়া রামকুমার রামচাঁদের সাহায্যে বৃষোৎ সর্গশ্রাদ্ধ করিয়াছিলেন। সেই বৃষোৎসর্গ শ্রাদ্ধে পণ্ডিত রামকুমার বহু বেদজ্ঞ ব্রাহ্মণ পণ্ডিতগণকে দান ও সম্মানাদি দ্বারা তাঁহাদের তুষ্টি সাধন এবং ভোজন পূজন করাইয়াছিলেন পিতৃকৃত্য সুসম্পন্ন হইলে কুলধর্ম্মানুসারে জ্যেষ্ঠ

আদিলীলা ३য়ঃ অ: ।

ভ্রাতা রামকুমারের উপরই সংসার রক্ষার ভার সম্যকরূপে পড়িয়া ছিল। সেই সময়ে অষ্টাদশবর্ষ বয়স্ক স্মৃতি ও জ্যোতিষ শাস্ত্রে পারদর্শি পণ্ডিত রামেশ্বর নামে রামকুমারের মধ্যম ভ্রাতা এবং আট বৎসরের কনিষ্ঠ ভ্রাতা গদাধর নামে রামকুমারের ২টি ভ্রাতা ও মাতা স্ত্রী প্রভৃতি ছিলেন॥ ২১।২৫

अष्टादशवयःप्राप्तः स्मृतिज्योतिषपारगः ।
पितुर्वियोगसन्तप्तश्चाष्टवर्षो गदाधरः ॥२५
ज्ञातः साधारणैः किन्तु विशोकोऽयं गदाधरः ।
विद्याभ्यासे तदारभ्य प्रायेन यत्नहीनता ॥२६
निर्जनप्रियता चिन्ताशीलता परिलक्षिताः ।
राजोद्याने भूति खाले मोड़लस्य मृतालये ॥२७
उपविश्योर्द्ध दृष्टिः स सदाचिन्तापरोऽभवत् ।
शीतवर्षादिभिर्बालो न किञ्चिदपि चालितः ॥२८

Rameswar, the second son, who was at that time eighteen years old and well-versed in the Smriti and Jyotish shastras, was much bereaved. But the youngest son, Gadahar, did not appear to have been affected by any sense of bereavement. He was seen to be fond of lonelinees and thoughtfulness but careless of his studies. In the King's garden, or the crematory ground of Mondal, or by the Bhuti cannal he was often found to be sitting in a meditative mood with his eyes turned upwards. Neither cold nor rain could prevail upon him. ॥ 25 to 28॥

বঙ্গানুবাদ ঃ—

পিতার মৃত্যুর জন্য শোকাতুর গদাধরকে সাধারণ লোক সকল শোক মুক্ত বলিয়া মনে করিতেন। সেই সময় গদাধরের বিদ্যা শিক্ষায় যত্ন হীনতা নির্জন প্রিয়তা ও চিন্তা শীলতা পরিলক্ষিত হইয়াছিল। ২৬

রাজার বাগানে ভূতির খালে মোড়লের মহা শ্মশানে বসিয়া গদাধর উর্দ্ধ দৃষ্টি হইয়া সর্ব্বদা চিন্তাযুক্ত থাকিতেন।

শীত বর্ষা বা প্রখরতর রৌদ্র হইলেও গদাধর কিছু মাত্র বিচলিত হইতেন না। ২৭।২৮

दिवा किम्वा निशीयम्वा न जानाति गदाधर:।
धर्म्मदाससुतो वाल: श्रीगयाविष्णु नामक: ॥२९

वन्धुत्व मुभयोरासीन्नाम साहृश्यतस्तयो:।
ग्राममात्रं भोज्यद्रव्यं मिष्टान्नं वा फलादिकं ॥३०

अकृत्वा वन्धुसात् क्वापि न तदास्वादनं कृतम्।
पूर्णे तु नवमे वर्षे उपनीत्यर्थमुद्यम: ॥३१

कृतो रामकुमारेण भ्रातुर्गदाधरस्य हि।
श्रुत्वैवं स्वोपनयनं प्रोक्ता माता प्रतिश्रुति: ॥३२

Gadadhar had no sense of day and night. Gayavishnu, son of Dharmadas was his fast friend. Neither of them would eat anything without sharing it with the other. When Gadadhar became nine years old, Ramkumar began to make preparation for the sacred thread ceremony.

When he came to know of this he reminded his mother of his promise. 29 to 32

বঙ্গানুবাদ ঃ—

পরন্তু এইটি দিন কি রাত্রি কিছুই জ্ঞান থাকিত না। পিতৃ বন্ধু ধর্ম্মদাসের গয়া বিষ্ণু নামে একটি নাবালক পুত্র ছিল, গদাধর ও গয়া বিষ্ণুর নামের প্রায় সমতা বশতঃ পরস্পরের সহিত পরস্পরের বন্ধুত্ব হইয়াছিল। ২৯

খাদ্য দ্রব্য মিষ্টান্ন বা ফলমূলাদি পাইলে কেহ কখনও বন্ধুকে না দিয়া খাইত না। গদাধরের নবম বর্ষ পূর্ণ হইলে রামকুমার গদাধরের পৈতা বা উপনয়ন দিবার জন্য প্রস্তুত হইয়াছিলেন ৩০।৩১

গদাধর উপনয়ন হইবে শুনিয়া ধাত্রীমাতা ধনীকে যাহা পূর্ব্বে স্বীকার করিয়াছিলেন তাহা মাতা চন্দ্রাদেবীকে বলিয়াছিলেন। ৩২

या दत्ता ह्युपमात्रे च बालगदाधरेण वै ।
धनीनाम्न्युपमाता मे भिक्षामग्रे प्रदास्यति ॥३३

नोचेदहं न गृह्णामि यज्ञसूत्रं कदाचन ।
श्रुत्वारामकुमारस्तु दुःखितोऽभुद्विशेषतः ॥३४

वेदारम्भात् परं सूर्य्यं शूद्रं साधारणस्त्रियं ।
दिनत्रयं न द्रष्टव्यमिति शास्त्रस्य शासनम् ॥३५

शास्त्राचार परित्यागी स्वजनैर्निन्दितो भवेत् ।
तत्कर्म्मदिन पूर्व्वाह्ने धर्म्मदासे गृहागते ॥३६

He said,"I will not take the sacred thread, tf I am not allowed to take alms first from my midwife

named Dhani. At this Ramakumar became very sorry because after initiation to the Vedas a bramhin should not see the non-bramhins for three days, and any disregard of this rule would be condemned by all friends and relatives. When Dharmadas came up on the day previous to the day of ceremony, Ramakumar represented the matter before him for his decision. 33 to 36

বঙ্গানুবাদ ঃ—

ধনী নামে ধাত্রীমাতা আমার উপণয়নের সময় সর্ব্ব প্রথমে আমাকে ভিক্ষা দিবেন। ৩৩

তাহা না হইলে আমি কখনও যজ্ঞোপবীত ধারণ করিব না। রামকুমার গদাধরের এইরূপ কথা শুনিয়া অত্যন্ত দুঃখিত হইয়াছিলেন। ৩৪

কারণ ব্রহ্মচারী বেদারম্ভের পর সূর্য্য শূদ্র এবং সাধারণ স্ত্রীলোক কে ন্যূনকল্পে তিন দিন দেখিবেন না এইরূপই শাস্ত্রের আদেশ। ৩৫

শাস্ত্রোক্ত সদাচার না মানিলে সকলের নিকট নিন্দিত হইতে হয়। পরন্তু পাপ হয়। ৩৬

राजतुल्यो विद्वन्धी मीमांसाभार आह्वितः।
उक्तं रामकुमारेण शूद्रकन्या धनी कथं ॥३७

भिक्षां दास्यति सर्व्वाग्रे श्रुत्तं मातुःसमीपतः।
अतोऽत्र सुविधेयं यत् तदुपादिश नो वुधः ॥३८

प्राचीनः कर्म्मकुशलो भवान् वृद्धोऽति धार्म्मिकः।
श्रुत्वैवं सकलं रामकुमारमवदत्तदा ॥३९

आदिलीला ३य: अ: ।

यद्यप्यस्मिन्कुलेनास्ति शूद्रभिक्षा कदाचन ।
किन्तु ब्राह्मणपुत्रस्य बालकब्रह्मचारिणः ॥४०

Ramakumar said, "It is learnt from my mother that Dhani, a nonbramhin woman, will be the first to give alms to Gadahar. I place the matter before you for decision. At this Dharmadas said, "Even though this goes against the custom of of your family, it obtains very often elsewhere."
37 to 40

বঙ্গানুবাদ ঃ—

গদাধরের উপনয়নের পূর্ব্বদিনে মহাধনী পিতৃবন্ধু ধর্ম্মদাস রামকুমারের গৃহে উপস্থিত হইলে তাঁহার উপর এই বিষয়টির মীমাংসার ভার দিয়া রামকুমার বলিয়াছিলেন শূদ্রকন্যা ধনী সর্ব্বাগ্রে ব্রহ্মচারীকে ভিক্ষা দিবেন ইহা আমি মায়ের কাছে শুনিয়াছি অতএব এরূপ অবস্থায় আমাদের যাহা কর্ত্তব্য তাহা আপনি উপদেশ দিন।
৩৭।৩৮

যেহেতু আপনি ধার্ম্মিক বয়োবৃদ্ধ কর্ম্মকুশল ও পিতৃবন্ধু। ধর্ম্মদাস রামকুমারের এই সকল কথা শুনিয়া বলিয়াছিলেন যদ্যপি আপনাদের বংশে কখনও শূদ্রভিক্ষা হয় নাই। ৩৯

তথাপি ব্রাহ্মণ পুত্র বালক ব্রহ্মচারী বহুস্থলে শূদ্র ভিক্ষা গ্রহণ করেন ইহা আমি বহুবার প্রত্যক্ষ করিয়াছি। ৪০

बहुत्र शूद्रभिक्षाया ग्रहणं दृश्यते मया ।
प्रतिश्रुतेःपालनार्थं बालेच्छापूरणाय च ॥४१

अतोऽत्रशूद्रभिक्षाया न तादृग् दोष उच्यते ।
तन्मतेनैव सा साध्वी धनी श्रीब्रह्मचारिणि ॥४२

मेखलाजिन संयुक्त यज्ञसूत्र धराय च ।
विल्वदण्ड वंशदण्ड काष्ठ पादुका धारिणे ॥४३

मातर्भिक्षां प्रयच्छेति भिक्षार्थमुद्यताय च ।
दत्वा भिक्षां धनी माता प्रणम्य श्रीगदाधरम् ॥४४

"In this act of taking alms from a non-bramhin the question of any grave concern cannot arise specially when it is so done to keep a promise and also to fulfil the desire of a young boy. Accordingly Dhani, the mid-wife was allowed to give alms to Gadadhar on the day of the ceremony. ॥ 41 to 64 ॥

বঙ্গানুবাদ ঃ—

অতএব এস্থলে প্রতিশ্রুতি প্রতিপালন ও বালকের ইচ্ছা পূরণ জন্য শূদ্র ভিক্ষায় সেরূপ দোষাবহ বলিয়া মনে হয় না। ৪১।৪২
সেই ধর্ম্মদাস বাবুর মতানুসারে গদাধরের উপনয়নের সময় সাধ্বী ধনী নাম্নী ধাত্রীমাতা মুণ্ডিত মস্তক মেখলাজিন যুক্ত কাষ্ঠ পাদুকা যুগল ও গৈরিক বসন পরিহিত ব্রহ্মচারী গদাধর মাতা আমাকে ভিক্ষাদান করুন এইরূপ ভাবে ভিক্ষার ঝুলি উন্মুক্ত করিলে ধনীমাতা সর্ব্বাগ্রে গদাধরকে ভিক্ষা দান করিয়া এইরূপ ভাবে বলিয়াছিলেন।
৪৩।৪৪

आह चैवं कृतार्थाहं कृपया तव हे प्रभो ।
त्वमेव जगतां त्राता भगवान् विष्णुरव्ययः ॥४५
अतो हे त्वां नमस्यामि भुयोभूयो नमाम्यहं ।
सावित्रीग्रहणञ्चैवं सुसम्पन्न मलौकिकं ॥४६

आदिलीला ३यः अः।

श्रीरामकुमार एव वेदारम्भ मकारयत्।
ततः श्रीरघुवीरस्य शीतलाया घटस्य च। ४७

पूजनं सुष्टुभावेन कृतं गदाधरेण वै।
पूजाकाले भक्तिनिष्ठाभावार्द्रहृदयेन तु॥४८

After performance of the sacred thread ceremony, Ramkumar initiated Gadahar to the study of the Vedas, and made him worship Sri Raghubir and Goddess Sitala. 45 to 48

বঙ্গানুবাদ ঃ—

হে প্রভো আপনার কৃপায় আমি ধন্য হইলাম। তুমিই জগতের জীবের পরিত্রাণকারী সনাতন ভগবান নারায়ণ। ৪৫

অতএব তোমাকে নমস্কার করি পুনঃ পুনর্ব্বার তোমার চরণে অনন্ত কোটী নমস্কার করি। এই প্রকারে অলৌকিক ভাবে গদাধরের সাবিত্রী গ্রহণ বা উপনয়ন কার্য্য সুসম্পন্ন হইয়াছিল। ৪৬

গদাধরের জ্যেষ্ঠ ভ্রাতা রামকুমারই বেদারম্ভ গায়ত্রী দানাদি যাবদীয় কার্য্য করিয়াছিলেন। উপনয়নের পর গদাধর কুলদেবতা রঘুবীর ও শীতলা ঘটের সুন্দর ভাবে পূজা করিতেন। ৪৭।৪৮

साक्षात्कृत. समाधिना सच्चिदानन्द विग्रहः।
भावभावितचित्तेन यदुक्तं सत्यमेवतत्॥४९

तत्क्षणात्तद्भवत्येव दृष्ट्वा सर्व्वे सुविस्मिताः।
एकदा राजतुल्यानां बहुमानवतां सतां॥५०

आदिलीला ३यः अः ।

तेजो-बल-समृद्धानां   विप्रदेवत-मानिनां ।
प्रायेन  गृह-संलग्न सुदीर्घ मण्डपे शुभे ॥ ५१ ॥

दानसागर श्राद्धाह्ने सभा-शोभा-समायुते ।
स्वर्णरौप्य-मयैर्दान द्रव्यैस्तु बहु-विस्तरैः ॥ ५२ ॥

Whatever he would say in his divine mood, came to be true. All were surprised to witness this. Once, on the occasion of Dan-sagar (i.e. the sea of gifts) Sradh ceremony to be performed by a very rich man, great scholars and respectable guests gathered together and huge quantities of costly gifts were kept ready for distribution.

॥ 49 to 52 ॥

বঙ্গানুবাদ :—

পূজাকালীন ভক্তি নিষ্ঠা ও ভাব বিগলিত হৃদয় বশতঃ—সচ্চিদানন্দ ভগবদ্বিগ্রহ সাক্ষাৎ করিতেন। তজ্জন্য পূজাকালীন যাহাকে যাহা বলিতেন সেই সকল বিষয় তৎক্ষণাৎ কার্য্যে পরিণত হইত। তাহা দেখিয়া সকলে আশ্চর্য্যান্বিত হইত।৪৯

কোনও সময়ে রাজ তুল্য ধনী অত্যুচ্চ সম্মান সমন্বিত তেজো বল সমৃদ্ধি সম্পন্ন দেব-ব্রাহ্মণ-ভক্ত জমিদারগণের প্রায় গৃহ সংলগ্ন সুদীর্ঘ মণ্ডপে দানসাগর নামক শ্রাদ্ধ দিবসে বহুবিস্তর স্বর্ণরৌপ্যাদি দানীয় দ্রব্য বিশিষ্ট।৫।৫১।৫২

अत्युच्च  कलशै रत्नपात्रैश्च  परिपुरिते ।
बहवः पण्डितास्तत्र समासीना महाशयाः ॥ ५३ ॥

आदिलीला ३यः अः।

मीमांसान्याय स्मृत्यादि धर्मशास्त्र विशारदाः ।
नाना देशागतास्तैतु सशिष्य भृत्य वाहनाः ॥ ५४ ॥
तत्तच्छास्त्र विचारेषु निविष्टाः शुद्ध-बुद्धयः ।
तत्र कश्चिद् ब्राह्मणस्तु कुलीनो यष्टिधारकः ॥ ५५ ॥
कंङ्काल मात्र सारस्तु कम्पान्वित-कलेवरः ।
शूलव्याधि-समायुक्तः क्षीणकण्ठस्वरी युवा ॥ ५६ ॥

In that meeting, a young bramhin, who had been very much emaciated due to some incurable chronic disease, stood up supporting on a stick with a trembling body, and addressed the great pandits and said, with folded hands placed on his head. ॥ 53 to 56 ॥

বঙ্গানুবাদ ঃ—

অতি উচ্চ কলস ও অন্নপাত্রাদি বহুতর দ্রব্য শোভিত সভা মধ্যে ন্যায়স্মৃতি মীমাংসাদি ধর্ম্মশাস্ত্রবিশারদ পণ্ডিতগণ শিষ্য ভৃত্য যানবাহনাদিসহ এবং বহু দেশ দেশান্তর হইতে সমাগত বহুতর সম্ভ্রান্ত মহোদয়গণ সভা মধ্যে উপবিষ্ট হইলে নির্ম্মলান্তঃকরণ পণ্ডিতগণ শাস্ত্রবিচারে নিমগ্ন থাকিলে ।৫৩।৫৪

সেই সভা মধ্যে কোন একটি কঙ্কাল মাত্র সার কম্পান্বিত কলেবর শূল ব্যাধিগ্রস্ত ক্ষীণ কণ্ঠস্বর যষ্টিধারী যুবা কুলীন ব্রাহ্মণ মস্তকে অঞ্জলিবদ্ধপূর্ব্বক সভাস্থ পণ্ডিতবর্গকে বলিয়াছিলেন।৫৬।৫৭

मूर्द्धन्यञ्जलिं समारोप्य पण्डितानवदच्च तान् ।
भो भो ब्रह्मविदो विप्राः शृणुध्वं कृपया वचः ॥ ५७ ॥

आदिकाण्डे २य: अ: ।
विंशत्यधिक-वर्षाणि शूलरोग-प्रपीड़ितः ।
रोगमुक्ति र्न मे जाता सर्व-च्यौषधि सेवनात् ॥ ५८ ॥
पुत्र-पत्न्युपदेशेन सर्वरोग-विमुक्तिदम् ।
देव-देवं समासाद्य तारकेश्वरमीश्वरम् ॥ ५९ ॥
स्नान-पूजादिकां कृत्वा मन्दिरे पतितोऽह्यहम् ।
मरणं रोगमुक्तिं वा देहि मे तारकेश्वर ॥ ६० ॥

"Oh bramhins, please listen to what I have to say. I have been suffering from some incurable disease for the last twenty years. No medicine could cure me. At last according to the advice of my son and wife I went to the temple of Tarakeswar and lay there praying to Him for his grace.
॥ 57 to 60 ॥

বঙ্গানুবাদ ঃ—

হে বেদজ্ঞ ব্রাহ্মণগণ কৃপাপূর্ব্বক আমার বক্তব্য বিষয় শুনুন ।৫৭ আমি প্রায় বিশ বৎসরের অধিক কাল শূল রোগে বিশেষভাবে প্রপীড়িত হইতেছি। প্রধান প্রধান বৈদ্যগণের ঔষধ সেবনেও আমার রোগ মুক্তি হয় নাই ।৫৭।৫৮

সম্প্রতি পত্নীপুত্রাদির উপদেশ মত সর্ব্ব রোগ বিনাশক দেবাদিদেব ভগবান তারকেশ্বর মহাদেবের নিকটে যাইয়া স্নান ও পূজাদি করিয়া তাঁহার মন্দিরে আমি ভক্তিপূর্ব্বক পতিত হইয়া বলিয়াছিলাম হে তারকেশ্বর আমার রোগ-মুক্তি অথবা মৃত্যু দেন ॥৫৯।৬০

निश्चित्यैवं तदा किञ्चित् सुस्थतामुपलब्धवान् ।
निद्राविष्ट मनुप्राप्तो दृष्टवान् स्वप्नमुत्तमम् ॥ ६१ ॥

आदिकाण्डे ३यः अः ।

यथा मत्सन्निधौ कश्चिदायाति पुरुषोत्तमः ।
तत् पादुकाध्वनिं श्रुत्वा नेत्रमुन्मील्य दृष्टवान् ॥ ६२ ॥
सुवर्ण पादुका युक्ते तस्यैव चरणे शुभे ।
व्याघ्र चर्म्मावृत कटि स्तुन्दिलः शूलहस्तकः ॥ ६३ ॥
